
৮ ▶ একটি বাসায় 100 W – 220 V ও 200 W – 220 V লেখা দুটি বাতি প্রতিদিন পাঁচ ঘণ্টা জ্বলে। প্রতি ইউনিট বিদ্যুৎ শক্তির মূল্য 6 টাকা।

ক. আপেক্ষিক রোধ কাকে বলে? ১

খ. সিলিকনকে উত্তপ্ত করলে রোধ কমে যায় কেন? ২

গ. এপ্রিল মাসে ঐ বাসায় বিদ্যুৎ খরচ কত হবে? ৩

ঘ. বাতি দুটিকে শ্রেণিতে যুক্ত করলে উভয়ের ক্ষমতা সমান হবে কি-না? বিশ্লেষণ কর। ৪

৫৬ চট্টগ্রাম বোর্ড ২০২১

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ একটি স্লাইড ক্যালিপার্সের প্রধান স্কেলের ক্ষুদ্রতম 1 ঘরের মান 1 mm এবং প্রধান স্কেলের 19 ঘরের সমান ভার্নিয়ার স্কেলের 20 ঘর। উক্ত স্কেল দ্বারা বর্গাকার একটি বস্তুর দৈর্ঘ্যের পরিমাপ করা হলো। মূলস্কেলের পাঠ 15 mm, ভার্নিয়ার সমপাতন 16 এবং পরিমাপে ত্রুটি 5%।

ক. স্ক্রু গজের ন্যূনাঙ্ক কাকে বলে? ১

খ. ভিন্ন ভিন্ন দৈর্ঘ্যের পরিমাপে একই চূড়ান্ত ত্রুটি হলে যেটির দৈর্ঘ্য বেশি সেটির পরিমাপের সঠিকতা বেশি—ব্যাখ্যা কর। ২

গ. বর্গাকার বস্তুটির দৈর্ঘ্য নির্ণয় কর। ৩

ঘ. বর্গাকার বস্তুটির ক্ষেত্রফল নির্ণয়ে কত শতাংশ ত্রুটি হতে পারে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২ ▶ একজন ব্যাটসম্যান 250 gm ভরের একটি বলকে ব্যাট দিয়ে আঘাত করায় বলটি 40.5 J শক্তি লাভ করে খাড়া উপরের দিকে উঠে গেল। ঐ মুহূর্তে একজন ফিল্ডার 40 m দূর থেকে 10 ms^{-1} বেগে দৌড়ে এসে বলটি ধরার চেষ্টা করল।

ক. ঘূর্ণন গতি কাকে বলে? ১

খ. দোলনা একপ্রান্তে টেনে ছেড়ে দিলে অপর প্রান্তে পৌঁছানো পর্যন্ত শক্তির রূপান্তর ব্যাখ্যা কর। ২

গ. উপরের দিকে উঠার মুহূর্তে বলটির বেগ নির্ণয় কর। ৩

ঘ. ব্যাটসম্যানকে আউট করা সম্ভব হয়েছে কি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶

সময় (s)	0	1	2	3	4
বেগ (ms^{-1})	0	5	10	15	20

উপরের সারণিতে একটি গাড়ির বিভিন্ন সময়ে বেগ দেওয়া হলো।

ক. পড়ন্ত বস্তুর প্রথম সূত্রটি লিখ। ১

খ. উচ্চতা বাড়িয়ে কোনো নির্দিষ্ট বস্তুকে ছেড়ে দিলে পূর্বের চেয়ে বেশি জোরে ভূমিতে আঘাত করবে—ব্যাখ্যা কর। ২

গ. গাড়িটির উপর কৃতকাজ নির্ণয় কর। ৩

ঘ. সারণির সাহায্যে সরণ—সময় লেখচিত্র অঙ্কন করে গাড়িটির গতিবেগ বিশ্লেষণ কর। ৪

৪ ▶



ঝুলানো বস্তুর ভর 50 gm

ক. যান্ত্রিক শক্তি কাকে বলে? ১

খ. কোনো নির্দিষ্ট স্প্রিংকে যত বেশি সংকুচিত করতে চাও তত বেশি শক্তির প্রয়োজন—ব্যাখ্যা কর। ২

গ. B অবস্থানে বস্তুটির গতিশক্তি নির্ণয় কর। ৩

ঘ. A, B, C বিন্দুতে বস্তুর বেগের তুলনা কর। ৪

৫ ▶ তুমি একটি সমতল আয়নার সামনে দাঁড়িয়ে তোমার প্রতিবিম্ব দেখছিলে। তুমি লক্ষ করলে, তুমি যদি আয়নার দিকে এগিয়ে যাও তোমার প্রতিবিম্বও আয়নার দিকে এগিয়ে আসে। তোমার উচ্চতা 5 ফুট।

ক. আলোর প্রতিফলনের প্রথম সূত্রটি লিখ। ১

খ. এক্স-রে করার সময় আমরা এক্স রশ্মিটি দেখতে পাইনা কেন? ব্যাখ্যা কর। ২

গ. তোমার প্রতিবিম্বের বিবর্ধন নির্ণয় কর। ৩

ঘ. প্রতিবিম্বটি আয়নার দিকে এগিয়ে আসার কারণ রশ্মিচিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ৪

৬ ▶



চিত্র : বর্তনী

ক. রিওস্টেট কাকে বলে? ১

খ. কোনো নির্দিষ্ট পরিবাহী তারের আপেক্ষিক রোধ কীভাবে বৃদ্ধি করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. বর্তনীর তুল্যরোধ নির্ণয় কর। ৩

ঘ. R_3 ও R_4 এর বিভব পার্থক্য সমান হবে কি? গাণিতিকভাবে মতামত দাও। ৪

৭ ▶ তমালের বাসায় 70 ওয়াটের 3টি ফ্যান এবং 20 ওয়াটের 5টি বাতি আছে। প্রতিদিন 15 ঘণ্টা করে ফ্যান এবং 8 ঘণ্টা করে বাতি চালানো হয়। তার বাসার বিদ্যুৎ ব্যবস্থা 220 V বিদ্যুৎ সরবরাহ লাইনের সাথে সংযুক্ত।

ক. এক কিলোওয়াট-ঘণ্টা কাকে বলে? ১

খ. দূর দূরান্তে বিদ্যুৎ পরিবহনের ক্ষেত্রে কিছু বিদ্যুৎ শক্তি অপচয় হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. একটি বাতির রোধ নির্ণয় কর। ৩

ঘ. তমালের বাসায় একমাসে ফ্যান ও বাতির জন্য মোট কত ইউনিট বিদ্যুৎ শক্তি খরচ হবে? বিশ্লেষণ কর। ৪

৮ ▶ তুমি ও তোমার বন্ধু দুটি ভিন্নধর্মী আয়না হতে 15 cm দূরে দাঁড়ানোর পর দেখা গেল তোমার বিম্ব আয়নার সামনে 15 cm দূরে রাখা পর্দায় গঠিত হলো কিন্তু তোমার বন্ধুর বিম্ব একই দূরত্বে হলেও কোনোভাবেই পর্দায় ফেলা গেল না।

ক. বিবর্ধন কাকে বলে? ১

খ. গাড়ির সাইডভিউ মিরর হিসেবে উত্তল আয়না ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. প্রথম দর্পণটির ফোকাস দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. তোমাদের দুজনের বিম্ব দুধরনের হওয়ার কারণ রশ্মিচিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ৪

৫৭ সিলেট বোর্ড ২০২১

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ পদার্থবিজ্ঞানের শিক্ষক পরীক্ষাগারে ছাত্রদের নিয়ে দুটি যান্ত্রিক ত্রুটিহীন স্লাইড ক্যালিপার্সের সাহায্যে একটি তারের ব্যাস নির্ণয় করতে গিয়ে ১ম যন্ত্রে মূল স্কেলের পাঠ পেলেন 1.6 cm; তারের ব্যস পেলেন ১ম ও ২য় যন্ত্রে যথাক্রমে 1.65 cm এবং 1.655 cm। ছাত্ররা শিক্ষককে মানের ভিন্নতার কারণ জানতে চাইলে তিনি তা ব্যাখ্যা করে বুঝিয়ে দেন। ১ম ও ২য় স্কেলে ভার্নিয়ার ভাগসংখ্যা যথাক্রমে 10 ও 20।

ক. স্ক্রুয়ের পিচ কাকে বলে? ১

খ. পরিমাপের এককের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

গ. ১ম স্লাইড ক্যালিপার্সের ক্ষেত্রে ভার্নিয়ার সমপাতন নির্ণয় কর। ৩

ঘ. যন্ত্র দুটিতে পাঠের ভিন্নতার কারণ বিশ্লেষণ কর। ৪

২ ▶ একটি গাড়ির সময়ের সাথে প্রাপ্ত বেগের সারণি নিম্নরূপ :

সময় (s)	0	20	40	60	80	100	120
বেগ (ms^{-1})	0	4	8	12	12	6	0

ক. পর্যায়বৃত্ত গতি কাকে বলে? ১

খ. কোনো বস্তুর গড় বেগ শূন্য হলেও গড় দ্রুতি শূন্য নাও হতে পারে—ব্যাখ্যা কর। ২

গ. গাড়িটি প্রথম 1 মিনিট 20 সেকেন্ডে কত দূরত্ব অতিক্রম করবে নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের তথ্যের ভিত্তিতে বেগ– সময় লেখচিত্র আঁক এবং গতির বিভিন্ন অবস্থা ব্যাখ্যা কর। ৪

৩ ▶ 1 kW ক্ষমতা ও 70% কর্মদক্ষতাবিশিষ্ট একটি মোটর 30 m উচ্চতায় পানি উত্তোলন করতে ব্যবহৃত হয়। অপর দিকে 2 kW ক্ষমতাবিশিষ্ট একটি মোটর 2 মিনিটে 1000 kg ভরের পানি 10 m উচ্চতায় উঠাতে সক্ষম।

ক. গতিশক্তি কাকে বলে? ১

খ. একটি বৈদ্যুতিক পাওয়ার স্টেশনের ক্ষমতা 200 MW বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. প্রথম মোটরটি 5 মিনিটে কতটুকু পানি উত্তোলন করতে পারে? ৩

ঘ. পানি উত্তোলনের কাজে তুমি কোন মোটরটি নির্বাচন করবে?—তোমার মতামত ব্যাখ্যা কর। ৪

৪ ▶ চিত্র দেখ এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. নবায়নযোগ্য শক্তি কাকে বলে? ১

খ. ভর ও শক্তির সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. উপরে বর্ণিত শক্তি কীভাবে নির্গত হয়– বর্ণনা কর। ৩

ঘ. বর্ণিত শক্তি ব্যবহারে ক্ষতিকর প্রভাব এবং কীভাবে আমরা সেগুলো থেকে নিরাপদ থাকতে পারি? বর্ণনা কর। ৪

৫ ▶ একজন দৌড়বিদ স্থির অবস্থান থেকে 0.05 ms^{-2} সমত্বরণে 150 m দূরে অবস্থিত নির্দিষ্ট গন্তব্যের উদ্দেশ্যে যাত্রা শুরু করে। অপর একজন দৌড়বিদ প্রথম দৌড়বিদের 50 m সামনে থেকে 2 ms^{-1} সমবেগে একই গন্তব্যের দিকে যাত্রা শুরু করে।

ক. ভার্নিয়ার ধ্রুবক কাকে বলে? ১

খ. ত্বরণসমবেগে চলমান কোনো বস্তুর ত্বরণ থাকে না"—ব্যাখ্যা কর। ২

গ. ১ম দৌড়বিদের কত দূরত্ব অতিক্রমের পর উভয় দৌড়বিদের বেগ সমান হবে? ৩

ঘ. দু'জনের মধ্যে কোন দৌড়বিদ আগে গন্তব্যে পৌঁছাবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬ ▶



ক. ব্যাপ্ত প্রতিফলন কাকে বলে? ১

খ. অবাস্তব প্রতিবিম্ব দ্বারা কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. চিত্রের তথ্য ব্যবহার করে রৈখিক বিবর্ধন নির্ণয় কর। ৩

ঘ. উল্লিখিত বস্তুটিকে উপরের দর্পণের 0.2 cm সামনে রাখা হলে, কীরূপ প্রতিবিম্ব গঠিত হবে? রাশ্মিচিত্রের সাহায্যে বর্ণনা কর। ৪

৭ ▶ চিত্র দেখ এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. তড়িৎ চালক শক্তি কাকে বলে? ১

খ. বিদ্যুতের সিস্টেম লস বলতে কী বোঝায়? ২

গ. যদি $R_1 = R_2 = R_3 = 5\ \Omega$ এবং প্রদত্ত তড়িৎ বিভব 7.5 volt হয় তাহলে বর্তনীতে বিদ্যুৎ প্রবাহের মান কত হবে– নির্ণয় কর। ৩

ঘ. উপরের বর্তনীতে প্রয়োজনীয় সুইচ ও ফিউজ ব্যবহার করে বাসাবাড়ির উপযোগী বর্তনীচিত্র অংকন কর এবং উপযোগিতা ব্যাখ্যা কর। ৪

৮ ▶ নবনির্মিত বাসাবাড়ির একটি কক্ষে বিদ্যুৎ সংযোগের জন্য টেকনিশিয়ান যে সকল বৈদ্যুতিক উপকরণের চাহিদা দিয়েছেন, তা নিম্নরূপ :

১। থ্রি-পিন সকেট ২টি ২। টু-পিন সকেট ২টি
৩। সুইচ ৪টি ৪। বাতি ২টি (প্রতিটি 25 W)
৫। ফ্যান ১টি ৬। বৈদ্যুতিক তার।

ক. অর্ধ-পরিবাহী পদার্থ কাকে বলে? ১

খ. কোষের তড়িচ্চালক শক্তি বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. বাতি দু'টি একত্রে 4 ঘণ্টা ব্যবহার করলে, কী পরিমাণ বিদ্যুৎ শক্তি ব্যয় হবে? নির্ণয় কর। ৩

ঘ. উল্লিখিত উপকরণগুলো ব্যবহার করে বর্তনীর নকশা অঙ্কন কর। ৪

৫৮ বরিশাল বোর্ড ২০২১

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ নিচের চিত্র দুটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্র ১ : ঘনবস্তু



চিত্র ২ : নিরেট বল

ক. ভার্নিয়ার ধ্রুবক কাকে বলে? ১

খ. স্লাইড ক্যালিপার্সে ভার্নিয়ার স্কেল কেন ব্যবহার করা হয়? ২

গ. উদ্দীপকের নিরেট বলটিকে ঘনবস্তুটির ভেতর প্রবিষ্ট করানো হলে ঘনবস্তুর ভেতরের খালি অংশের আয়তন কত হবে? ৩

ঘ. উদ্দীপকের উভয় চিত্রের বস্তুগুলোকে মিটার স্কেলের সাহায্যে পরিমাপ করা যাবে কি-না যুক্তিসহকারে ব্যাখ্যা কর। ৪

২ ▶ নিচে একটি গতিশীল গাড়ির বেগ – সময় তথ্য দেওয়া হলো :

সময় (sec)	0	5	10	15	20	25	30	35	40
বেগ (m/sec)	0	5	10	15	20	20	20	15	10

ক. সমত্বরণ কাকে বলে? ১

খ. ভেক্টর রাশিকে প্রকাশ করার জন্য মান ও দিকের প্রয়োজন হয় কেন? ২

গ. গাড়িটির প্রথম 30 sec এ অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. উপরের ছক হতে ত্বরণ বনাম সময় লেখ অঙ্কন করে ত্বরণের প্রকৃতি বিশ্লেষণ কর। ৪

৩ ▶ 10 kW ও 8 kW ক্ষমতার দুটি তড়িৎ মোটর 20 m উঁচু বাড়ির ছাদে যথাক্রমে 400 kg রড ও 1000 লিটার পানি 30 s এ তুলতে পারে।

ক. বিভবশক্তি কাকে বলে? ১

খ. বায়োমাসকে নবায়নযোগ্য জ্বালানি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. ১ম মোটর দ্বারা কৃতকাজ বের কর। ৩

ঘ. মোটর দুটির মধ্যে কোনটির কর্মদক্ষতা বেশি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ সুমন 10 kg ভরের একটি বস্তুকে 20 m উচ্চতায় নিক্ষেপ করার জন্য একটি স্প্রিং সংগ্রহ করেছে। স্প্রিংটির উপর 800 J কাজ করায় 8 cm সংকুচিত হলো, কিন্তু স্প্রিংটি বস্তুটিকে ঐ উচ্চতায় নিতে পারলো না। তখন স্প্রিংটিকে আরও সংকুচিত করল যেন বস্তুটিকে ঐ উচ্চতায় নিক্ষেপ করতে পারে।

ক. কর্মদক্ষতা কাকে বলে? ১

খ. ভরবেগ এবং গতিশক্তির মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. স্প্রিংটির উপর কৃতকাজ যদি বস্তুর উপর করা হয় তবে বস্তুটি ভূমির সমান্তরালে কত দূরত্ব অতিক্রম করবে নির্ণয় কর। [বস্তুর উপর প্রযুক্ত বল 20 N] ৩

ঘ. স্প্রিংটিকে কতটুকু সংকুচিত করলে সুমন বস্তুটিকে ঐ উচ্চতায় নিক্ষেপ করতে পারবে? গাণিতিক বিশ্লেষণ দাও। ৪

৫ ▶ নিচের উদ্দীপকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. বিম্ব কাকে বলে? ১

খ. আমরা যেকোনো তরঙ্গ দৈর্ঘ্যের আলো দেখতে পাই না কেন? ২

গ. দর্পণটির রৈখিক বিবর্ধন 1.5 হলে বিম্বের দৈর্ঘ্য কত মিটার? ৩

ঘ. লক্ষ্যবস্তুকে ফোকাস এবং মেরুর মধ্যে রাখা হলে প্রতিবিম্বের অবস্থান, প্রকৃতি ও আকৃতি রশ্মিচিত্রের সাহায্যে বিশ্লেষণ কর। ৪

৬ ▶ একটি কক্ষে বিদ্যুৎ সংযোগের জন্য উপকরণ হিসেবে 75 W এর একটি ফ্যান, 60 W এর একটি বাল্ব, 500 W এর একটি ফ্রিজ এবং 5A এর একটি ফিউজ আনা হলো। কক্ষটি 220 V এর বৈদ্যুতিক লাইনের সাথে যুক্ত হবে।

ক. ওহ্মের সূত্রটি বিবৃত কর। ১

খ. বিভব পার্থক্য এবং তড়িচ্চালক শক্তির মধ্যে পার্থক্য লিখ। ২

গ. ফ্যানের মধ্য দিয়ে প্রবাহিত বিদ্যুতের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের উপকরণগুলো ব্যবহার করে বাড়ির একটি কক্ষের বর্তনীর চিত্র অঙ্কন করে এর উপযোগিতা ব্যাখ্যা কর। ৪

৭ ▶



ক. বিভব পার্থক্য কাকে বলে? ১

খ. তড়িতের সিস্টেম লস কেন হয়? ব্যাখ্যা কর। ২

গ. B ও C বিন্দুর বিভব পার্থক্য নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের বর্তনীর রোধগুলোকে কীভাবে সাজালে তুল্যরোধ 10 Ω হবে? বর্তনী অঙ্কন করে গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৮ ▶ একজন বালক 2 kg ভরের একটি বস্তুকে 9.8 ms^{-1} বেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ করলে সর্বোচ্চ উচ্চতায় উঠে বস্তুটি ভূপৃষ্ঠে পতিত হয়।

ক. গড় দ্রুতি কাকে বলে? ১

খ. জ্ঞসরণ বস্তুর গতিপথের উপর নির্ভর করে না"—ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের বস্তুটি সর্বোচ্চ কত উচ্চতায় উঠবে? ৩

ঘ. ঐ বস্তুটিকে উদ্দীপকের অর্ধেক আদিবেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ করলে শক্তির নিত্যতার সূত্রের আলোকে উদ্দীপকের ঘটনাটি ব্যাখ্যা কর। ৪

৫৯ ✓ দিনাজপুর বোর্ড ২০২১

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ স্লাইড ক্যালিপার্সের সাহায্যে একটি দণ্ডের দৈর্ঘ্য পরিমাপ করে প্রধান স্কেল পাঠ 9.9 cm এবং ভার্নিয়ার সমপাতন 12 পাওয়া গেল। অপর একটি ঘনকের ধারের দৈর্ঘ্য 5 cm পাওয়া গেল। যন্ত্রটির ভার্নিয়ার ধ্রুবক 0.05 mm.

ক. ন্যূনাঙ্ক কাকে বলে? ১

খ. দৈর্ঘ্যের সূক্ষ্ম ও নির্ভুল পরিমাপের জন্য কী ধরনের স্কেল ব্যবহার করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে দণ্ডটির প্রকৃত দৈর্ঘ্য নির্ণয় কর। ৩

ঘ. ঘনকের দৈর্ঘ্য পরিমাপে 5% আপেক্ষিক ত্রুটি থাকলে ঘনকের এক পৃষ্ঠের ক্ষেত্রফল পরিমাপে শতকরা কী পরিমাণ আপেক্ষিক ত্রুটি বিদ্যমান থাকবে? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

২ ▶ 'ক' বস্তুটি স্থির অবস্থান হতে 5 ms^{-2} সুষম ত্বরণে চলছে এবং একই দিকে 'খ' বস্তুটি 30 m পেছন হতে 108 km/h সুষম বেগে চলছে।

ক. দ্রুতি কাকে বলে? ১

খ. বস্তুর ত্বরণ শূন্য হলে বেগ কিরূপ হবে? ব্যাখ্যা কর। ২

গ. যাত্রা শুরুর কত সময় পর গাড়ি দুটির বেগ সমান হবে? নির্ণয় কর। ৩

ঘ. যাত্রাপথে বস্তু দুটি একাধিকবার মিলিত হতে পারে কি-না? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ 500 gm ভরের একটি আম 10 m উচ্চতায় একটি আমগাছে ঝুলছে। আমটি বৃন্তচ্যুত হয়ে 3 m অতিক্রম করার পর কোনো স্থানে আটকে গেল।

ক. ক্ষমতা কাকে বলে? ১

খ. বায়োগ্যাসকে নবায়নযোগ্য শক্তির উৎস বলার কারণ ব্যাখ্যা কর। ২

গ. আটকে পড়া অবস্থায় আমটির বিভবশক্তি নির্ণয় কর। ৩

ঘ. আমটি বৃন্তচ্যুত হয়ে মুক্তভাবে ভূপৃষ্ঠে পড়লে শক্তির সংরক্ষণশীল নীতিকে সমর্থন করে কি-না? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৪ ▶ চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :



AB একটি লক্ষ্যবস্তু

ক. আলোর প্রতিফলন কাকে বলে? ১

খ. সিনেমার পর্দা অসমৃণ ও সাদা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. বস্তুর বিম্বের দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. দর্পণের মেরু হতে 6 cm এবং 18 cm দূরে লক্ষ্যবস্তু স্থাপন করলে বিম্বের প্রকৃতি একই হবে কি-না? চিত্র এঁকে বিশ্লেষণ কর। ৪

৫ ▶ চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :



$R_1 = R_2 = 5\ \Omega$, $R_3 = 5\ \Omega$ এবং $R_4 = 15\ \Omega$

ক. সার্কিট কাকে বলে? ১

খ. বাসাবাড়িতে সমান্তরাল বর্তনী ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. চিত্রটির মূল তড়িৎ প্রবাহ নির্ণয় কর। ৩

ঘ. বর্তনীটি প্রতিদিন 5 ঘণ্টা করে চালালে 30 দিনে কত ইউনিট বিদ্যুৎ শক্তি ব্যয় হবে? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৬ ▶ একজন ব্যাটসম্যান একটি ক্রিকেট বলকে আঘাত করায় বলটি ভূপৃষ্ঠে বাধা পেয়ে 90 km/h বেগে উপরের দিকে উঠে গেলো। একজন ফিল্ডার পড়ন্ত বলটিকে ধরার জন্য 5 s দৌড়ালো।

ক. ত্বরণ কাকে বলে? ১

খ. দোলায়মান দোলনার গতি কোন ধরনের গতি? ব্যাখ্যা কর। ২

গ. ক্রিকেট বলটি ভূপৃষ্ঠ হতে সর্বোচ্চ কত উচ্চতায় উঠেছিল? নির্ণয় কর। ৩

ঘ. ফিল্ডার বলটি ধরতে পারবে কি-না গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৭ ▶ একটি তড়িৎ মোটর 20 m গভীর থেকে 2 মিনিটে 1500 লিটার পানি তুলতে পারে। তড়িৎ মোটরের কর্মদক্ষতা 60%।

ক. এক জুল কাকে বলে? ১

খ. নিউক্লিয় শিকল বিক্রিয়া চিত্র এঁকে ব্যাখ্যা কর। ২

গ. তড়িৎ মোটরের কার্যকর ক্ষমতা নির্ণয় কর। ৩

ঘ. তড়িৎ মোটরের কর্মদক্ষতা 15% বৃদ্ধি করলে 1.5 মিনিটে সমপরিমাণ পানি তোলা সম্ভব কি-না তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶ চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. ওহমের সূত্রটি লিখ। ১

খ. একই উপাদানের সমদৈর্ঘ্যের পরিবাহীর রোধ ভিন্ন হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. চিত্রের BD অংশের তুল্যরোধ নির্ণয় কর। ৩

ঘ. চিত্রটির AB ও CD অংশের বিভব পার্থক্য একই হবে কি-না? যৌক্তিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬০ ✓ ময়মনসিংহ বোর্ড ২০২১

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট | **পদার্থবিজ্ঞান ♥ সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ একজন ছাত্র তার জ্যামিতি বক্সটি একটি স্কেলের সাহায্যে মেপে শিক্ষককে বলল এর দৈর্ঘ্য 20.63 সে.মি.। শিক্ষক বললেন এই পরিমাপ সঠিক নাও হতে পারে। সঠিক পরিমাপের জন্য শিক্ষক তাকে 0.002 সে.মি. ভার্নিয়ার ধ্রুবক বিশিষ্ট ভার্নিয়ার স্কেল ব্যবহার করতে বলেন।

ক. স্ক্রুগজের ন্যূনাঙ্ক কাকে বলে? ১

খ. সঠিক পরিমাপের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ভার্নিয়ার স্কেলের কতভাগ প্রধান স্কেলের কতভাগের সমান নির্ণয় কর। ৩

ঘ. ছাত্রটির দৈর্ঘ্য পরিমাপ সঙ্গতিপূর্ণ ছিল কি-না—যুক্তিসহ মতামত দাও। ৪

২ ▶ একটি গতিশীল মোটর সাইকেলের বেগ ও সময়ের সারণি নিম্নরূপ—

বেগ (ms^{-1})	2	4	6	6	3
সময় (s)	0	10	20	30	40

ক. পর্যায়বৃত্ত গতি কাকে বলে? ১

খ. দ্রুতির পরিবর্তন হলেও বেগের পরিবর্তন নাও হতে পারে—ব্যাখ্যা কর। ২

গ. মোটর সাইকেলের 15 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের তথ্যের আলোকে লেখচিত্র অঙ্কন করে এর ত্বরণ বিশ্লেষণ কর। ৪

৩ ▶ 200 g ভরের একটি ক্রিকেট বলকে 40 ms^{-1} বেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ করা হলো। ঠিক ঐ মুহূর্তে 2 kg ভরের অপর একটি বস্তুকে 150 m উঁচু স্থান থেকে ফেলে দেওয়া হলো।

ক. মন্দন কাকে বলে? ১

খ. জ্যস্পন্দন গতি এক ধরনের পর্যায়বৃত্ত গতি"—ব্যাখ্যা কর। ২

গ. ক্রিকেট বলটির বিচরণকাল নির্ণয় কর। ৩

ঘ. ভূপৃষ্ঠ হতে কত উচ্চতায় বস্তু দুটি মিলিত হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ 0.5 বিবর্ধনের একটি আয়নার সামনে 5 cm দৈর্ঘ্যের একটি লক্ষ্যবস্তু রাখা নিচের চিত্রে দেখানো হলো।



ক. প্রতিবিম্ব কাকে বলে? ১

খ. সবুজ আলোতে আম গাছের পাতাকে সবুজ কিন্তু পাকা আমকে কালো দেখায় কেন? ২

গ. উদ্দীপকের লক্ষ্যবস্তুর বিম্বের দৈর্ঘ্য নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের লক্ষ্যবস্তুর জন্য বিম্বের অবস্থান কোথায়, কীরূপ হবে? রশ্মি চিত্র এঁকে বিশ্লেষণ কর। ৪

৫ ▶



M বিন্দুতে বস্তুর গতিশক্তি 180 J

ক. কর্ম দক্ষতা কাকে বলে? ১

খ. বায়োমাসকে নবায়নযোগ্য জ্বালানি বলা হয় কেন? ২

গ. M অবস্থানে বস্তুটির বেগ নির্ণয় কর। ৩

ঘ. A অবস্থান থেকে বস্তুটিকে মুক্তভাবে ছেড়ে দিলে B ও C বিন্দুতে বস্তুটির বিভবশক্তি ও গতিশক্তির পরিবর্তনের গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

৬ ▶ একটি কক্ষে বিদ্যুৎ সংযোগের জন্য উপকরণ হিসেবে 75 W এর একটি ফ্যান, 60 W এর একটি বাল্ব, 500 W এর একটি ফ্রিজ এবং 5 A এর একটি ফিউজ আনা হলো। কক্ষটি 220 V এর বৈদ্যুতিক লাইনের সাথে যুক্ত হবে।

ক. ওহমের সূত্রটি বিবৃত কর। ১

খ. তাপমাত্রা বৃদ্ধি করলে পরিবাহীর পরিবাহকত্ব কমে যায় কেন? ২

গ. ফ্যানের মধ্য দিয়ে প্রবাহিত বিদ্যুতের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের উপকরণগুলো ব্যবহার করে বাড়ীর একটি কক্ষের বর্তনীর চিত্র অঙ্কন করে এর উপযোগিতা ব্যাখ্যা কর। ৪

৭ ▶



ক. অর্ধ-পরিবাহী কাকে বলে? ১

খ. তড়িচ্চালক শক্তি এবং বিভব পার্থক্যের মধ্যে পার্থক্য লিখ। ২

গ. যদি R_1 রোধের তারের ব্যাসার্ধ 0.1 mm এবং আপেক্ষিক রোধ 1.7×10^{-8} Ω-m হয় তাহলে এর দৈর্ঘ্য কত হবে? ৩

ঘ. উদ্দীপকের বর্তনীর প্রতিটি রোধের মধ্য দিয়ে প্রবাহিত তড়িৎ একই না ভিন্ন হবে গাণিতিক যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৮ ▶ শামীম 10 kg ভরের একটি বস্তুকে 20 m উচ্চতায় নিক্ষেপ করার জন্য একটি স্প্রিং সংগ্রহ করেছে। স্প্রিংটির উপর 800 J কাজ করায় তা 8 cm সংকুচিত হলো। কিন্তু স্প্রিংটি বস্তুটিকে ঐ উচ্চতায় নিতে পারল না। তখন শামীম স্প্রিংটিকে আরও সংকুচিত করল যেন বস্তুটিকে ঐ উচ্চতায় নিক্ষেপ করতে পারে।

ক. শক্তির নিত্যতা সূত্রটি লিখ। ১

খ. ভরবেগ এবং গতিশক্তির মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. স্প্রিংটির উপর কৃতকাজ যদি বস্তুর উপর করা হয় তবে বস্তুটি ভূমির সমান্তরালে কত দূরত্ব অতিক্রম করবে তা নির্ণয় কর। [বস্তুর উপর প্রযুক্ত বল 20 N] ৩

ঘ. স্প্রিংটিকে কতটুকু সংকুচিত করলে শামীম বস্তুটিকে ঐ উচ্চতায় নিক্ষেপ করতে পারবে? গাণিতিক বিশ্লেষণ দাও। ৪

ক-সেট

৬১ ঢাকা বোর্ড ২০২০

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ একজন শরবত বিক্রেতা গরমের সময় 15 °C তাপমাত্রার শরবত তৈরির জন্য 35 °C তাপমাত্রার 20 kg পানিতে0 °C তাপমাত্রার কিছু পরিমাণ বরফ মিশায়। [বরফ গলনের আপেক্ষিক সুপ্ততাপ 3,36,000 J kg^{-1}, পানির আপেক্ষিক তাপ 4200 J kg^{-1} K^{-1}]

ক. দৈর্ঘ্য প্রসারণ সহগ কাকে বলে? ১

খ. একটি গ্লাস ও একটি বালতির ভিতরে একই পরিমাণ পানি রাখলে কোনটির পানি দ্রুত বাষ্পায়িত হবে? ২

গ. পানি ও শরবতের শব্দের বেগের অনুপাত নির্ণয় কর। ৩

ঘ. উক্ত মিশ্রণের তাপমাত্রায় লোকটি শরবত তৈরিতে 6 kg বরফ ব্যবহার করলে সম্পূর্ণ বরফ গলবে কি-না– গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২ ▶ মিনার দাদীর চোখের লেন্সের ক্ষমতা কমে যাওয়ার কারণে চশমা ব্যবহার শুরু করলেন। চশমার কাচের উপাদানের প্রতিসরণাঙ্ক 1.56।

ক. দর্পণের প্রধান অক্ষ কাকে বলে? ১

খ. সিনেমার পর্দা সাদা থাকে কেন? ব্যাখ্যা কর। ২

গ. চশমার উপাদানের ক্রান্তিকোণ নির্ণয় কর। ৩

ঘ. মিনার দাদীর চোখের সমস্যার কারণ, ফলাফল এবং প্রতিকার রশ্মিচিত্রের সাহায্যে বর্ণনা কর। ৪

৩ ▶ একটি ইটের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে 25 cm, 12 cm এবং 6 cm। ইটটির ভর 2.25 kg। পানির ঘনত্ব 1000 kg m^{-3}. [$g = 9.8\ m\ s^{-2}$]

ক. হুকের সূত্রটি লিখ। ১

খ. প্রচণ্ড রোদে পুকুরের উপরের ও নিচের পানির ঘনত্বের তারতম্য হয় কেন? ২

গ. ইটটি ভূ-পৃষ্ঠে সর্বোচ্চ কত চাপ প্রয়োগ করবে তা নির্ণয় কর। ৩

ঘ. ইটটির সাথে সমআয়তনের এবং 400 kg m^{-3} ঘনত্বের একটি কাঠের টুকরা জোড়া লাগিয়ে পানিতে ছেড়ে দিলে এটি পানিতে ভাসবে না ডুবে যাবে তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ বেগ-সময় লেখচিত্রে প্রথম গাড়ির জন্য OAB এবং দ্বিতীয় গাড়ির জন্য CD রেখা পাওয়া গেল।



ক. পর্যাবৃত্ত গতি কাকে বলে? ১

খ. ভিন্ন ভরের দুটি বস্তুর উপর একই পরিমাণ বল প্রয়োগ করলে তাদের অতিক্রান্ত দূরত্ব সমান হয় না কেন? ২

গ. প্রথম গাড়ির ত্বরণ নির্ণয় কর। ৩

ঘ. 30 s-এ কোন গাড়িটি বেশি দূরত্ব অতিক্রম করবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶ বিদ্যালয়ের বিভিন্ন অনুষ্ঠানে 'A' ও 'B' এর দুটি ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করা হয়। 'A' যন্ত্রটি শব্দ শক্তিকে তড়িৎ শক্তিতে এবং 'B' যন্ত্রটি তড়িৎ শক্তিকে শব্দ শক্তিতে রূপান্তর করতে পারে।

ক. সলিনয়েড কাকে বলে? ১

খ. দূর-দূরান্তে তড়িৎ প্রেরণে স্টেপ আপ ট্রান্সফরমার ব্যবহার করা হয় কেন? ২

গ. উদ্দীপকের 'A' ডিভাইসটির কার্যক্রম বর্ণনা কর। ৩

ঘ. রেডিওতে অনুষ্ঠান সম্প্রচারের ক্ষেত্রে ডিভাইস দুটির অবদান আলোচনা কর। ৪

৬ ▶ দৃশ্য-১ : একটি যন্ত্রের সাহায্যে 500 kg পানি 5 মিনিটে 50 m উচ্চতায় উঠানো হলো। যন্ত্রটির কর্মদক্ষতা 45%।

দৃশ্য-২ : 4 kg ভরের একটি বস্তুকে 40 m s^{-1} বেগে খাড়া উপরে নিক্ষেপ করা হলো। [$g = 9.8\ m\ s^{-2}$]

ক. সুষম ত্বরণ কাকে বলে? ১

খ. বায়োমাসকে নবায়নযোগ্য শক্তির উৎস বলার কারণ ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্য-২ থেকে কত উচ্চতায় বস্তুটির বিভবশক্তি গতিশক্তির দ্বিগুণ হবে? ৩

ঘ. দৃশ্য-১ থেকে যন্ত্রটির কর্মদক্ষতা 10% বেশি হলে ব্যয়িত শক্তির কী পরিমাণ পরিবর্তন হবে তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৭ ▶



ক. ও'মের সূত্রটি লেখ। ১

খ. জেনারেটরকে মোটরের বিপরীত যন্ত্র বলা হয় কেন? ২

গ. বর্তনীটির হারানো ভোল্টেজ নির্ণয় কর। ৩

ঘ. R_1, R_2 ও R_3 রোধক তিনটির রোধের মান একই হলেও ক্ষমতা একই হবে কি-না তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶ স্থির অবস্থায় থাকা 5 kg ভরের একটি বস্তুর উপর 5 N বল 4 s ধরে কাজ করছে। তার 4 s পরে 10 N বল আবার 4 s ধরে কাজ করছে।

ক. তরঙ্গ কাকে বলে? ১

খ. সমতল দর্পণে সৃষ্ট প্রতিবিম্বের বৈশিষ্ট্যগুলো লিখ। ২

গ. বস্তুটির প্রথম 8 s-এ অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের তথ্যের আলোকে বেগ-সময় লেখচিত্র এঁকে বস্তুটির গতি বিশ্লেষণ কর। ৪

গ-সেট

৬২ রাজশাহী বোর্ড ২০২০

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ একটি গতিশীল গাড়ীর ভিন্ন ভিন্ন সময়ের জন্য বেগের মান নিচের ছকে দেয়া হলো :

বেগ ($m\ s^{-1}$)	2	4	6	6	7	8
সময় (s)	0	5	10	15	20	25

ক. পর্যাবৃত্ত গতি কাকে বলে? ১

খ. "স্পন্দন গতি এক ধরনের পর্যাবৃত্ত গতি।"—ব্যাখ্যা কর। ২

গ. 15তম সেকেন্ডে গাড়িটির অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. গাড়িটির গতিবেগের বেগ-সময় লেখ অঙ্কন করে বিশ্লেষণ কর। ৪

২ ▶ 1 mg ভরের ১ ফোঁটা পানি 20 m উপর থেকে বাতাসের বাধা অতিক্রম করে $15\ m\ s^{-1}$ বেগে ভূমিতে পতিত হয়। [$g = 9.8\ m\ s^{-2}$]

ক. ভার্নিয়ার ধ্রুবক কাকে বলে? ১

খ. পাহাড় থেকে নিচে নামা অপেক্ষা পাড়াড়ের উপরে উঠা কষ্টকর কেন— বুঝিয়ে লিখ। ২

গ. পানির ফোঁটাটি ভূমিতে পতিত হতে প্রয়োজনীয় সময় নির্ণয় কর। ৩

ঘ. গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও যে, পানির ফোঁটাটির ওজন বাতাসের বাধাজনিত বল অপেক্ষা বেশি। ৪

৩ ▶ 1 cm ব্যাসার্ধের একটি ধাতব গোলকের তাপমাত্রা 50 °C বৃদ্ধি করায় উহার আয়তন 4.1993 cm^3 এবং পৃষ্ঠের ক্ষেত্রফল 12.5874 cm^2 হলো।

ক. গলনাঙ্ক কাকে বলে? ১

খ. ভেজা গায়ে পাখার বাতাস ঠাণ্ডা লাগে কেন— বুঝিয়ে লিখ। ২

গ. গোলকটির তাপমাত্রা বৃদ্ধি ফারেনহাইট স্কেলে প্রকাশ কর। ৩

ঘ. উদ্দীপকের তথ্য উপাত্ত থেকে আয়তন প্রসারণ সহগ ও ক্ষেত্র প্রসারণ সহগ এর মধ্যে সম্পর্ক প্রতিষ্ঠা কর। ৪

৪ ▶



উপরের চিত্রে 'A', 'B' এবং 'R' যথাক্রমে শব্দ উৎস, ব্যক্তির অবস্থান ও প্রতিফলক। A থেকে উৎপন্ন শব্দ 'R' এ বাধা পেয়ে পুনরায় 'A' এর নিকট ফিরে আসতে 0.143 সেকেন্ড সময় লাগে। [0 °C তাপমাত্রায় বায়ুতে শব্দের বেগ $330\ m\ s^{-1}$]

ক. শব্দের তীক্ষ্ণতা কাকে বলে? ১

খ. বায়ু মাধ্যমে শব্দের বেগের তারতম্য হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উল্লিখিত স্থানে বায়ুর তাপমাত্রা নির্ণয় কর। ৩

ঘ. 'A' থেকে উৎপন্ন শব্দের জন্য 'B' অবস্থানে থাকা শ্রোতা প্রতিধ্বনি শুনতে পারবে কি-না—গাণিতিক যুক্তি দাও। ৪

৫ ▶



উপরের চিত্রে প্রদর্শিত দর্পণের বক্রতার ব্যাসার্ধ 10 m। A, PF এর মধ্যবিন্দু এবং প্রতিবিম্বের রৈখিক বিবর্ধন "– 2".

ক. আলোর প্রতিসরণ কাকে বলে? ১

খ. স্পর্শ না করে লেন্স চেনার উপায় বর্ণনা কর। ২

গ. বিম্বের অবস্থান গাণিতিকভাবে নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপক অনুযায়ী প্রতিবিম্ব গঠনের সচিত্র বর্ণনা কর। ৪

৬ ▶



ক. ধারক কী? ১

খ. প্লাস্টিকে পশমি কাপড় দ্বারা ঘষলে উহা কেন ঋণাত্মক আধানে আহিত হয়, বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকের আধানদ্বয়ের মধ্যবর্তী বলের মান নির্ণয় কর। ৩

ঘ. আধানদ্বয়ের সংযোগ সরলরেখার কোন বিন্দুতে তড়িৎ প্রাবল্য শূন্য হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৭



ক. তুল্যরোধ কাকে বলে? ১

খ. তামার আপেক্ষিক রোধ $1.68 \times 10^{-8}\ \Omega m$ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. বৈদ্যুতিক বাতির মধ্য দিয়ে তড়িৎ প্রবাহের মান নির্ণয় কর। ৩

ঘ. যদি বৈদ্যুতিক বাতির ২য় প্রান্ত 'a' বিন্দুর পরিবর্তে 'b' বিন্দুর সাথে যুক্ত করা হয়, তাহলে কী বাতির উজ্জ্বলতা বৃদ্ধি পাবে? তোমার মতামতের সাপেক্ষে গাণিতিক যথার্থতা যাচাই কর। ৪

৮



উদ্দীপকে উৎপন্ন রশ্মির তরঙ্গদৈর্ঘ্য 10^{-10} m এবং বেগ 3×10^8 m/s.

ক. তেজস্ক্রিয়তা কী? ১

খ. আলট্রাসনোগ্রাফির দুটি গুরুত্ব লিখ। ২

গ. উদ্দীপকে উৎপন্ন রশ্মির কম্পাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে রশ্মি উৎপাদন কৌশল বিশ্লেষণ কর। ৪

ক-সেট

৬৩ যশোর বোর্ড ২০২০

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ 7.80 gm/cc ঘনত্বের একটি গোলকের ব্যাস, স্লাইড ক্যালিপার্স দিয়ে পরিমাপ করতে গিয়ে প্রধান স্কেল পাঠ পাওয়া গেল 5 cm। ভার্নিয়ার সমপাতন 9 এবং ভার্নিয়ার স্কেলটির 20টি দাগের সাথে প্রধান স্কেলের 19 দাগের সাথে মিলে যায়। প্রধান স্কেলের ক্ষুদ্রতম এক ভাগ 1 mm। গোলকটিকে ভূমি হতে 50 m উচ্চতায় নিয়ে স্থির অবস্থান হতে ছেড়ে দেওয়া হলো।

ক. অসাম্য বল কাকে বলে? ১

খ. বস্তুর ভরের পরিবর্তন হয় না কিন্তু ওজনের পরিবর্তন হয়– ব্যাখ্যা কর। ২

গ. গোলকটির ব্যাসার্ধ নির্ণয় কর। ৩

ঘ. ভূমি হতে 15 m উচ্চতায় গতিশক্তি ও বিভব শক্তির মধ্যে কোনটির পরিমাণ বেশি হবে? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

২ ▶ রাস্তায় গতিশীল একটি গাড়ির বিভিন্ন সময়ের বেগ দেওয়া হলো :

সময় (সেকেন্ড)	0	2	4	6	8	10	12
বেগ (মিটার/সেকেন্ড)	14	12	10	8	6	4	2

ক. ত্বরণ কাকে বলে? ১

খ. ঘড়ির কাঁটার গতি একটি পর্যায়বৃত্ত গতি কিন্তু স্পন্দন গতি নয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. গাড়িটি ১ম 10 সেকেন্ডে কত দূরত্ব অতিক্রম করবে নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের তথ্যের ভিত্তিতে বেগ-সময় লেখচিত্রের মাধ্যমে বেগের পরিবর্তনের হার বিশ্লেষণ কর। ৪

৩ ▶ 5 cm ব্যাসার্ধ এবং 12 cm উচ্চতাবিশিষ্ট একটি নিরেট সিলিন্ডারকে 12 m গভীরতা বিশিষ্ট একটি পানিপূর্ণ কূপের মধ্যে ছেড়ে দেয়া হলো। সিলিন্ডারের ভর 240 g এবং পানির ঘনত্ব 1000 kg m^{-3}।

ক. স্থিতিস্থাপকতা কাকে বলে? ১

খ. আকাশে বিজলি চমকায় কেন? ব্যাখ্যা কর। ২

গ. কূপের তলদেশে পানির চাপ নির্ণয় কর। ৩

ঘ. কূপের পানিতে সিলিন্ডারটি ভাসবে না ডুববে? গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

৪ ▶ 60 cm দৈর্ঘ্যের লোহার তৈরি একটি দণ্ডের দৈর্ঘ্য প্রসারণ সহগ 12×10^{-6} K^{-1}। একজন শিক্ষার্থী পর্যবেক্ষণ করে দেখে দণ্ডটির তাপমাত্রা 80 °C বাড়ালে ঘনত্ব 7777.6 kg m^{-3} হয়। লোহার ঘনত্ব 7800 kg m^{-3}।

ক. আপেক্ষিক তাপ কাকে বলে? ১

খ. প্রেসার কুকারে রান্না করলে সময় কম লাগে কেন? ২

গ. উদ্দীপকের তাপমাত্রা পরিবর্তনের জন্য দণ্ডটির চূড়ান্ত দৈর্ঘ্য কত হবে? ৩

ঘ. শিক্ষার্থীর পর্যবেক্ষণ সঠিক ছিল কি-না গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶



চিত্র-১ চিত্র-২

ক. ইন্টিগ্রেটেড সার্কিট কাকে বলে? ১

খ. দূর-দূরান্তে বৈদ্যুতিক সংকেত প্রেরণে অপটিক্যাল ফাইবার ব্যবহার সুবিধাজনক কেন? ব্যাখ্যা কর। ২

গ. ১নং চিত্রটি বর্তনীতে সংযুক্ত করে দেখাও যে, ইহা AC কারেন্টকে DC কারেন্টে রূপান্তর করে। ৩

ঘ. ২নং চিত্রের যন্ত্রটি বর্তনীতে সংযুক্ত করে কীভাবে সিগন্যালকে বিবর্ধিত করা যায়? বিশ্লেষণ কর। ৪

৬ ▶



ক. এনজিওগ্রাফি কাকে বলে? ১

খ. মানবদেহ যন্ত্রের মতো কাজ করে– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের বর্তনীর তুল্যরোধ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের বর্তনীতে কি ধরনের পরিবর্তন করে বাসা-বাড়িতে ব্যবহার করা যাবে? তার সুবিধা ও অসুবিধা বিশ্লেষণ কর। ৪

৭ ▶



AB লক্ষ্যবস্তুটি বক্রতার কেন্দ্র ও প্রধান ফোকাসের ঠিক মধ্যবিন্দুতে অবস্থিত।

ক. লেন্স কাকে বলে? ১

খ. দুপুর বেলা রংধনু দেখা যায় না কেন? ২

গ. বিম্বের দৈর্ঘ্য নির্ণয় কর। ৩

ঘ. চিত্রে AB লক্ষ্যবস্তুর অবস্থান পরিবর্তন করে অবাস্তব ও সোজা প্রতিবিম্ব পাওয়া কী সম্ভব? রশ্মিচিত্র এঁকে ব্যাখ্যা কর। ৪

৮ ▶ দৃশ্যকল্প-১ : একটি ট্রান্সফর্মারের প্রাইমারি কয়েলের পাকসংখ্যা 50, সেকেন্ডারি কয়েলের পাকসংখ্যা 500, প্রাইমারি কয়েল দিয়ে 10 V AC দেওয়া হলো।

দৃশ্যকল্প-২ : জসিম ফুটবল খেলতে গিয়ে তার ডান পায়ের হাড় ভেঙে গেল এবং বুকে ব্যথা অনুভব করল। অপারেশনের পূর্বে ডাক্তার দুইটি পরীক্ষার পরামর্শ দিলেন। একটি পরীক্ষার সাহায্যে ভাঙা হাড়ের অবস্থা এবং অপরটির সাহায্যে হার্টের অবস্থা জানা যায়।

ক. অনুদৈর্ঘ্য তরঙ্গ কাকে বলে? ১

খ. পানির ঢেউ অনুপ্রস্থ তরঙ্গ কেন? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ অনুসারে গৌণ কুণ্ডলীর ভোল্টেজ কত? ৩

ঘ. দৃশ্যকল্প-২ অনুসারে পরীক্ষা দুটির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

লেখচার

খ-সেট

৬৪ ✓ কুমিল্লা বোর্ড ২০২০

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ নিচে একটি গাড়ির বেগ ও সময়ের তালিকা দেয়া হলো :

সময় t (s)	0	2	4	6	8	10	12	14
বেগ v ($m\ s^{-1}$)	0	5	12	12	12	8	4	2

ক. ভরবেগ কাকে বলে? ১

খ. বালুতে হাঁটা কষ্টকর কেন? ২

গ. গাড়িটি প্রথম 8 s এ কত দূরত্ব অতিক্রম করবে তা নির্ণয় কর। ৩

ঘ. উপরের তালিকা থেকে গাড়িটির বেগ বনাম সময় লেখ অঙ্কন করে এর গতিবেগের পরিবর্তন বিশ্লেষণ কর। ৪

২ ▶



চিত্রে একটি বস্তু A-কে 120 মিটার উঁচু থেকে ফেলে দেয়া হলো। একই সময় অপর একটি বস্তু B-কে 19.6 $m\ s^{-1}$ বেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ করা হলো।

ক. স্থিতিশক্তি কাকে বলে? ১

খ. সমান বল প্রয়োগ করলেও সকল ক্ষেত্রে কাজ সমান হয় না কেন? ব্যাখ্যা কর। ২

গ. 3 s পরে A বস্তুটির বেগ নির্ণয় কর। ৩

ঘ. ভূমি ছাড়া বস্তুদ্বয় মিলিত হবে কী? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

৩ ▶ একটি রেললাইনে 100 m দৈর্ঘ্যের লোহার পাত এমনভাবে ব্যবহার করা হয়েছে যাতে 4 cm ফাঁকা স্থান রাখা আছে। তাপমাত্রা 20 °C বেড়ে গেল। লোহার দৈর্ঘ্য প্রসারণ সহগ $1.15 \times 10^{-5}\ K^{-1}$।

ক. আপেক্ষিক তাপ কাকে বলে? ১

খ. গাছ থেকে আম পড়লে কী ধরনের কাজ হয়? ব্যাখ্যা কর। ২

গ. লোহার পাতের দৈর্ঘ্য প্রসারণ নির্ণয় কর। ৩

ঘ. তাপমাত্রা 40 °C বেড়ে গেলে রেল লাইনটির উপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ৪

৪ ▶



চিত্র-X

ক. দর্পণের ফোকাস কাকে বলে? ১

খ. প্রতিধ্বনি শোনার জন্য নির্দিষ্ট দূরত্বের প্রয়োজন হয় কেন? ২

গ. প্রদত্ত লক্ষ্যবস্তুর বিম্ব কীরূপ হবে? চিত্রের সাহায্যে বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের দর্পণটিতে অবাস্তব প্রতিবিম্ব গঠন সম্ভব কী? রশ্মিচিত্রের সাহায্যে তোমার মতামত ব্যাখ্যা কর। ৪

৫ ▶



ক. প্রিজম কাকে বলে? ১

খ. পাহাড়ী রাস্তার বাঁকগুলোতে 45° কোণে বড় আকারের সমতল দর্পণ বসানো থাকে কেন? ২

গ. 'b' মাধ্যম সাপেক্ষে 'a' মাধ্যমের প্রতিসরাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. 'b'-এর পরিবর্তে অন্য একটি মাধ্যম 'c' ব্যবহার করলে যদি ক্রান্তি কোণ অর্ধেক হয়, তাহলে 'b' ও 'c'-এর মধ্যে কোনটির ঘনত্ব বেশি হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬ ▶



ক. তেজস্ক্রিয়তা কী? ১

খ. "এক্স-রে এবং সিটি স্ক্যান দ্বারা গঠিত বিম্ব এক নয়" – ব্যাখ্যা কর। ২

গ. A বিন্দুতে বর্তনীর প্রবাহমাত্রা নির্ণয় কর। ৩

ঘ. কোন রোধটি অপসারণ করলে বর্তনীর মোট প্রবাহ সর্বোচ্চ হবে? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

৭ ▶ একটি ট্রান্সফর্মারের প্রাইমারি ও সেকেন্ডারি কয়েলের ভোল্টেজ যথাক্রমে 20 V ও 50 V. ট্রান্সফর্মারটির প্রাইমারি কুণ্ডলীর প্যাঁচ সংখ্যা 100।

ক. ঘর্ষণ কাকে বলে? ১

খ. স্পর্শ না করে কীভাবে দর্পণ শনাক্ত করা যায়? ২

গ. ট্রান্সফর্মারটির সেকেন্ডারি এবং প্রাইমারি কুণ্ডলীর তড়িৎ প্রবাহের অনুপাত নির্ণয় কর। ৩

ঘ. ট্রান্সফর্মারটি বাসাবাড়ির উপযোগী করে তৈরি করতে পাক সংখ্যার কিরূপ পরিবর্তন করতে হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶ দশম শ্রেণির ছাত্র সম্রাট শিক্ষা সফরে পাবনার রূপপুরে গেল। সেখানে নিউক্লিয় চুল্লীতে শক্তি উৎপাদনের ব্যবস্থাপনা পর্যবেক্ষণ করল।

ক. ফ্যাক্স কী? ১

খ. তেজস্ক্রিয় মৌলের অর্ধায়ু বলতে কী বোঝায়? ২

গ. সম্রাটের দেখা স্থানে কিভাবে শক্তি উৎপাদিত হচ্ছে? বর্ণনা কর। ৩

ঘ. বাংলাদেশে ঐ শক্তি উৎপাদনের ব্যবস্থা কতটুকু যৌক্তিক বলে তুমি মনে কর? ৪

ক-সেট

৬৫ চট্টগ্রাম বোর্ড ২০২০

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ একটি গাড়ির চলার সময় ও অতিক্রান্ত দূরত্ব নিম্নে উপস্থাপন করা হলো :

সময় (s)	দূরত্ব (m)	সময় (s)	দূরত্ব (m)
0	0	6	54
2	6	8	96
4	24	10	150

তথ্য-১

একটি সাইকেল চলার গতিপথ ও সময় নিম্নরূপ :



AB = BC = CD = DE = 1 km এবং AE = 3 km.

তথ্য-২

ক. পড়ন্ত বস্তুর তৃতীয় সূত্রটি বিবৃত কর। ১

খ. কম্পনশীল সুরশলাকার গতিকে স্পন্দন গতি বলা হয় কেন? ২

গ. তথ্য-২ এর আলোকে সাইকেলটির গড় বেগ এবং গড় দ্রুতির পার্থক্য নির্ণয় কর। ৩

ঘ. তথ্য-১ অনুযায়ী বেগ-সময় লেখচিত্র অঙ্কন করে তার প্রকৃতি বিশ্লেষণ কর। ৪

২ ▶



চিত্র-১ : M বস্তুতে একটি ওজন ঝুলিয়ে দেওয়া হয়েছে



চিত্র-২ : একটি গাড়ির বেগ-সময় লেখচিত্র

ক. সাম্যবল কাকে বলে? ১

খ. কাদাযুক্ত রাস্তায় হাঁটা অসুবিধাজনক কেন? ২

গ. ২নং চিত্র অনুযায়ী গাড়িটির 20 sec এ অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. ১নং চিত্র অনুযায়ী M বস্তুটির উপর P বস্তুর বলের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৩ ▶ দৃশ্যকল্প-১ : 588 W ক্ষমতার একজন লোক 300 g ভরের একটি ক্রিকেট বলকে 40 m/s বেগে উপরের দিকে ছুঁড়ে দিলেন।

দৃশ্যকল্প-২ : 2 kW ক্ষমতার একটি মোটর 20 s এ 100 kg ভরের একটি বস্তুকে 20 m উচ্চতায় তুলতে পারে।

ক. বায়োমাস শক্তি কাকে বলে? ১

খ. ভরবেগ এবং গতিশক্তির মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এ কত উচ্চতায় ক্রিকেট বলটির বিভব শক্তি ও গতিশক্তি সমান হবে? ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ মোটরের কর্মদক্ষতা নির্ণয়ের মাধ্যমে শক্তি অপচয়ের পরিমাণ ও প্রক্রিয়া ব্যাখ্যা কর। ৪

৪ ▶



চিত্র-১



চিত্র-২

ক. প্যাসকেলের সূত্রটি বিবৃত কর। ১

খ. পীড়ন ও ইয়াংস মডুলাসের একক একই কেন? ব্যাখ্যা কর। ২

গ. দণ্ডটির দৈর্ঘ্য বৃদ্ধি নির্ণয় কর। ৩

ঘ. উভয় পিস্টনে কাজের পরিমাণ একই হবে কি-না? চিত্র-২ এর আলোকে ব্যাখ্যা কর। ৪

৫ ▶



চিত্র-১



চিত্র-২

পানির আপেক্ষিক তাপ 4200 J kg^{-1} K^{-1}

বরফ গলনের আপেক্ষিক সুপ্ততাপ 334 kJ/kg.

ক. তাপ ধারণ ক্ষমতা কাকে বলে? ১

খ. বায়বীয় পদার্থের বেলায় আপাত এবং প্রকৃত প্রসারণের মধ্যে পার্থক্য নেই কেন? ব্যাখ্যা কর। ২

গ. দণ্ডটির দৈর্ঘ্য প্রসারণ সহগ নির্ণয় কর। ৩

ঘ. চিত্র-২ এর আলোকে তাপমাত্রা বনাম সময় লেখচিত্র অঙ্কন করে এর বিভিন্ন অংশের ব্যাখ্যা দাও। ৪

৬ ▶



ক. শব্দের তীব্রতা কাকে বলে? ১

খ. সকল প্রতিফলিত শব্দই প্রতিধ্বনি নয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. তরঙ্গটির বেগ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের তরঙ্গটি বায়ু মাধ্যমে কীভাবে সঞ্চালিত হবে তা চিত্র এঁকে ব্যাখ্যা কর। ৪

৭ ▶



চিত্র-১



চিত্র-২

ক. বিবর্ধন কাকে বলে? ১

খ. লাল আলোতে গাছের পাতা কালো দেখায় কেন? ২

গ. চিত্র-১ অনুযায়ী তরল মাধ্যমে আলোর বেগ নির্ণয় কর। ৩

ঘ. চিত্র-২ অনুযায়ী দর্পণ ও লেন্সের মধ্যে AO বস্তুর কোন প্রতিবিম্বটি পর্দায় ফেলা যাবে, রশ্মিচিত্রের মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

৮ ▶



চিত্র-১



চিত্র-২

ক. তড়িৎ ক্ষমতা কাকে বলে? ১

খ. তাপমাত্রা বৃদ্ধি করলে পরিবাহী পদার্থের পরিবাহকত্ব কমে যায় কেন? ২

গ. ১নং চিত্রে M বস্তুর জন্য A বিন্দুতে তড়িৎ ক্ষেত্রের মান নির্ণয় কর। ৩

ঘ. ২নং চিত্রের প্রত্যেকটি রোধের মধ্য দিয়ে সমপরিমাণ বিদ্যুৎ প্রবাহিত হবে কী? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

গ-সেট

৬৬ সিলেট বোর্ড ২০২০

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ একটি 5000 kg ভরের গাড়ি স্থির অবস্থান থেকে যাত্রা শুরু করে 50 সেকেন্ডে বেগ 10 মিটার/সেকেন্ড হয়। এ ত্বরণে 1 km চলার পর 6000 kg ভরের একটি স্থির গাড়ির সাথে সংঘর্ষে লিপ্ত হয়। সংঘর্ষের পর গাড়ি দুটি একত্রে 9 মিটার/সেকেন্ড বেগে চলতে থাকে।

ক. পড়ন্ত বস্তুর ২য় সূত্রটি লিখ। ১

খ. গতিশীল বস্তুর অতিক্রান্ত দূরত্ব শূন্য হয় না কিন্তু সরণ শূন্য হতে পারে—ব্যাখ্যা কর। ২

গ. গাড়িটির ত্বরণ নির্ণয় কর। ৩

ঘ. সংঘর্ষের ফলে গাড়ি দুটির ভরবেগের পরিবর্তন সমান ও বিপরীত না হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

২ ▶ দৃশ্যকল্প-১ : একটি স্লাইড ক্যালিপার্সের ভার্নিয়ারের ভাগ সংখ্যা, 10 ও প্রধান স্কেলের ক্ষুদ্রতম ভাগের মান 1 mm। যন্ত্রটি দ্বারা পরিমাপে প্রাপ্ত দণ্ডের দৈর্ঘ্য 3.27 cm, প্রধান স্কেল পাঠ 3.2 cm.

দৃশ্যকল্প-২ :



50 g ভরের ঢিলটি A অবস্থান হতে 20 m s^{-1} বেগে খাড়া উপরের দিকে ছোঁড়া হলো। স্থানটির অভিকর্ষজ ত্বরণ 9.8 m s^{-2}।

ক. পর্যাবৃত্ত গতি কাকে বলে? ১

খ. কর্মদক্ষতার মান 1 এর বেশি হয় না কেন? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এর ক্ষেত্রে ভার্নিয়ার সমপাতন নির্ণয় কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর ঢিলটির পক্ষে সুতায় ঝুলানো বস্তুটিকে স্থানচ্যুত করতে না পারার কারণ বিশ্লেষণ কর। ৪

৩ ▶ দৃশ্যকল্প-১ : দুটি তরল পদার্থ A ও B এর ঘনত্ব যথাক্রমে 1000 kg m^{-3} ও 13600 kg m^{-3} স্বাভাবিক বায়ুমণ্ডলীয় চাপ, 1.01×10^5 Pa ও g = 9.8 m s^{-2}.

দৃশ্যকল্প-২ : 0 °C তাপমাত্রায় একটি দণ্ডের দৈর্ঘ্য 2 m. দণ্ডটির উপাদানের ক্ষেত্র প্রসারণ সহগ, 22×10^{-6} K^{-1}.

ক. ঘনীভবন কাকে বলে? ১

খ. কোনো বস্তুর তাপধারণ ক্ষমতা কোন কোন বিষয়ের উপর নির্ভর করে? ২

গ. দণ্ডটির তাপমাত্রা 50 °C এ উন্নীত করা হলে এর পরিবর্তিত দৈর্ঘ্য দৃশ্যকল্প-২ এর আলোকে নির্ণয় কর। ৩

ঘ. দৃশ্যকল্প-১ এর A ও B এর মধ্যে কোনটির ব্যবহার দ্বারা বায়ু চাপ পরিমাপক যন্ত্র গঠন করা সুবিধাজনক হবে? বিশ্লেষণের মাধ্যমে মতামত ব্যক্ত কর। ৪

৪ ▶ দৃশ্যকল্প-১ : তরলে পূর্ণ একটি লোহার নলের দৈর্ঘ্য 550 m। তরলটি ও লোহায় শব্দের বেগ যথাক্রমে 1450 m s^{-1} ও 5150 m s^{-1}।

দৃশ্যকল্প-২ : 50 cm দৈর্ঘ্যের একটি তারে দৈর্ঘ্য বরাবর বল প্রয়োগ করায় তারটির দৈর্ঘ্য হয় 50.02 cm.

ক. প্রবাহী ঘর্ষণ কাকে বলে? ১

খ. কোন কোন ক্ষেত্রে কাজ সংঘটিত হয় না? ২

গ. দৃশ্যকল্প-২ এর আলোকে বিকৃতি নির্ণয় কর। ৩

ঘ. দৃশ্যকল্প-১ এর নলটির কোনো প্রান্তে একবার আঘাত করলে অপর প্রান্তে একাধিকবার শব্দ শোনার কারণ বিশ্লেষণ কর। ৪

৫ ▶ দৃশ্যকল্প-১ : একটি উত্তল দর্পণের বক্রতার ব্যাসার্ধ 30 cm। দর্পণটির সামনে 60 cm দূরে একটি বস্তু রাখা হলো।

দৃশ্যকল্প-২ :

লোক	নিকট বিন্দু	দূর বিন্দু
A	20 cm	400 cm
B	15 cm	300 cm

লেন্স (ক্ষমতা, – 0.33 D)

ক. সমতল দর্পণ কাকে বলে? ১

খ. কোন কোন ক্ষেত্রে আলোর প্রতিসরণ হয় না? ২

গ. দৃশ্যকল্প-১ এর আলোকে বিম্ব দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর লেন্সটি A ও B এর মধ্যে কোন লোকের চোখের ত্রুটি দূরীকরণে উপযুক্ত? বিশ্লেষণের মাধ্যমে মতামত ব্যক্ত কর। ৪

৬ ▶ দৃশ্যকল্প-১ :



দৃশ্যকল্প-২ :

রোগী	রোগের বিবরণ	ডাক্তারের পরামর্শ
A	হার্ট অ্যাটাক	Test C
B	রক্তনালী ব্লক	Test D

ক. আইসোটোপ কাকে বলে? ১

খ. আলফা কণার চার্জ ধনাত্মক কেন? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এ উল্লিখিত তরঙ্গটির উৎপাদন পদ্ধতি বর্ণনা কর। ৩

ঘ. ডাক্তার A কে Test C এবং B কে Test D দেয়ার কারণ তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৭ ▶



ইলেকট্রনের চার্জ 1.6×10^{-19} কুলম্ব

ক. ওহমের সূত্রটি লিখ। ১

খ. সামান্য পরিমাণ ত্রিযোজী মৌলযুক্ত অর্ধপরিবাহীকে P-টাইপ বলা হয় কেন? ২

গ. A বস্তুতে কতটি ইলেকট্রন আছে নির্ণয় কর। ৩

ঘ. A ও B গোলকদ্বয় স্পর্শ করে যথাস্থানে রেখে দিলে এদের মধ্যকার বলের কী পরিবর্তন হবে? বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৮ ▶ দৃশ্যকল্প-১ : একটি ট্রান্সফরমারের ক্ষেত্রে

E_p	E_s	n_s	n_p
220 V	––	2000	40

দৃশ্যকল্প-২ :



ক. বাহক তরঙ্গ কাকে বলে? ১

খ. কোন পরিবাহীর আপেক্ষিক রোধ তাপমাত্রার পরিবর্তনে পরিবর্তিত হয়— ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এর আলোকে E_s এর মান নির্ণয় কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর বাল্বগুলোর সমবায়ের ধরন পাল্টালে তড়িৎ প্রবাহের পরিবর্তনই পূর্বাপেক্ষা কম আলো দেয়ার জন্য দায়ী। বিশ্লেষণের মাধ্যমে মতামত ব্যক্ত কর। ৪

ঘ-সেট

৬৭ বরিশাল বোর্ড ২০২০

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶

বেগ (m/sec)	0	4	8	8	8	4	0
সময় (sec)	0	8	16	24	32	40	48

উপরের চার্টে একটি চলন্ত গাড়ির বেগ এবং সময়ের তথ্য দেয়া হয়েছে।

ক. গড়দ্রুতি কাকে বলে? ১

খ. স্থির অবস্থান থেকে কোনো বস্তু নিচের দিকে পড়তে থাকলে তার বেগের পরিবর্তন হয়—কেন? ২

গ. 24 sec এ গাড়িটির অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. উপরের চার্ট হতে "ত্বরণ-সময়" লেখ অঙ্কন করে এর প্রকৃতি বিশ্লেষণ কর। ৪

২ ▶ একজন বাইসাইকেল আরোহী 6 m s^{-2} ত্বরণে স্থির অবস্থা থেকে যাত্রা শুরু করল। 5 s পর সে ত্বরণ বন্ধ করে দিল। এর 10 s পর 150 m দূরে একটি স্পিড ব্রেকার দেখে 3 m s^{-2} মন্দনে ব্রেক করল।

ক. পিছলানো ঘর্ষণ কাকে বলে? ১

খ. "গড়বেগ শূন্য হলেও গড় দ্রুতি শূন্য নাও হতে পারে"— ব্যাখ্যা কর। ২

গ. ব্রেক প্রয়োগ করার পূর্বে সাইকেল আরোহী কত দূরত্ব অতিক্রম করবে? নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে বাইসাইকেলের গতির উপর ঘর্ষণের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৩ ▶



চিত্রে A অবস্থান থেকে বস্তুটি B বিন্দুতে বিনা বাধায় নেমে আসে এবং এর গতিশক্তি হয় 1960 J।

ক. বিভব শক্তি কাকে বলে? ১

খ. লভ্য কার্যকর শক্তি কর্মদক্ষতার উপর নির্ভর করে কেন? ব্যাখ্যা কর। ২

গ. A থেকে B অবস্থানে বস্তুটির দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. যদি AC = 25 m হয় তবে A, C এবং D বিন্দুতে শক্তির রূপান্তর প্রক্রিয়াটি শক্তির নিত্যতার সূত্র অনুসরণ করে ব্যাখ্যা কর। ৪

৪ ▶ একটি হাইড্রোলিক প্রেসের বড় পিস্টন ও ছোট পিস্টনের ব্যাসের অনুপাত 5 : 1, ছোট পিস্টনটি কিছু পরিমাণ দূরত্ব অতিক্রম করলে বড় পিস্টনে 300 N বল অনুভূত হয়।

ক. পীড়ন কাকে বলে? ১

খ. বাতাসে জলীয় বাষ্প বাড়লে চাপ কমে যায় কেন? ব্যাখ্যা কর। ২

গ. ছোট পিস্টনে প্রয়োগকৃত বলের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের তথ্য অনুযায়ী উভয় পিস্টনে কাজের পরিমাণ সমান হবে— বল বৃদ্ধিকরণ নীতির সাহায্যে বিশ্লেষণ কর। ৪

৫ ▶ 20 °C তাপমাত্রায় একটি ইস্পাত খণ্ডের ক্ষেত্রফল 200 cm^2। ইহাকে 120 °C তাপমাত্রায় উত্তপ্ত করার ফলে এর ক্ষেত্রফল বৃদ্ধি পেয়ে 200.668 cm^2।

ক. তাপধারণ ক্ষমতা কাকে বলে? ১

খ. স্ফুটন ও বাষ্পায়নের একটি ব্যাখ্যামূলক পার্থক্য লিখ। ২

গ. ইস্পাতের পাতটির আয়তন প্রসারণ সহগ নির্ণয় কর। ৩

ঘ. উত্তপ্ত ইস্পাত খণ্ডটিকে অ্যালুমিনিয়ামের পাত্রে রাখা 40 °C তাপমাত্রার পানিতে ফেলে দিলে কী কী ঘটবে। ক্যালরিমিতির মূলনীতির সাহায্যে বিশ্লেষণ কর। ৪

৬ ▶



চিত্র-১



চিত্র-২

ক. প্রতিবিম্ব কাকে বলে? ১

খ. হলুদ আলোতে সবুজ পাতার রং কিরূপ হবে? ব্যাখ্যা কর। ২

গ. চিত্র-১ এ 'a' মাধ্যমে আলোর বেগ নির্ণয় কর। [শূন্য মাধ্যমে আলোর বেগ 3×10^8 m s^{-1}] ৩

ঘ. চিত্র-২ এ PQ আলোক রশ্মি চূড়ান্তভাবে কোন দিকে গমন করবে? চিত্রসহ ব্যাখ্যা দাও। ৪

৭ ▶



চিত্র : বিদ্যুৎ বর্তনী

ক. ওহমের সূত্রটি বিবৃত কর। ১

খ. বৈদ্যুতিক কেটলিতে নাইক্রোম তার ব্যবহার করা হয় কেন? ২

গ. উদ্দীপকের R_1 রোধটির তারের দৈর্ঘ্য দ্বিগুণ এবং প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল অর্ধেক হলে পরিশেষে রোধটির মান কত হবে— নির্ণয় কর। ৩

ঘ. চিত্রের প্রত্যেকটি রোধের মধ্য দিয়ে সমপরিমাণ বিদ্যুৎ প্রবাহিত হবে কী? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮ ▶



চিত্র-১



চিত্র-২

ক. p-n জংশন কাকে বলে? ১

খ. তাপমাত্রা বৃদ্ধি করলে পরিবাহী পদার্থের পরিবাহকত্ব কমে যায় কেন? ২

গ. চিত্র-২ এ গৌণ কুণ্ডলীর তড়িৎ প্রবাহ নির্ণয় কর। ৩

ঘ. A বস্তু দ্বারা একটি নিরপেক্ষ বস্তুকে ধনাত্মক ও B বস্তু দ্বারা একটি নিরপেক্ষ বস্তুকে ঋণাত্মক আধানে আহিত করা সম্ভব কী? চিত্রসহ বিশ্লেষণ কর। ৪

ক-সেট

৬৮ দিনাজপুর বোর্ড ২০২০

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ 500 gm ভরের একটি বস্তু A-কে 196 m উঁচু দালানের ছাদ থেকে ফেলে দেওয়া হলো। একই সময়ে 200 gm ভরের অপর একটি বস্তু B-কে 30 m s^{-1} বেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ করা হলো।

ক. সরণ কাকে বলে? ১

খ. গতিশক্তি কখনোই ঋণাত্মক হতে পারে না—ব্যাখ্যা কর। ২

গ. ভূমি থেকে কত উচ্চতায় A বস্তুর গতিশক্তি ও বিভব শক্তি সমান হবে? ৩

ঘ. 'B' বস্তুর ক্ষেত্রে "নিক্ষেপের মুহূর্তে এবং নিক্ষেপের 2 sec পর মোট শক্তির পরিমাণ অপরিবর্তিত থাকবে" — গাণিতিক যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

২ ▶



চিত্র-১



চিত্র-২ : একটি গাড়ির বেগ-সময় লেখচিত্র

ক. আবর্ত ঘর্ষণ কাকে বলে? ১

খ. স্থির অবস্থান থেকে কোনো বস্তু নিচের দিকে পড়তে থাকলে বেগের পরিবর্তন হয় কেন? ২

গ. ২নং চিত্র অনুযায়ী গাড়িটির 20 sec এ অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. ১নং চিত্র অনুযায়ী M বস্তুটির উপর P বস্তুর বলের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৩ ▶ 20 °C তাপমাত্রায় একটি ইস্পাত খণ্ডের ক্ষেত্রফল 200 cm^2। ইহাকে 120 °C তাপমাত্রায় উত্তপ্ত করার ফলে এর ক্ষেত্রফল বৃদ্ধি পেয়ে 200.668 cm^2 হয়।

ক. আপেক্ষিক তাপ কাকে বলে? ১

খ. প্রেসার কুকারে তাড়াতাড়ি রান্না করা যায় কেন? ২

গ. ইস্পাতের পাতটির আয়তন প্রসারণ সহগ নির্ণয় কর। ৩

ঘ. উত্তপ্ত ইস্পাতের খণ্ডটিকে অ্যালুমিনিয়ামের পাত্রে রাখা 40 °C তাপমাত্রার পানিতে ফেলে দিলে কী কী ঘটবে? ক্যালরিমিতির মূলনীতির সাহায্যে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ একটি হাইড্রোলিক প্রেসের বড় পিস্টন ও ছোট পিস্টনের ব্যাসের অনুপাত 5 : 1। ছোট পিস্টনটি কিছু পরিমাণ দূরত্ব অতিক্রম করলে বড় পিস্টনে 300 N বল অনুভূত হয়।

ক. প্লবতা কাকে বলে? ১

খ. ধারালো আলপিন দিয়ে কাগজ ছিদ্র করা সহজ কেন? ২

গ. ছোট পিস্টনে প্রয়োগকৃত বলের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের তথ্য অনুযায়ী উভয় পিস্টনে কাজের পরিমাণ সমান হবে— বল বৃদ্ধিকরণ নীতির সাহায্যে বিশ্লেষণ কর। ৪

৫ ▶



ক. ওহমের সূত্রটি বিবৃত কর। ১

খ. তাপমাত্রা বৃদ্ধির ফলে অর্ধপরিবাহীর পরিবাহকত্ব বেড়ে যায় কেন? ২

গ. R_2 রোধের তড়িৎ ক্ষমতা নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত রোধগুলিকে বাসাবাড়িতে ব্যবহৃত তড়িৎ যন্ত্র দ্বারা প্রতিস্থাপিত বর্তনীর নকশা প্রণয়ন করে উক্ত বর্তনীতে ফিউজ ব্যবহারের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ৪

৬ ▶



ক. প্রতিসরণাঙ্ক কাকে বলে? ১

খ. এক টুকরা কাচের চেয়ে এক টুকরা হীরা বেশি উজ্জ্বল দেখায় কেন? ২

গ. (b) মাধ্যমের আপেক্ষিক প্রতিসরণাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের মাধ্যম দুটি পরস্পর বিনিময় করা হলে এবং AO রশ্মি একই অভিমুখে আপতিত হলে কী ঘটবে? চিত্র এঁকে বিশ্লেষণ কর। ৪

৭ ▶



ক. তড়িৎ ক্ষেত্র কাকে বলে? ১

খ. পেট্রোলবাহী ট্রাকের সাথে ধাতব শিকল ঝোলানো থাকে কেন? ব্যাখ্যা কর। ২

গ. চার্জ দুটির সংযোজক সরলরেখা বরাবর নিরপেক্ষ বিন্দুর অবস্থান নির্ণয় কর। ৩

ঘ. চার্জ দুটির মধ্যে কোনটি দ্বারা একটি নিরপেক্ষ বস্তুকে পজিটিভ চার্জে চার্জিত করা সম্ভব? চিত্রসহ ব্যাখ্যা কর। ৪

৮ ▶ মির্জা সাহেব অফিসে যাওয়ার পথে হঠাৎ পিছলে পড়ে পায়ে প্রচণ্ড ব্যথা পেলেন। পথচারীরা দ্রুত হাসপাতালে নিয়ে গেলে ডাক্তার তাকে একটি পরীক্ষা করাতে বললেন যাতে একটি বিশেষ রশ্মি ব্যবহৃত হয়। রিপোর্ট দেখে ডাক্তার বললেন তার পায়ের হাড়ে চিড় ধরেছে।

ক. তেজস্ক্রিয়তা কাকে বলে? ১

খ. এনজিওগ্রাফি করার সময় কেন ডাই ব্যবহার করা হয়? ২

গ. উদ্দীপকের রশ্মিটির উৎপাদন প্রক্রিয়া চিত্রসহ বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের রশ্মিটি কীভাবে ক্যান্সার চিকিৎসায় ব্যবহৃত হয়? বিশদ ব্যাখ্যা দাও। ৪

লেকচার

গ-সেট

৬৯ ✓ ময়মনসিংহ বোর্ড ২০২০

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ দৃশ্যকল্প-১ : স্লাইড ক্যালিপার্স দ্বারা একটি দণ্ডের দৈর্ঘ্য পরিমাপে প্রধান স্কেল পাঠ 4.2 cm ও দণ্ডের দৈর্ঘ্য 4.25 cm। যন্ত্রটির ভার্নিয়ারের ভাগ সংখ্যা 20 ও প্রধান স্কেলের ক্ষুদ্রতম এক ভাগের মান 1 mm।

দৃশ্যকল্প-২ : একটি গতিশীল গাড়ি সংশ্লিষ্ট তথ্য নিচের সারণিতে উপস্থাপন করা হলো :

সময় (সেকেন্ড)	0	12	24	36	48	60
দূরত্ব (মিটার)	0	6	12	18	24	30

ক. ভার্নিয়ার ধ্রুবক কাকে বলে? ১

খ. গতিশীল বস্তুর অতিক্রান্ত দূরত্ব থাকলেও সরণ নাও থাকতে পারে– ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এর আলোকে ভার্নিয়ার সমপাতন নির্ণয় কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ অনুযায়ী দূরত্ব-সময় লেখচিত্র অঙ্কন কর এবং প্রাপ্ত লেখচিত্র X অক্ষের সাথে 45° কোণে আনত কি-না বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

২ ▶ দৃশ্যকল্প-১ : একটি বস্তুকে খাড়া উপরের দিকে 20 m s^{-1} বেগে ছোঁড়া হলো। স্থানটির অভিকর্ষজ ত্বরণ 9.8 m s^{-2}।

দৃশ্যকল্প-২ :



চিত্রের বস্তুটির ভর 50 g এবং বস্তুটি মুক্তভাবে পড়তে দেয়া হলো। C বিন্দুতে বস্তুটির গতিশক্তি বিভব শক্তির দ্বিগুণ।

ক. প্রবাহী ঘর্ষণ কাকে বলে? ১

খ. জুতার তলায় খাঁজকাটা থাকে কেন? ২

গ. দৃশ্যকল্প-১ এর বস্তুটি সর্বোচ্চ উচ্চতায় উঠতে কত সময় নিবে? নির্ণয় কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর ক্ষেত্রে বস্তুটির মোট শক্তি C ও D বিন্দুতে একই থাকে–বিশ্লেষণের মাধ্যমে মতামত ব্যক্ত কর। ৪

৩ ▶ চিত্রের পাত্রের সিলিন্ডার C_1 ও C_2 এর ব্যাসার্ধ যথাক্রমে 3 cm ও 6 cm। C_1 এর পিস্টনে 1000 N বল প্রয়োগ করলে তা M হতে 6 cm নেমে N অবস্থানে আসে। এতে C_2 এর পিস্টন S অবস্থান হতে 1 cm সরে T তে চলে আসে।



ক. চাপ কাকে বলে? ১

খ. পীড়নের এককই স্থিতিস্থাপক গুণাঙ্কের একক কেন? ব্যাখ্যা কর। ২

গ. C_2 সিলিন্ডারে কত বল অনুভূত হবে? নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের ঘটনায় শক্তি বৃদ্ধি ঘটে নি–বিশ্লেষণের মাধ্যমে মতামত ব্যক্ত কর। ৪

৪ ▶



পানির আপেক্ষিক তাপ 4200 J kg^{-1} K^{-1}, বরফের আপেক্ষিক তাপ 2100 J kg^{-1} K^{-1} বরফ গলনের আপেক্ষিক সুপ্ততাপ 336000 J kg^{-1} K^{-1}।

ক. তাপধারণ ক্ষমতা কাকে বলে? ১

খ. জ্বর গায়ে জলপট্টি দিলে তাপমাত্রা হ্রাস পায় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের বরফের টুকরাটির তাপমাত্রা ফারেনহাইট স্কেলে কত হবে নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের B বস্তুটিকে A পাত্রের তরলে ছেড়ে দিলে মিশ্রণের শেষ অবস্থা কী হবে গাণিতিক বিশ্লেষণসহ তোমার মতামত দাও। ৪

৫ ▶ দৃশ্যকল্প-১ : একটি স্থানে কোনো শব্দের বেগ 350 m s^{-1}, শব্দটির তরঙ্গদৈর্ঘ্য 0.7 m।

দৃশ্যকল্প-২ : একটি পানিপূর্ণ লোহার নলের দৈর্ঘ্য 513 m। পানি ও লোহায় শব্দের বেগ যথাক্রমে 1440 m s^{-1} ও 5130 m s^{-1}।

ক. প্রতিধ্বনি কাকে বলে? ১

খ. সুরশলাকার কম্পমান বাহুর গতি একটি স্পন্দন গতি – ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এর আলোকে পর্যায়কাল নির্ণয় কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর নলটির কোনো প্রান্তে একবার আঘাত করলে অপর প্রান্তে একাধিক বার শব্দ শুনার কারণ বিশ্লেষণ কর। ৪

৬ ▶ একটি গোলীয় দর্পণ যাতে কোনো বিস্তৃত বস্তুর রৈখিক বিবর্ধন 1 এর বেশি পাওয়া সম্ভব। দর্পণটির ফোকাস দূরত্ব 10 cm। দর্পণটির সামনে 15 cm দূরে একটি বস্তু রাখা হলো।

ক. আলোককেন্দ্র কাকে বলে? ১

খ. উত্তল লেন্সকে অভিসারী লেন্স বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের বস্তুটির ক্ষেত্রে বিম্ব দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. যদি দর্পণটির সামনে 5 cm দূরে কোনো বিস্তৃত বস্তু রাখা হয়, তবে বিম্বের অবস্থান, আকৃতি ও প্রকৃতি কিরূপ হবে? রশ্মিচিত্রের সাহায্যে বিশ্লেষণ কর। ৪

৭ ▶ সিডি প্লেয়ার A এর ক্ষমতা 1.2 kW। অপর একটি সিডি প্লেয়ার B এর ক্ষমতা 2 kW।



ক. বৈদ্যুতিক আবেশ কাকে বলে? ১

খ. ঘর্ষণের ফলে কোনো বস্তু আধানগ্রস্ত হয় কেন? ২

গ. বর্তনীটির T ও M বিন্দুদ্বয়ের মধ্যবর্তী অংশের তুল্যরোধ নির্ণয় কর। ৩

ঘ. সিডি প্লেয়ার A চললেও তা ব্যবহার না করে L ও N এর মধ্যে B যুক্ত করলে তা না চলার কারণ যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৮ ▶



চিত্র-A চিত্র-B

চিত্র-B এর মোটরটির কর্মদক্ষতা 90%। মোটরটি 40 সেকেন্ডে 40 m উচ্চতায় থাকা কোনো ট্যাঙ্কে 200 kg পানি উঠাতে পারে। [g = 9.8 m s^{-2}]

ক. জেনারেটর কাকে বলে? ১

খ. নিম্ন তাপমাত্রায় অর্ধপরিবাহী অপরিবাহীর মতো আচরণ করে কেন? ২

গ. উদ্দীপকের A যন্ত্রের গৌণ কুণ্ডলীতে প্রবাহমাত্রা নির্ণয় কর। ৩

ঘ. A যন্ত্রটি দ্বারা B যন্ত্রটি চালানো সম্ভব হবে কি না তা বিশ্লেষণ কর। ৪

৭০ ✓ ঢাকা বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ♥ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ সালমান 400 gm ভরের একটি স্থির ফুটবলের উপর 2 sec যাবৎ 5 N বল প্রয়োগ করে। ফুটবলের অবস্থান থেকে 120 m দূরে দাঁড়িয়ে থাকা শাকিলের দিকে বলটি গড়িয়ে গড়িয়ে যেতে থাকে। মাঠের ঘর্ষণ বলের মান 1 N।

ক. সরণ কাকে বলে? ১

খ. সুষম দ্রুতিতে চলমান বস্তুর বেগ সুষম নাও হতে পারে। — ব্যাখ্যা কর। ২

গ. বল প্রয়োগের ফলে ফুটবলের ত্বরণ কত হয়েছিল? ৩

ঘ. ফুটবল শাকিলের কাছে পৌঁছাবে কি না? বিশ্লেষণ কর। ৪

২ ▶ 40 kg ভরের রনি স্থির অবস্থান থেকে 0.4 $m\ s^{-2}$ সুষম ত্বরণে স্কুলের উদ্দেশ্যে রওনা হয়ে 70 s এ স্কুলে পৌঁছায়। রনির বড় ভাই জনির ভর 50 kg এবং তাদের বাড়ির ছাদের উচ্চতা 20 m।

ক. কর্মদক্ষতা কাকে বলে? ১

খ. একই উচ্চতার ছাদ থেকে ফেলে দেওয়া একই ভরের 1টি খোলা কাগজের তুলনায় 1টি মোচড়ানো কাগজ ভূমিতে আগে পৌঁছায় কেন? ২

গ. রনির যাত্রাস্থান থেকে স্কুলের দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. রনির কৃতকাজের সমপরিমাণ কাজ করে জনি 10 kg ভরের বস্তু নিয়ে ছাদে পৌঁছাতে পারবে কি না? মতামত দাও। ৪

৩ ▶ 'A' ও 'B' পাত্রের তরলের ঘনত্ব যথাক্রমে 800 kg m^{-3} এবং 1260 kg m^{-3}। A পাত্রের তরলের উচ্চতা 50 cm। 250 gm ভরের একটি বস্তুকে A পাত্রের তরলে ছেড়ে দিলে 1.96 N ওজন হারায়।

ক. প্লবতা কাকে বলে? ১

খ. অবস্থার পরিবর্তনের সময় বস্তু তাপ গ্রহণ করলেও তাপমাত্রার পরিবর্তন ঘটে না কেন? ২

গ. A পাত্রের তলদেশে তরলের চাপ নির্ণয় কর। ৩

ঘ. বস্তুটিকে B পাত্রের তরলে ছেড়ে দিলে এটি কী অবস্থায় থাকবে? বিশ্লেষণ কর। ৪

৪ ▶



গ্রীষ্মকালে বায়ুর তাপমাত্রা যখন 10 °C বৃদ্ধি পায় তখন কূপের উপরিতল থেকে পানি 1 m নেমে আসে।

ক. পর্যায়কাল কাকে বলে? ১

খ. তরঙ্গ শীর্ষ ও তরঙ্গ পাদ সমদশা সম্পন্ন নয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত বায়ুর তাপমাত্রা বৃদ্ধি ফারেনহাইট স্কেলে কত হবে? ৩

ঘ. কূপের মুখে শব্দ করলে তাপমাত্রা বৃদ্ধির পূর্বে ও পরে প্রতিধ্বনি শোনার ক্ষেত্রে কোনোরূপ তারতম্য হবে কী? উত্তরের সপক্ষে যথাযথ যুক্তি উপস্থাপন কর। ৪

৫ ▶ 'X' মাধ্যম থেকে আলোক রশ্মি 'Y' মাধ্যমে প্রবেশের সময় আপতন কোণের মান 60° এবং প্রতিসরণ কোণের মান 50°। এরপর রশ্মিটি 'Y' মাধ্যম থেকে 'Z' মাধ্যমের দিকে অগ্রসর হয়। 'Y' মাধ্যমের সাপেক্ষে 'Z' মাধ্যমের প্রতিসরণাঙ্ক 0.74।

ক. লেন্স কাকে বলে? ১

খ. প্রতিফলন পৃষ্ঠে লম্বভাবে আপতিত রশ্মির ক্ষেত্রে প্রতিফলন কোণের মান শূন্য হয় কেন? ২

গ. 'Y' মাধ্যমের সাপেক্ষে 'X' মাধ্যমের প্রতিসরণাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. আলোক রশ্মিটি 'Y' মাধ্যম থেকে 'Z' মাধ্যমে প্রবেশের ক্ষেত্রে কী ঘটবে? চিত্রসহ বিশ্লেষণ কর। ৪

৬ ▶



ক. ও'মের সূত্রটি লিখ। ১

খ. একটি বর্তনী চালু থাকলে বিভব পার্থক্যের তুলনায় তড়িচ্চালক শক্তির মান সর্বদা বেশি থাকে—ব্যাখ্যা কর। ২

গ. বর্তনীটির তুল্য রোধ নির্ণয় কর। ৩

ঘ. তড়িচ্চালক শক্তি স্থির রেখে উল্লিখিত রোধগুলি দ্বারা গৃহে ব্যবহার উপযোগী বর্তনী অঙ্কন করে দুই বর্তনীর তড়িৎ প্রবাহ তুলনা কর। ৪

৭ ▶ ১টি ট্রান্সফর্মারের মুখ্য কুণ্ডলীর ভোল্টেজ 600 V এবং তড়িৎ প্রবাহ 2 A। গৌণ কুণ্ডলীর পাকসংখ্যা 30 এবং প্রবাহ 5 A। ট্রান্সফর্মারটিকে 50% কর্মদক্ষতার 1টি বৈদ্যুতিক মোটর চালনার জন্য নির্বাচন করা হলো। মোটরটি 200 kg ভরের পানি 98 সেকেন্ডে 30 m উচ্চতায় উঠাতে পারে।

ক. তড়িৎ মোটর কাকে বলে? ১

খ. ইলেক্ট্রন আসক্তির ভিন্নতাই স্থির তড়িৎ উৎপন্ন হওয়ার মূল কারণ—ব্যাখ্যা কর। ২

গ. ট্রান্সফর্মারটির মুখ্য কুণ্ডলীর পাকসংখ্যা নির্ণয় কর। ৩

ঘ. উল্লিখিত মোটরটি চালানোর জন্য ট্রান্সফর্মারটি উপযোগী কি না গাণিতিক বিশ্লেষণ করে মতামত দাও। ৪

৮ ▶

পরীক্ষার নাম	বৈশিষ্ট্য এবং ব্যবহার
A	: তরঙ্গ দৈর্ঘ্য 10^{-10} m এর কাছাকাছি : পিত্তথলি ও কিডনির পাথর শনাক্তকরণে
B	: ত্রিমাত্রিক বিম্ব গঠন করে : যকৃত, ফুসফুস ও অগ্ন্যাশয়ের ক্যান্সার শনাক্তকরণে

আলোর বেগ 3×10^8 m s^{-1}

ক. তেজস্ক্রিয়তা কাকে বলে? ১

খ. সাধারণ অবস্থায় সকল অর্থ-পরিবাহী আধান নিরপেক্ষ থাকে কেন? ব্যাখ্যা কর। ২

গ. পরীক্ষণ 'A' রশ্মিটির কম্পাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. রোগ নির্ণয়ের ক্ষেত্রে 'A' ও 'B' এর মধ্যে কোনটিকে তুমি নিখুঁত ও বিস্তৃত বলে মনে কর? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৭১ ✓ রাজশাহী বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶



m_1 বস্তুর কার্যকরী বল 0.078 N এবং m_2 বস্তুর কার্যকরী বল 0.039 N। বস্তু দু'টি একই সময়ে ছেড়ে দেওয়া হলো।

ক. সাম্য বল কাকে বলে? ১

খ. বস্তুর ভর ধ্রুব হলেও ওজন ধ্রুব নয়—ব্যাখ্যা কর। ২

গ. m_1 বস্তুর উপর বায়ুর ঘর্ষণ বল নির্ণয় কর। ৩

ঘ. কোন বস্তুটি আগে ভূমিতে পৌঁছাবে? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

২ ▶ 10 km h^{-1} বেগে চলমান মাল বোঝাই একটি ট্রাক রেল লাইন থেকে 10 m দূরে থাকা অবস্থায় একটি ট্রেন যেতে দেখে তৎক্ষণাত ব্রেক কষলেন। ফলে 5 sec এ ট্রাকটি থেমে গেল। খালি ট্রাক ও মালের ভর যথাক্রমে 1500 kg ও 400 kg।

ক. গতি কাকে বলে? ১

খ. সূর্যের চতুর্দিকে পৃথিবীর গতি পর্যায়বৃত্ত গতি হলেও স্পন্দন গতি নয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. ব্রেক চাপার পর গাড়িটি কত দূরত্ব অতিক্রম করে? নির্ণয় কর। ৩

ঘ. "ট্রাকটি যদি মাল বোঝাই না থাকত তাহলে চালক আরও সহজে ট্রাকটি থামাতে পারত"—যুক্তিসহকারে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ 20 kg ভরের একটি বস্তুকে ভূমি হতে 40 m উঁচু স্থান থেকে মুক্তভাবে ছেড়ে দেওয়া হলো।

ক. কর্ম দক্ষতা কাকে বলে? ১

খ. শক্তি ও কাজের একক অভিন্ন কেন? ব্যাখ্যা কর। ২

গ. ভূমি হতে কত উচ্চতায় বিভবশক্তি গতিশক্তির এক-তৃতীয়াংশ হবে নির্ণয় কর। ৩

ঘ. সর্বোচ্চ উচ্চতার এবং পতনকালের 2 sec পর শক্তির সংরক্ষণশীলতার নীতি অনুসৃত হবে কি-না? যুক্তি দ্বারা তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৪ ▶



ক. প্লবতা কাকে বলে? ১

খ. হাঁড়ি-পাতিল পানিতে ভাসে কেন? ব্যাখ্যা কর। ২

গ. F_2 এর মান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের প্রদত্ত তথ্যাবলি অনুসারে উভয় পিস্টনে কাজের পরিবর্তন হয়েছে কি না? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৫ ▶ 30 °C তাপমাত্রাবিশিষ্ট তামার গোলককে 110 °C তাপমাত্রায় উত্তপ্ত করায় এর আয়তন 32 m^3 হলো। তামার আপেক্ষিক তাপ 400 J kg^{-1} K^{-1}। তামার গোলকের ভর 250 gm অপর একটি ধাতব বৃত্তাকার রিং এর ক্ষেত্রফল 11.34 m^2.

ক. পুনঃশিলীভবন কাকে বলে? ১

খ. দুটি বস্তুর তাপমাত্রা সমান হলেও তাপ সমান নাও হতে পারে—ব্যাখ্যা কর। ২

গ. তামার গোলক কর্তৃক গৃহীত তাপের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. তাপশক্তির অপচয় না হলে উত্তপ্ত তামার গোলকটি উদ্দীপকের রিং এ প্রবেশ করানো যাবে কি না যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৬ ▶



বায়ুর তাপমাত্রা 20 °C

O বিন্দুতে দাঁড়িয়ে এক ব্যক্তি 1 বার উচ্চস্বরে শব্দ করল।

ক. তরঙ্গ কাকে বলে? ১

খ. স্প্রিং এর তরঙ্গ অনুদৈর্ঘ্য তরঙ্গ—ব্যাখ্যা কর। ২

গ. প্রতিধ্বনি শোনার জন্য O হতে AD এর ন্যূনতম দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. O বিন্দুতে দাঁড়ানো ব্যক্তি ঐ তাপমাত্রায় কতবার প্রতিধ্বনি শুনতে পাবে? যুক্তিসহ তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৭ ▶



বায়ু মাধ্যমে আলোর বেগ, $C_a = 3 \times 10^8$ m s^{-1}

$_aN_w = 1.33$

ক. লেন্স কাকে বলে? ১

খ. চোখের উপযোজন ক্ষমতা বলতে কি বুঝায়? ২

গ. পানিতে আলোর বেগ নির্ণয় কর। ৩

ঘ. মাছটি প্রকৃত অবস্থান হতে কত উপরে দেখা যাবে? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৮ ▶



ক. তেজস্ক্রিয়তা কাকে বলে? ১

খ. দু'টি অসমান ধনাত্মক আধানের নিরপেক্ষ বিন্দু ক্ষুদ্রতর আধানের নিকটতম কেন? ব্যাখ্যা কর। ২

গ. প্রদত্ত বর্তনীর তড়িৎ প্রবাহ নির্ণয় কর। ৩

ঘ. যদি A ও B এর মাঝখানে 10 Ω রোধ যুক্ত করা হয় তবে বিভব পার্থক্য কি পরিবর্তন হবে? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৭২ যশোর বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶

বেগ ($m\ s^{-1}$)	0	20	40	60	60	60	80	100
সময় (sec)	0	10	20	30	40	50	60	70

ক. জড়তা কাকে বলে? ১

খ. সাম্য ও অসাম্য বলের মধ্যে পার্থক্য লিখ। ২

গ. প্রদত্ত উপাত্তের আলোকে লেখচিত্র অঙ্কন কর। ৩

ঘ. গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে প্রদত্ত উপাত্ত হতে বেগের প্রকৃতি বিশ্লেষণ কর। ৪

২ ▶ $120\ m\ s^{-1}$ বেগে একটি বস্তুকে খাড়া উপরের দিকে নিক্ষেপ করা হলো। 0.75 সেকেন্ড পর অপর একটি 500 gm ভরের বস্তুকে একইভাবে $150\ m\ s^{-1}$ বেগে নিক্ষেপ করা হলো।

ক. পরিমাপের একক কাকে বলে? ১

খ. পড়ন্ত বস্তুর তৃতীয় সূত্রটি ব্যাখ্যা কর। ২

গ. সর্বাধিক উচ্চতায় দ্বিতীয় বস্তুটির বিভবশক্তি নির্ণয় কর। ৩

ঘ. কোন বস্তুটি ভূপৃষ্ঠে আগে পতিত হবে তা গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে নির্ণয় করে দেখাও। ৪

৩ ▶ উৎস ও প্রতিফলক পৃষ্ঠের মধ্যবর্তী দূরত্ব 20 m. ঐ সময় বায়ুর তাপমাত্রা 20 °C.

ক. শব্দেতর তরঙ্গ কাকে বলে? ১

খ. শব্দের বেগ বায়ুর আর্দ্রতার উপর ক্রিয়াশীল কেন? ব্যাখ্যা কর। ২

গ. শব্দটি উৎস হতে প্রতিফলক পৃষ্ঠে পৌঁছানোর সময় নির্ণয় কর। ৩

ঘ. 30 °C তাপমাত্রায় প্রতিধ্বনি শোনা যাবে কি না গাণিতিক যুক্তি দ্বারা তোমার মতামত দাও। ৪

৪ ▶ তিনটি মোটরের কর্মদক্ষতা যথাক্রমে 35%, 40% এবং 45%। তাদের প্রত্যেকটির ক্ষমতা 0.5 kW। ১ম মোটরের সাহায্যে ভূপৃষ্ঠ হতে 20 m উচ্চতায় রাখা ট্যাংকে পানি তুলতে 5 মিনিট সময় লাগে।

ক. গতিশক্তি কাকে বলে? ১

খ. গতিশীল বস্তুর অর্জিত গতিশক্তি বেগের সাথে কীভাবে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ২

গ. ট্যাংকটি পূর্ণ অবস্থায় পানির অর্জিত বিভবশক্তি নির্ণয় কর। ৩

ঘ. তিনটি মোটর দিয়ে পৃথকভাবে ট্যাংকটি পূর্ণ করলে, কৃতকাজের কোনো পরিবর্তন হবে কী? যৌক্তিক মতামত দাও। ৪

৫ ▶ এক ব্যক্তি 60 cm এর বাইরের বস্তুকে স্পষ্টভাবে দেখতে পান না।

ক. আলোক কেন্দ্র কাকে বলে? ১

খ. কোন কোষ কীভাবে রঙিন বস্তুর আলোকীয় উপলব্ধি সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২

গ. লোকটির স্পষ্ট দর্শনের জন্য সহায়ক লেন্সের ক্ষমতা নির্ণয় কর। ৩

ঘ. লোকটির সহায়ক লেন্সটি স্পষ্ট দর্শনের জন্য যেভাবে কাজ করে তা রশ্মি চিত্র এঁকে ব্যাখ্যা কর। ৪

৬ ▶



P-ঘনক Q-গোলক R-পানি ভর্তি পাত্র

পানির ঘনত্ব $1000\ kg\ m^{-3}$

P ও Q বস্তু দুটিকে পৃথকভাবে R পাত্রের পানিতে রাখা হলে, প্লবতার মান এর ভিন্নতা দেখা যায়।

ক. প্লবতা কাকে বলে? ১

খ. পচা ডিম পানিতে ভাসে কেন? ব্যাখ্যা কর। ২

গ. P বস্তুটির ঘনত্ব নির্ণয় কর। ৩

ঘ. একই ভর হওয়া সত্ত্বেও P ও Q বস্তু দুটির জন্য প্লবতার মানের ভিন্নতার কারণ কী? গাণিতিক যুক্তির সাহায্যে মতামত দাও। ৪

৭ ▶



ক. তড়িৎ তীব্রতা কাকে বলে? ১

খ. রুপার আপেক্ষিক রোধ $1.6 \times 10^{-8}\ \Omega m$ বলতে কী বোঝায়? ২

গ. K_1 ও K_2 বন্ধ অবস্থায় বর্তনীর তুল্যরোধ নির্ণয় কর। ৩

ঘ. উভয় চাবি বন্ধ অবস্থায় এবং কেবলমাত্র K_1 বন্ধ অবস্থায় R_1 এর ক্ষমতার পার্থক্য হবে কী? গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

৮ ▶ একটি ট্রান্সফর্মারের মুখ্যকুণ্ডলীর ভোল্টেজ 450 V, পাকসংখ্যা 100টি এবং প্রবাহ 1.5 A হলে গৌণকুণ্ডলীতে প্রবাহ 6.15 A পাওয়া যায়।

ক. তেজস্ক্রিয়তা কাকে বলে? ১

খ. তেজস্ক্রিয় মৌলের অর্ধায়ু ব্যাখ্যা কর। ২

গ. গৌণকুণ্ডলীর ভোল্টেজ নির্ণয় কর। ৩

ঘ. 1.5 kW ক্ষমতার একটি তড়িৎমোটর ট্রান্সফর্মারটির সাহায্যে চালানো সম্ভব কি না তা গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪

৭৩ ✓ কুমিল্লা বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ♥ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ একটি গাড়ির উপর বল প্রয়োগের প্রকৃতি দুটি লেখচিত্রে দেখানো হয়েছে :



চিত্র-P



চিত্র-Q

ক. পরিমাপের একক কাকে বলে? ১

খ. কর্দমাক্ত রাস্তায় হাঁটতে কষ্টকর কেন? ব্যাখ্যা কর। ২

গ. চিত্র : P-এর গাড়ির অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. Q-লেখচিত্র হতে গাড়িটির গতিকালের বেগের বিভিন্ন অবস্থা বিশ্লেষণ কর। ৪

২ ▶ পদার্থবিজ্ঞানের শিক্ষক প্রথম শিক্ষার্থীকে অন্তরিত তামার তার, সিলিন্ডার আকৃতির বস্তু, কাঁচা লোহা ও ব্যাটারি দিলেন এবং দ্বিতীয় শিক্ষার্থীকে সংযুক্ত তার, ব্যাটারি, সুইচ, একই মানের তিনটি রোধ দিয়ে শ্রেণি ও সমান্তরাল বর্তনী তৈরি করতে বললেন।

ক. তাড়িত চৌম্বক আবেশ কাকে বলে? ১

খ. দূর-দূরান্তে বিদ্যুৎ প্রেরণের জন্য মোটা তার ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের উপকরণগুলো দিয়ে প্রথম শিক্ষার্থী কীভাবে তাড়িত চুম্বক তৈরি করবে তা তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. দ্বিতীয় শিক্ষার্থীর তৈরি করা বর্তনী দুটির তড়িৎ প্রবাহ কেমন হবে তা চিত্রসহ তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৩ ▶ রহিমের ভর 40 kg ও করিমের ভর 80 kg। তারা উভয়েই নির্দিষ্ট অবস্থান থেকে 200 m দৌড় প্রতিযোগিতা শুরু করলে যথাক্রমে 100 sec ও 200 sec পর গন্তব্যে পৌঁছায়। প্রতিযোগিতা শেষে তাদের বিজ্ঞান শিক্ষক বলেন, "তোমাদের দু জনের ক্ষমতা ভিন্ন হলেও, কৃতকাজ সমান হয়েছে।"

ক. কর্মদক্ষতা কাকে বলে? ১

খ. লভ্য কার্যকর শক্তি কর্মদক্ষতার উপর নির্ভর করে কেন? ব্যাখ্যা কর। ২

গ. ১ম বালকের কর্মদক্ষতা 40% হলে, ক্ষমতা কত হবে নির্ণয় কর। ৩

ঘ. বিজ্ঞান শিক্ষকের উক্তিটির যৌক্তিক কারণ ছিল কি? তোমার মতামত দাও। ৪

৪ ▶



A ও B পৃষ্ঠ দুটির ক্ষেত্রফল যথাক্রমে 4 cm^2 ও 16 cm^2। পানির ঘনত্ব 1000 kg m^{-3}।

ক. বায়ুমণ্ডলীয় চাপ কাকে বলে? ১

খ. উচ্চতা বৃদ্ধির সাথে বায়ুমণ্ডলীয় চাপ হ্রাস পায় কেন? ব্যাখ্যা কর। ২

গ. পাত্রের তলদেশে পানি কর্তৃক প্রযুক্ত চাপ নির্ণয় কর। ৩

ঘ. "A ও B পৃষ্ঠে চাপ সমান হলেও বল ভিন্ন হবে" – উক্তিটি গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶ দৃশ্যকল্প-১ : P ও Q বস্তু দুটির তথ্য ছক নিম্নরূপ :

বস্তু	ভর	আঃ তাপ	তাপমাত্রা
P	100 gm	600 J kg^{-1} K^{-1}	86 °F
Q	200 gm	500 J kg^{-1} K^{-1}	120 °F

দৃশ্যকল্প-২ : দশম শ্রেণির একজন ছাত্র – 1 °C তাপমাত্রার দুই খণ্ড বরফকে হাতে ধরে চাপ দিয়ে ছেড়ে দিলে তা জোড়া লেগে যায়। কিন্তু – 2 °C তাপমাত্রায় দুই খণ্ড বরফকে একইভাবে চেপে ধরে ছেড়ে দিলেও জোড়া লাগে না।

ক. গলন কাকে বলে? ১

খ. বাষ্পায়নে শীতলতার উদ্ভব হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প ১-এ P ও Q বস্তু দুটিকে তাপীয় সংস্পর্শে রাখা হলে কী পরিমাণ তাপের আদান-প্রদান হবে? ৩

ঘ. দৃশ্যকল্প ২-এর ঘটনাটি তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৪

৬ ▶



A অবস্থানের ব্যক্তি 120 Hz কম্পাঙ্ক বিশিষ্ট শব্দ উৎপন্ন করলে, B অবস্থানের ব্যক্তি তার প্রতিধ্বনি শুনতে পারে।

ক. শব্দের প্রাবল্য কাকে বলে? ১

খ. শব্দ এক প্রকার তরঙ্গ কেন? ব্যাখ্যা কর। ২

গ. উৎপন্ন শব্দের তরঙ্গদৈর্ঘ্য নির্ণয় কর। ৩

ঘ. বায়ুর তাপমাত্রা 40 °C হলে একই শব্দের জন্য B অবস্থানের ব্যক্তি প্রতিধ্বনি শুনতে পারবে কী? তোমার মতামত দাও। ৪

৭ ▶



ক. আলোক কেন্দ্র কাকে বলে? ১

খ. পড়ন্ত বিকালে পাকা রাস্তায় মাঝে মাঝে পানির মতো দেখা যায় কেন? ব্যাখ্যা কর। ২

গ. লেন্সটির ক্ষমতা নির্ণয় কর। ৩

ঘ. উক্ত লেন্সটি চোখের কী ধরনের ত্রুটি দূরীকরণে সহায়ক? চিত্রসহ ব্যাখ্যা কর। ৪

৮ ▶ $R_p = 350$; $R_s = 750$; $E_p = 220$ V



চিত্র : ১



চিত্র : ২

ক. আই.সি. (IC) কাকে বলে? ১

খ. সিস্টেম লস কেন হয়? ব্যাখ্যা কর। ২

গ. চিত্র : ১ থেকে গৌণকুণ্ডলীর ভোল্টেজ (বিভব পার্থক্য) নির্ণয় কর। ৩

ঘ. চিত্র : ২ এ গৌণকুণ্ডলীর বিভব পার্থক্য শূন্য কেন? যৌক্তিকভাবে ব্যাখ্যা কর। ৪

৭৪ চট্টগ্রাম বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ একটি গাড়ির সময়ের সাথে প্রাপ্ত বেগের ছকটি নিম্নরূপ :

সময় (s)	0	10	20	30	40	50	60	70
বেগ ($m\ s^{-1}$)	0	2	4	6	8	10	12	14

ক. স্পন্দন গতি কাকে বলে? ১

খ. "অভিকর্ষজ ত্বরণ একটি লব্ধ রাশি"—ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের গাড়িটি প্রথম 1 মিনিট 10 সেকেন্ড পর কত দূরত্ব অতিক্রম করেছে? নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের তথ্যের ভিত্তিতে বেগ-সময় লেখচিত্রের সাহায্যে 30 সেকেন্ডের মুহূর্তে বেগের পরিবর্তনের হার ব্যাখ্যা কর। ৪

২ ▶ 1 kW ক্ষমতার একটি ইঞ্জিন দ্বারা 100 kg পানি 5 m উচ্চতায় তুলতে 10 s সময় লাগে।

ক. সাম্য বল কাকে বলে? ১

খ. দুটি বস্তুকে একই বল প্রয়োগ করলে বেগ সমান হয় না— ব্যাখ্যা কর। ২

গ. সম্পূর্ণ পানি উত্তোলন করতে কৃতকাজের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. যদি সম্পূর্ণ পানি উত্তোলন করতে 2 s সময় বেশি লাগে তবে কর্মদক্ষতার কীরূপ পরিবর্তন হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶



পানির ঘনত্ব 1000 kg m^{-3}, অভিকর্ষজ ত্বরণ 9.8 m s^{-2}, ABCD এর ক্ষেত্রফল 800 বর্গ সে.মি.।

ক. পীড়ন কাকে বলে? ১

খ. বায়ুমণ্ডলীয় চাপে মানবদেহের আকৃতির পরিবর্তন ঘটে না কেন? ২

গ. ABCD বস্তুর উপর ক্রিয়ারত প্লবতার মান নির্ণয় কর। ৩

ঘ. P বস্তুটি উদ্দীপকের পাত্রের পানিতে ছেড়ে দিলে ডুববে না ভাসবে? বিশ্লেষণ কর। ৪

৪ ▶



চিত্র : A (ইস্পাত) চিত্র : B (পানি) চিত্র : C (গ্যাস)

ইস্পাতের আয়তন প্রসারণ সহগ = $33 \times 10^{-6}\ K^{-1}$.

ক. স্থিরাঙ্ক কাকে বলে? ১

খ. বায়ুতে শব্দের বেগ তাপমাত্রার উপর নির্ভরশীল— ব্যাখ্যা কর। ২

গ. 38 °C তাপমাত্রায় ইস্পাতের পাতের দৈর্ঘ্য নির্ণয় কর। ৩

ঘ. তাপ প্রয়োগে A, B ও C এর প্রসারণ ভিন্ন হয়— বিশ্লেষণ কর। ৪

৫ ▶



চিত্রে দুটি তামার তার দেখানো হলো।

তামার আপেক্ষিক তাপ 400 J $kg^{-1}\ K^{-1}$ এবং তামার ক্ষেত্র প্রসারণ সহগ $33.4 \times 10^{-6}\ K^{-1}$।

ক. শব্দের তীক্ষ্ণতা কাকে বলে? ১

খ. বিশুদ্ধ পানি অপেক্ষা সমুদ্রের পানিতে শব্দের বেগ বেশি কেন? ২

গ. ১নং তারের তাপমাত্রা 10 °C বৃদ্ধি করলে কী পরিমাণ তাপের প্রয়োজন হবে? ৩

ঘ. উভয় তারের তাপমাত্রা 20 °C বৃদ্ধি করলে দৈর্ঘ্য প্রসারণ সমান হবে কী? বিশ্লেষণ কর। ৪

৬ ▶



PC = 80 cm, PB = 30 cm

ক. উত্তল লেন্স কাকে বলে? ১

খ. পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনে আপতন কোণ ক্রান্তি কোণের চেয়ে বড় হয় কেন? ২

গ. লক্ষ্যবস্তু AB এর বিবর্ধন নির্ণয় কর। ৩

ঘ. লক্ষ্যবস্তুটি আলোক কেন্দ্র হতে 50 cm দূরে স্থাপন করলে বিম্বের অবস্থান, আকৃতি ও প্রকৃতি রশ্মিচিত্রের সাহায্যে অঙ্কন করে বিশ্লেষণ কর। ৪

৭ ▶



[কুলম্বের ধ্রুবক C = $9 \times 10^9\ Nm^2C^{-2}$]

ক. তড়িৎ বিভব কাকে বলে? ১

খ. অভ্যন্তরীণ রোধের মান বাড়ালে তড়িৎ প্রবাহ কমে যায় কেন? ২

গ. A ও B এর মধ্যবর্তী বলের মান নির্ণয় কর। ৩

ঘ. A ও B এর সংযোজক রেখা বরাবর কোথায় তড়িৎ প্রাবল্য সমান হবে? বিশ্লেষণ কর। ৪

৮ ▶ আহাদ সাহেবের হৃৎপিণ্ডের ধমনীতে ব্লক পরীক্ষা করার জন্য ডাক্তার তাকে একটি মেডিকেল টেস্টের পরামর্শ দেন। বিশ্রামকালীন সময়ে তিনি কম্পিউটার ও মোবাইল ব্যবহার করে সময় ব্যয় করেন।

ক. জেনারেটর কাকে বলে? ১

খ. ইলেকট্রিক ঘড়িতে স্টেপডাউন ট্রান্সফর্মার ব্যবহার করা হয় কেন? ২

গ. ডাক্তারের দেওয়া পরীক্ষাটি বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের যন্ত্র দুটির কার্যকরী ব্যবহারে কী পদক্ষেপ নেওয়া যেতে পারে? ব্যাখ্যা কর। ৪

৭৫ ✓ সিলেট বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ একটি গাড়ির বেগ-সময় লেখচিত্র নির্দেশ করে :



গাড়ির ভর 2000 kg

ক. প্রসঙ্গ কাঠামো কাকে বলে? ১

খ. নির্দিষ্ট দিকে সমদ্রুতিতে একই দূরত্বে একটি প্রাইভেট কার ও একটি মালবাহী ট্রাক কোনটি থামানো কষ্টসাধ্য? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের গাড়ির ১ম 15 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. যদি উদ্দীপকের গ্রাফটির Y-অক্ষ উচ্চতা (একক মিটারে) নির্দেশ করে তাহলে উচ্চতা বনাম সময় এবং বেগ বনাম সময় লেখচিত্রদ্বয় থেকে A, C, E বিন্দুতে বিভব ও গতিশক্তির তুলনা কর। ৪

২ ▶ একজন ক্রিকেট বোলারের পরপর দুটি বলের গতিবেগ যথাক্রমে 150 km/hour এবং 154 km/hour। বলটির ভর 250 gm [g = 9.8 m s^{-2}]

ক. মাত্রা কাকে বলে? ১

খ. গাড়ি ব্রেক করার পরও একটু সামনে গিয়ে থামে কেন—ব্যাখ্যা কর। ২

গ. বোলার বলটিকে উদ্দীপকের প্রথম গতিবেগে খাড়া উপরের দিকে ছুঁড়লে কত উপরে উঠবে? নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের বলের উভয় গতিবেগের ক্ষেত্রে গতিশক্তি ও ভরবেগের অনুপাত একই হবে কী? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶



ক. ক্রান্তি কোণ কাকে বলে? ১

খ. অন্ধকার ঘরে আমরা দেখতে পাই না কেন—ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের AO লক্ষ্যবস্তুর বিম্বের চিত্র অঙ্কন কর। ৩

ঘ. উদ্দীপকের লেন্সটি চোখের কোন ধরনের ত্রুটি দূর করতে ব্যবহৃত হয়? রশ্মি চিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ৪

৪ ▶



ক. তড়িচ্চালক শক্তি কাকে বলে? ১

খ. তাপমাত্রা, উপাদান এবং প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল ধ্রুব থাকলে 100 মিটার দৈর্ঘ্যের তার প্রস্থ বরাবর সমান দুই টুকরা করলে রোধের কি পরিবর্তন হবে? ব্যাখ্যা কর। ২

গ. তুল্যরোধ নির্ণয় কর। ৩

ঘ. R_1, R_3 ও R_5 এর মধ্যে কোনটির ক্ষমতা বেশি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶ দুইটি বৈদ্যুতিক খুঁটির দূরত্ব 50 m এবং গ্রীষ্মকালে বায়ুর তাপমাত্রা 30 °C। 50.033 m দৈর্ঘ্যের তামার তার দ্বারা খুঁটি দুইটির সংযোগ দেওয়া হয়। শীতকালে বায়ুর তাপমাত্রা 5 °C। [তামার তারের ভর 30 kg এবং আপেক্ষিক তাপ 400 J kg^{-1} K^{-1}]

ক. বরফ বিন্দু কাকে বলে? ১

খ. বাদুর শব্দোত্তর শব্দ ব্যবহার করে কীভাবে পথ চলে? ব্যাখ্যা কর। ২

গ. শীতকালে তামার তার কতটুকু তাপশক্তি বর্জন করবে? ৩

ঘ. শীতকালে উক্ত তারটি ছিঁড়ে যাবার সম্ভাবনা আছে কি না—গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬ ▶



ক. প্রতিধ্বনি কাকে বলে? ১

খ. রোগ নির্ণয়ে শব্দোত্তর কম্পন ব্যবহৃত হয়—ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের তাপমাত্রাকে ফারেনহাইট স্কেলে প্রকাশ কর। ৩

ঘ. উদ্দীপকের তরঙ্গের সমান কম্পাঙ্কবিশিষ্ট তরঙ্গ পানি ও লোহায় সমান তরঙ্গদৈর্ঘ্য বিশিষ্ট হবে কী? বিশ্লেষণ কর। ৪

৭ ▶ A বস্তুর ঘনত্ব 1.04 gm cm^{-3}.



A বস্তু

পদার্থ	ঘনত্ব
পানি	1000 kg/m^3
গ্লিসারিন	1260 kg/m^3

[g = 9.8 m s^{-1}]

ক. চাপ কাকে বলে? ১

খ. সমান ইটের রাস্তায় খালি পায়ে হাঁটা এবং ইটের খোয়ার উপর দিয়ে হাঁটা কোনটি কষ্টসাধ্য—ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের A বস্তু কর্তৃক কোনো তলের উপর প্রযুক্ত চাপের মান নির্ণয় কর। ৩

ঘ. বস্তুটিকে পানিতে ও গ্লিসারিনে ছেড়ে দিলে প্লবতা সমান হবে কি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶ ইমন সাহেবের বুকে ব্যথা, বুক ধরফড়ানি, দ্রুত হৃদস্পন্দন। তাই ডাক্তারের শরনাপন্ন হলে তাকে ইসিজি পরীক্ষা করার পরামর্শ দিলেন।

ক. এমআরআই-এর পূর্ণরূপ কী? ১

খ. ভিডিও কনফারেন্সে ব্যবহৃত সংকেত কীরূপ—ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের পরীক্ষার সাহায্যে উক্ত রোগ কীভাবে শনাক্ত করবে—ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের রোগ নির্ণয় অন্য কোনো প্রযুক্তির সাহায্যে করা যাবে কি না—উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭৬ বরিশাল বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট | পদার্থবিজ্ঞান ▼ সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান : ৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶



লেখচিত্র-১



লেখচিত্র-২

ক. সুষম ত্বরণ কাকে বলে? ১

খ. একটি বিন্দুর সাপেক্ষে কোনো বস্তুর দূরত্বের পরিবর্তন না হলেও অবস্থানের পরিবর্তন হতে পারে– ব্যাখ্যা কর। ২

গ. লেখচিত্র-২ এ 20 s এ অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. লেখচিত্র-১ ও লেখচিত্র-২ এর বিভিন্ন অংশের গতির তুলনামূলক আলোচনা কর। ৪

২ ▶ 8 kg ও 4 kg ভরের দুইটি বস্তু একই সরলরেখা বরাবর চলছিল। উহাদের বেগ যথাক্রমে 15 m s^{-1} ও 10 m s^{-1} ছিল। কোনো এক সময় প্রথম বস্তুটি দ্বিতীয় বস্তুটিকে ধাক্কা দেয়। ফলে প্রথম বস্তুর বেগ 10 m s^{-1} হয়।

ক. সাম্যবল কাকে বলে? ১

খ. ক্রিয়া ও প্রতিক্রিয়া বল সর্বদা ভিন্ন বস্তুর উপর ক্রিয়াশীল– ব্যাখ্যা কর। ২

গ. প্রথম বস্তুটির বলের ঘাত কত? ৩

ঘ. উদ্দীপকের ঘটনায় গতিশক্তি সংরক্ষিত হয় কি? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

৩ ▶ চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :
সিলিন্ডারের PQ তলের ক্ষেত্রফল = 1.5 m^2, পানির ঘনত্ব = 1000 kg m^{-3}, g = 9.8 m s^{-2}।



ক. প্লবতা কাকে বলে? ১

খ. ঘনত্ব বস্তুর তাপমাত্রার উপর নির্ভর করে–ব্যাখ্যা কর। ২

গ. সিলিন্ডারের উপরের পৃষ্ঠে তরল কর্তৃক নিম্নমুখী বল কত? ৩

ঘ. বস্তুটির উপর পানি যে ঊর্ধ্বমুখী লব্ধিবল প্রয়োগ করে তা বস্তু কর্তৃক অপসারিত পানির ওজনের সমান– গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ 400 gm ভরের একটি তামার পাত্রে 90 °C তাপমাত্রার 500 gm পানি আছে। 30 °C তাপমাত্রার 500 gm ভরের 100 mm ব্যাসের একটি নিরেট গোলক পাত্রের মধ্যে ফেলে দেওয়া হলো।
তামার আপেক্ষিক তাপ 400 J kg^{-1} K^{-1}
গোলকের উপাদানের আপেক্ষিক তাপ 200 J kg^{-1} K^{-1}
পানির আপেক্ষিক তাপ 4200 J kg^{-1} K^{-1}
গোলকের উপাদানের দৈর্ঘ্য প্রসারণ সহগ 19×10^{-5} K^{-1}।

ক. সুপ্ত তাপ কাকে বলে? ১

খ. ভেজা মেঝে শুকানোর জন্য ফ্যান চালানো হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. মিশ্রণের চূড়ান্ত তাপমাত্রা নির্ণয় কর। ৩

ঘ. মিশ্রণের চূড়ান্ত তাপমাত্রায় গোলকটি 100.5 mm ব্যাসের রিং এর মধ্যে প্রবেশ করানো যাবে কি না–বিশ্লেষণ কর। ৪

৫ ▶ A ব্যক্তি 20 cm তরঙ্গদৈর্ঘ্যের শব্দ উৎপন্ন করেই 20 m s^{-1} বেগে প্রতিফলকের উল্টোদিকে দৌড়াতে শুরু করলো।



ক. শব্দের তীব্রতা কাকে বলে? ১

খ. অনুপ্রস্থ তরঙ্গের কণাগুলো পর্যায়বৃত্ত গতিসম্পন্ন–ব্যাখ্যা কর। ২

গ. শব্দ তরঙ্গের পর্যায়কাল কত? ৩

ঘ. A ব্যক্তি প্রতিধ্বনি শুনতে পাবে কিনা? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

৬ ▶ একটি উত্তল লেন্সের ফোকাস দূরত্ব 20 cm। লেন্স থেকে নির্দিষ্ট দূরত্বে একটি লক্ষ্যবস্তু রাখলে লেন্সের অপর পার্শ্বে 100 cm দূরে প্রতিবিম্ব গঠিত হয়।

ক. লেন্সের প্রধান ফোকাস কাকে বলে? ১

খ. আমরা একই স্থানে দাঁড়িয়ে কীভাবে বিভিন্ন দূরত্বের বস্তু দেখতে পাই? ব্যাখ্যা কর। ২

গ. আলোককেন্দ্র থেকে লক্ষ্যবস্তুর দূরত্ব কত? ৩

ঘ. লক্ষ্যবস্তুর অবস্থানের পরিবর্তন করে উদ্দীপকের লেন্সটির ক্ষেত্রে বস্তুর একই পার্শ্বে প্রতিবিম্ব গঠন সম্ভব কি না? চিত্রসহ বিশ্লেষণ কর। ৪

৭ ▶



A ও B বস্তুদ্বয় একই আকৃতির এবং একই উপাদান দ্বারা গঠিত। $C = 9 \times 10^9$ Nm^2 C^{-2}।

ক. তড়িৎ বলরেখা কাকে বলে? ১

খ. সমান মানের দুইটি ধনাত্মক আধানের মধ্যবর্তী অঞ্চলে নিরপেক্ষ বিন্দু সৃষ্টির কারণ ব্যাখ্যা কর। ২

গ. A বস্তুর সাপেক্ষে B বস্তু যে বিন্দুতে স্থাপন করা হয়েছে সেই বিন্দুর তড়িৎ তীব্রতা নির্ণয় কর। ৩

ঘ. A ও B বস্তুকে পরিবাহী তার দ্বারা যুক্ত করলে ইলেক্ট্রনের প্রবাহ কোন দিকে যাবে? বিশ্লেষণ কর। ৪

৮ ▶ তমার পেটে ব্যথার কারণে ডাক্তারের শরণাপন্ন হলো। ডাক্তার তার পিত্তথলিতে পাথর হয়েছে ধারণা করলেন। তমা নিশ্চিত হওয়ার জন্য ডায়াগনস্টিক সেন্টারে গেলে তারা বলেন, আমাদের কাছে 30000 V দ্বারা চালিত উন্নতমানের এক্স-রে মেশিন এবং উন্নতমানের আল্ট্রাসনোগ্রাফি যন্ত্র আছে। উভয়ের সাহায্যে পিত্তথলির পাথর শনাক্ত করা যায়। (ইলেক্ট্রনের আধান 1.60×10^{-19} C)

ক. তেজস্ক্রিয়তা কাকে বলে? ১

খ. বৈদ্যুতিক পাওয়ার স্টেশনের ক্ষমতা 1000 মেগাওয়াট বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের এক্স-রে উৎপাদন যন্ত্রে ইলেক্ট্রন কী পরিমাণ শক্তি নিয়ে বের হবে নির্ণয় কর। ৩

ঘ. তমার রোগ নির্ণয়ে উদ্দীপকের কোন যন্ত্রটি অধিক নিরাপদ? উৎপাদন কৌশলের ভিত্তিতে তোমার মতামত উপস্থাপন কর। ৪

লেকচার

৭৭ ✓ দিনাজপুর বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ নিম্নে একটি গাড়ির বেগ-সময় লেখচিত্রের সাহায্যে দেখানো হলো :



OB রেখার ঢাল 1.5

ক. সমত্বরণ কাকে বলে? ১

খ. সূর্যের চারদিকে পৃথিবীর গতি (বার্ষিক গতি) পর্যায়বৃত্ত গতি হলেও ঘূর্ণন গতি নয়—ব্যাখ্যা কর। ২

গ. লেখচিত্রে OX কত সময় তা গাণিতিকভাবে নির্ণয় কর। ৩

ঘ. গাড়িটি B বিন্দু থেকে E বিন্দুতে সরাসরি আসলে এর ত্বরণের কীরূপ পরিবর্তন ঘটবে তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২ ▶ 1.96 kW ক্ষমতার ও 50% কর্মদক্ষতার একটি মোটর 1 মিনিটে 20 মিটার উচ্চতায় পানি তুলতে সক্ষম। মোটরটি নষ্ট হওয়ায় সমপরিমাণ পানি ঐ উচ্চতায় উঠাতে 48 kg ভরের কোনো ব্যক্তি 20 kg পানি ধারণ ক্ষমতার কোনো পাত্র নিয়ে 2 মিনিটে সমান উচ্চতায় ওঠে। পাত্রের ভর 2 kg।

ক. বিভব শক্তি কাকে বলে? ১

খ. নিউক্লিয় বিক্রিয়া পরিবেশ বান্ধব নয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. সর্বোচ্চ উচ্চতায় পানিপূর্ণ পাত্রসহ ব্যক্তির বিভব শক্তি কত নির্ণয় কর। ৩

ঘ. সমপরিমাণ পানি একটি নতুন মোটর দিয়ে 30 s সময়ে তুলতে চাইলে মোটর দুটির কর্মদক্ষতার পরিবর্তন হবে কি না বিশ্লেষণ কর। ৪

৩ ▶ গোলকাকৃতি একটি নিরেট রবারের বলের ব্যাসার্ধ 21 সে.মি.। বলটির ভর 5 kg। পানির ঘনত্ব 1000 kg m^{-3}। বলটিকে পানিতে নিমজ্জিত করার জন্য লোহার টুকরা বলের অভ্যন্তরে প্রবেশ করানো হলো। প্রতিটি লোহার টুকরার ভর 5 kg।

ক. বায়ুমণ্ডলীয় চাপ কাকে বলে? ১

খ. বরফ পানিতে ভাসে কেন? ব্যাখ্যা কর। ২

গ. রবারের বলটির ঘনত্ব নির্ণয় কর। ৩

ঘ. 10টি লোহার টুকরা বলের ভরের সমান অভ্যন্তরে প্রবেশ করালে বলটি পানিতে ডুববে কি না গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ 900 cm^3 আয়তনের একটি ইস্পাত খণ্ডের ভর 7 kg। ইস্পাত খণ্ডটির তাপমাত্রা 20 °C থেকে 50 °C এ উন্নীত করতে তাপ প্রদান করা হলো। ইস্পাতের দৈর্ঘ্য প্রসারণ সহগ $11 \times 10^{-6}\ K^{-1}$ এবং আপেক্ষিক তাপ 460 J $kg^{-1}\ K^{-1}$। পানির আপেক্ষিক তাপ 4200 J $kg^{-1}\ K^{-1}$।

ক. প্রকৃত প্রসারণ কাকে বলে? ১

খ. বাতাসের জলীয় বাষ্পের পরিমাণ কীভাবে বাষ্পায়ন নিয়ন্ত্রণ করে—ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের তাপমাত্রা বৃদ্ধিতে ইস্পাত খণ্ডের আয়তন প্রসারণ নির্ণয় কর। ৩

ঘ. ইস্পাত খণ্ডের তাপমাত্রা বৃদ্ধিতে প্রয়োজনীয় তাপ দ্বারা 0 °C তাপমাত্রার 0.5 kg ভরের বরফকে সম্পূর্ণ গলানো সম্ভব কি না? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶ বায়ু মাধ্যম থেকে একটি আলোক রশ্মি কাচে 20° কোণে আপতিত হয়ে 13.18° কোণে প্রতিসরিত হয়। একটি লেন্সের ফোকাস দূরত্ব 20 সে.মি.।

ক. লেন্সের প্রধান ফোকাস কাকে বলে? ১

খ. টেলিকমিউনিকেশনে আলোর প্রতিসরণ কীভাবে ব্যবহৃত হয়? ব্যাখ্যা কর। ২

গ. বায়ুসাপেক্ষে লেন্সের কাচের প্রতিসরণাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের লেন্সের আলোককেন্দ্র থেকে প্রধান অক্ষের 30 সে.মি. ও 15 সে.মি. দূরত্বে সৃষ্ট প্রতিবিম্ব এক নয়—রশ্মিচিত্র অঙ্কনপূর্বক বিশ্লেষণ কর। ৪

৬ ▶



ক. রোধ কাকে বলে? ১

খ. ভূ সংযোগ তার নিম্নরোধের হওয়ার কারণ, ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের বর্তনীর তুল্যরোধ নির্ণয় কর। ৩

ঘ. বর্তনীর রোধগুলোকে কীভাবে সাজালে প্রায় 3.14 ওয়াট তড়িৎ ক্ষমতা পাওয়া যাবে? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪

৭ ▶ 2 HP এর তড়িৎমোটর একটি স্টেপ ডাউন ট্রান্সফর্মারের গৌণকুণ্ডলীর প্রান্তে যুক্ত আছে। ট্রান্সফর্মারটির গাঠনিক চিত্র নিম্নরূপ :



এখানে, $n_p = 100$, $E_p = 1000$ volt

$n_s = 30$ এবং $I_p = 1.5$ Amp

ক. জেনারেটর কাকে বলে? ১

খ. বৈদ্যুতিক পাখায় তড়িৎমোটর ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. মুখ্য কুণ্ডলীর রোধের মান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের ট্রান্সফর্মারটি বৈদ্যুতিক মোটরটি চালাতে সক্ষম কি না—গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪

৮ ▶ জনাব মুবিন সাহেব প্রায়ই বুকে ব্যথা অনুভব করেন। ডাক্তারের শরণাপন্ন হলে ডাক্তার তাঁকে ই.সি.জি. করার পরামর্শ দেন। ডাক্তার ই.সি.জি. রিপোর্ট দেখে আবার তাঁকে ই.টি.টি. করাতে বললেন।

ক. এক্স-রে কী ধরনের বিকিরণ? ১

খ. পিত্ত পাথর শনাক্তকরণে কোন পরীক্ষাটি অধিকতম নিরাপদ — ব্যাখ্যা কর। ২

গ. প্রথমোক্ত পরীক্ষাটি সম্পাদনের যান্ত্রিক কৌশল বর্ণনা কর। ৩

ঘ. দ্বিতীয় বার পরীক্ষা করার পরামর্শদানের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭৮ সকল বোর্ড ২০১৮

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ একটি গাড়ি স্থিরাবস্থান হতে যাত্রা শুরু করে 6 sec সময় পর্যন্ত 2 m s^{-2} সুষম ত্বরণে চলার পর 1 min সমদ্রুতিতে চলে।

ক. মন্দন কী? ১

খ. দেখাও যে, বল একটি লব্ধ রাশি। ২

গ. সুষম ত্বরণে অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. যদি উদ্দীপকের সম্পূর্ণ দূরত্ব 2 m s^{-2} সুষম ত্বরণে অতিক্রম করত তবে মোট কত সময় লাগত? ৪

২ ▶ 250 g ভরের একটি বস্তুকে 49 m s^{-1} বেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ করা হলো।

ক. কর্মদক্ষতা কাকে বলে? ১

খ. ভূ তাপীয় শক্তিকে কিভাবে ব্যবহারযোগ্য করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. সর্বোচ্চ উচ্চতায় উঠতে বস্তুটির কত সময় লাগবে? ৩

ঘ. দেখাও যে, নিক্ষেপের শুরুতে বস্তুটির মোট শক্তি, সর্বোচ্চ উচ্চতায় মোট শক্তির সমান। ৪

৩ ▶



ক. তাড়িত চৌম্বক আবেশ কাকে বলে? ১

খ. p-n জাংশন রেকটিফায়ার হিসেবে কাজ করে– ব্যাখ্যা কর। ২

গ. গৌণ কুণ্ডলীর ভোল্টেজ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে গাণিতিক পদ্ধতিতে দেখাও যে, মুখ্য কুণ্ডলীতে প্রদত্ত মোট ক্ষমতা গৌণ কুণ্ডলীতে প্রদত্ত মোট ক্ষমতার সমান। ৪

৪ ▶ রনি ও জনি দুই বন্ধু একদিন একটি পাহাড়ের সামনে দাঁড়িয়েছিল। জনি তার হাতে থাকা বন্দুক হতে উপরের দিকে গুলি ছুঁড়লো। জনি উক্ত শব্দের প্রতিধ্বনি না শুনলেও 1 m পেছনে থাকা রনি 0.1005 sec পর প্রতিধ্বনি শুনেছিল। ঐ দিন বাতাসের তাপমাত্রা ছিল 25 °C।

ক. বিস্তার কাকে বলে? ১

খ. শীতকাল অপেক্ষা বর্ষাকালে শব্দ দ্রুত শুনা যায় কেন? ২

গ. রনি ও পাহাড়ের মধ্যবর্তী দূরত্ব কত? ৩

ঘ. ঐ সময় তাপমাত্রা ন্যূনতম কত হলে জনি প্রতিধ্বনি শুনতে পেত? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶



চিত্রে লক্ষ্যবস্তুর দূরত্ব 10 cm

ক. অপটিক্যাল ফাইবার কী? ১

খ. কোনো লেন্সের ক্ষমতা 3D বলতে কী বুঝায়? ২

গ. বিম্বের দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. যদি লক্ষ্যবস্তুটিকে দর্পণের সামনে 5 cm দূরে রাখা হয় তবে সৃষ্ট বিম্বের আকৃতি-প্রকৃতি ও অবস্থান রশ্মি চিত্র এঁকে বিশ্লেষণ কর। ৪

৬ ▶ 200 g ভরের একটি আয়তাকার বস্তুর ক্ষেত্রফল ও উচ্চতা যথাক্রমে 24 cm^2 ও 3 cm। কেরোসিনে বস্তুর ওজন 1.4 N। উল্লেখ্য যে, কেরোসিনের ঘনত্ব 800 kg m^{-3}।

ক. প্লবতা কাকে বলে? ১

খ. নদীর পানি অপেক্ষা সাগরের পানিতে সাঁতার কাটা সহজতর কেন? ২

গ. বস্তুটির উপাদানের ঘনত্ব কত? ৩

ঘ. প্রদত্ত উপাত্ত আর্কিমিডিসের নীতি মেনে চলে কি-না গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৭ ▶ 200 °C তাপমাত্রার জ্বলন্ত একটি চুলার পাশে 15 °C তাপমাত্রার একটি 3 kg ভরের কঠিন বস্তু রাখা হলো। ফলে নির্দিষ্ট সময় পর এর তাপমাত্রা হলো 86 °F। বস্তুটির উপাদানের আপেক্ষিক তাপ 361 J kg^{-1} K^{-1}, বরফ গলনের সুপ্ততাপ 336000 J kg^{-1}।

ক. আপেক্ষিক তাপ কাকে বলে? ১

খ. ইস্পাতের দৈর্ঘ্য প্রসারণ সহগ 11×10^{-6} K^{-1} বলতে কী বুঝায়? ২

গ. বস্তুটির তাপমাত্রা 86 °F এ পৌঁছাতে কী পরিমাণ তাপ শোষণ করতে হয়েছে? ৩

ঘ. উল্লিখিত নির্দিষ্ট সময় পর বস্তুটিকে 500 g গলিত বরফের ঠাণ্ডা পানিতে ছেড়ে দিলে মিশ্রণের সর্বোচ্চ তাপমাত্রা কত হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶



Fig-1



Fig-2

ক. তড়িৎ আবেশ কাকে বলে? ১

খ. পৃথিবীর বিভবকে শূন্য ধরা হয় কেন? ২

গ. Fig-1 হতে তড়িৎ প্রবাহ নির্ণয় কর। ৩

ঘ. Fig-2 তে R এর মান কত হলে তড়িৎ প্রবাহ Fig-1 এর তড়িৎ প্রবাহের দ্বিগুণ হবে? ৪

৭৯ ঢাকা বোর্ড ২০১৭

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ 80 kg ভরের একটি হরিণ 72 km h^{-1} সুষম বেগে চলার সময় 75 m পেছনে গাছের আড়ালে লুকিয়ে থাকা 200 kg ভরের একটি বাঘ 1.5 m s^{-2} সুষম ত্বরণে 30 s যাবত হরিণটিকে তাড়া করল।

ক. জড়তা কী? ১

খ. 50 N বল বলতে কী বুঝ? ২

গ. দৌড় শুরুর 10 s পর বাঘটির গতিশক্তি হিসাব কর। ৩

ঘ. বাঘটির পক্ষে হরিণটিকে ধরা সম্ভব হবে কি? গাণিতিক যুক্তিসহ মতামত দাও। ৪

২ ▶ একটি কুয়ার গভীরতা 3500 cm, বায়ুর তাপমাত্রা 65 °F উক্ত তাপমাত্রায় বাতাসে শব্দের বেগ 343 m s^{-1}।

ক. তরঙ্গবেগ কী? ১

খ. কম্পাঙ্ক ও পর্যায়কালের মধ্যে সম্পর্ক স্থাপন কর। ২

গ. সেলসিয়াস স্কেলে উক্ত স্থানের তাপমাত্রা নির্ণয় কর। ৩

ঘ. কুয়ার মুখে শব্দ করলে প্রতিধ্বনি শুনতে পাবে কি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶



A এবং B চার্জ দুটিকে বায়ু মাধ্যমে স্থাপন করা হয়েছে।

ক. বিভব কাকে বলে? ১

খ. বাল্বের গায়ে লেখা 220 V – 60 W এর অর্থ ব্যাখ্যা কর। ২

গ. চার্জদ্বয়ের মধ্যে ক্রিয়াশীল বলের মান নির্ণয় কর। ৩

ঘ. চার্জদ্বয়ের মধ্যে C বিন্দুতে একটি একক ধনাত্মক চার্জ স্থাপন করা হলো। A ও B চার্জদ্বয়ের কোনটির জন্য C বিন্দুতে তীব্রতা বেশি হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ 20 cm^2 ক্ষেত্রফল ও 10 cm উচ্চতাবিশিষ্ট একটি বস্তুর বাতাসে ও পানিতে ওজন যথাক্রমে 9.8 N এবং 7.84 N এখানে, g = 9.8 m s^{-2}।

ক. আর্কিমিডিসের সূত্রটি বিবৃত কর। ১

খ. কোনো বস্তু ভাসা এবং নিমজ্জনের শর্তগুলি উল্লেখ কর। ২

গ. বস্তুর উপাদানের ঘনত্ব নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকটি আর্কিমিডিসের সূত্র মেনে চলে কি-না গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶



ক. তড়িৎ বর্তনী কী? ১

খ. সিস্টেম লস কীভাবে কমানো যায়? ২

গ. বর্তনীটির তুল্যরোধ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের বর্তনীটির সবগুলো রোধ সমান্তরালে সংযুক্ত করলে সৃষ্ট তড়িৎ প্রবাহের কারণে ফিউজটি অক্ষত থাকবে কি-না গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬ ▶



এখানে, ∠BON′ = 48°, ∠B′ON = 90° এবং $C_g = 3 \times 10^8$ m s^{-1}।

ক. আলোর প্রতিফলন কাকে বলে? ১

খ. কখন পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন হবে? ব্যাখ্যা কর। ২

গ. b মাধ্যমে আলোর বেগ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের বায়ু মাধ্যমের পরিবর্তে কাচ মাধ্যম নেওয়া হলে পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন পাওয়া সম্ভব কি-না রশ্মিচিত্রের মাধ্যমে বিশ্লেষণ কর। ৪

৭ ▶



ক. গতিশক্তি কাকে বলে? ১

খ. ধনুকের রশি টেনে তীর ছোঁড়ার সময় কীভাবে শক্তির রূপান্তর ঘটে? ব্যাখ্যা দাও। ২

গ. বস্তুটি কত বেগে ভূমিতে আঘাত করবে? নির্ণয় কর। ৩

ঘ. B বিন্দু থেকে বস্তুটিকে মুক্তভাবে ছেড়ে দিলে বস্তুটি শক্তির সংরক্ষণশীলতার নীতি মেনে চলে– গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶ একটি ট্রান্সফর্মারের মুখ্যকুণ্ডলী ও গৌণকুণ্ডলীর পাকসংখ্যার অনুপাত 1 : 50। ঐ যন্ত্রের মুখ্যকুণ্ডলীর তড়িৎপ্রবাহ 5A এবং ভোল্টেজ 220 V।

ক. সলিনয়েড কী? ১

খ. মোটরকে জেনারেটরের বিপরীত যন্ত্র বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের আলোকে $E_p : E_s$ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে গাণিতিকভাবে দেখাও যে ট্রান্সফর্মারে মুখ্য এবং গৌণকুণ্ডলীতে বৈদ্যুতিক ক্ষমতা ধ্রুব থাকে। ৪

বেকচার

৮০ ✓ রাজশাহী বোর্ড ২০১৭

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট | **পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶

বেগ ($m\ s^{-1}$)	0	10	20	30	40	50	60
সময় (s)	0	4	8	12	16	20	24

ক. মাত্রা কাকে বলে? ১

খ. বস্তুর ওজন পৃথিবীর বিভিন্ন স্থানে বিভিন্ন হয় কেন ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের তথ্যের আলোকে ৬ষ্ঠ সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. প্রদত্ত তথ্যের আলোকে লেখচিত্র অঙ্কন কর এবং এর ঢাল (Slope) নির্ণয় কর। ৪

২ ▶ 400 cm^3 আয়তনের একটি বস্তুর বাতাসে ওজন 19.6 N. পানিতে নিমজ্জিত করলে বস্তুটির ওজন হয় 15.68 N. পরীক্ষণীয় স্থানে অভিকর্ষজ ত্বরণ $g = 9.8\ m\ s^{-2}$।

ক. প্লবতা কাকে বলে? ১

খ. নির্দিষ্ট গভীরতায় চাপ তরলের প্রকৃতির উপর নির্ভরশীল— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের বস্তুটির ঘনত্ব নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপক আর্কিমিডিসের সূত্রকে সমর্থন করে কী-না? গাণিতিকভাবে বিশ্লেষণ করে মতামত দাও। ৪

৩ ▶



চিত্র : ধাতব খণ্ড

তাপমাত্রা 30 °C বৃদ্ধি করলে চিত্রের পৃষ্ঠটির ক্ষেত্রফল 0.1 m^2 বৃদ্ধি ঘটে।

ক. পুনঃশিলীভবন কী? ১

খ. পদার্থের প্লাজমা অবস্থা ব্যাখ্যা কর। ২

গ. ধাতব খণ্ডটির দৈর্ঘ্য প্রসারণ সহগ নির্ণয় কর। ৩

ঘ. ঐ ধাতুর ক্ষেত্রফল 6% বৃদ্ধি করতে চাইলে তাপমাত্রা কত বৃদ্ধি করতে হবে? ৪

৪ ▶



ক. p – n জংশন ডায়োড কাকে বলে? ১

খ. আমরা কীভাবে রঙিন বস্তুর আলোকীয় উপলব্ধি পাই ব্যাখ্যা কর। ২

গ. A ও B আধানদ্বয়ের মধ্যকার বলের মান নির্ণয় কর। [ধ্রুবক $C = 9 \times 10^9\ Nm^2\ C^{-2}$] ৩

ঘ. P আধানকে A ও B আধানদ্বয়ের মধ্যবর্তী কোনো স্থানে স্থাপন করলে এর উপর A ও B আধানদ্বয়ের কোনো প্রভাব থাকবে না? গাণিতিকভাবে বিশ্লেষণ করে তোমার মতামত দাও। ৪

৫ ▶ আলোকরশ্মি a মাধ্যম থেকে b মাধ্যমে প্রবেশ করায় এর বেগ এক-তৃতীয়াংশ হ্রাস পেল। a মাধ্যমে আলোর বেগ $3 \times 10^8\ m\ s^{-1}$.



ক. প্রতিসরণাঙ্ক কাকে বলে? ১

খ. মানুষের দুইটি চোখ থাকার সুবিধা ব্যাখ্যা কর। ২

গ. প্রতিসরণ কোণের মান 35° হলে আপতন কোণের মান নির্ণয় কর। ৩

ঘ. আপতন কোণের মান পরিবর্তন না করে যদি প্রতিসরণ কোণের মান 5° বৃদ্ধি করা হয়, তাহলে b মাধ্যমে আলোর বেগের কীরূপ পরিবর্তন আনতে হবে? গাণিতিক যুক্তিসহ মতামত দাও। ৪

৬ ▶



বস্তুটিকে A অবস্থান থেকে মুক্তভাবে ছেড়ে দেয়া হলো।

ক. বিভব শক্তি কাকে বলে? ১

খ. বায়োমাসকে শক্তির বহুমুখী উৎস হিসাবে বিবেচনা করা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. ভূমি থেকে A বিন্দুতে বস্তুটি উঠাতে যদি 2 মিনিট সময় লাগে তবে কত ক্ষমতা প্রয়োগ করা হয়েছিল নির্ণয় কর। ৩

ঘ. B এবং C বিন্দুতে শক্তির সংরক্ষণশীলতার নীতি অনুসৃত হয়েছিল কি-না গাণিতিকভাবে মূল্যায়ন কর। ৪

৭ ▶ P মাধ্যমে দুটি ভিন্ন উৎস হতে সৃষ্ট শব্দদ্বয়ের কম্পাঙ্ক 340 Hz এবং 400 Hz এবং এদের তরঙ্গদৈর্ঘ্যের পার্থক্য 0.165 m. অপর একটি মাধ্যম Q তে শব্দের বেগ $400\ m\ s^{-1}$।

ক. স্পর্শ বল কাকে বলে? ১

খ. শব্দের বেগের সাথে মাধ্যমের প্রকৃতির সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. P মাধ্যমে শব্দের বেগ নির্ণয় কর। ৩

ঘ. মাধ্যমদ্বয়ে একই শব্দের তরঙ্গদৈর্ঘ্যের পার্থক্য 0.1 m হলে তরঙ্গটি 80 বার কম্পনে Q মাধ্যমে 124 m যেতে পারবে কি-না গাণিতিক বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৮ ▶



ক. ECG এর পূর্ণরূপ লিখ। ১

খ. দূরদূরান্তে তড়িৎ প্রেরণের জন্য তড়িৎ প্রবাহ হ্রাস করা হয় কেন? ২

গ. চিত্র A হতে X এর মান নির্ণয় কর। ৩

ঘ. X এর প্রাপ্ত মান দ্বারা চিত্র B এর বাল্বগুলো একত্রে জ্বালালে সর্বোচ্চ পরিমাণ আলো পাওয়া সম্ভব কি-না গাণিতিকভাবে বিশ্লেষণ করে তোমার মতামত দাও। ৪

৮১ যশোর বোর্ড ২০১৭

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶



চিত্র : 10 kg ভরের একটি বস্তুর ভরবেগ-সময় লেখচিত্র

ক. ভরবেগের সংরক্ষণ সূত্রটি লিখ। ১

খ. চলন্ত বাস হতে বাইরের গাছপালাগুলোকে গতিশীল মনে হয়– ব্যাখ্যা কর। ২

গ. বস্তুটির ১ম 25 s এ অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. চিত্রে OA, AB ও CD অংশে ক্রিয়াশীল বল গাণিতিকভাবে তুলনা কর। ৪

২ ▶



P বস্তুর ভর 5 kg

এখানে ঘর্ষণ বল 10 N

ক. পড়ন্ত বস্তুর ৩য় সূত্রটি লিখ। ১

খ. বৈদ্যুতিক পাখার ঘূর্ণন সুইচ বন্ধ করার সাথে সাথে থেমে যায় না কেন– ব্যাখ্যা কর। ২

গ. F নির্ণয় কর। ৩

ঘ. 100 m অতিক্রম করার পর প্রযুক্ত বল অপসারণ করলে বস্তুটি প্রথম থেকে সর্বমোট কত সময় পর থেমে যাবে? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৩ ▶ একটি পাত্র পানি দিয়ে এবং অপর একটি পাত্র কেরোসিন দিয়ে পরিপূর্ণ আছে। প্রথম পাত্রটির উচ্চতা 75 cm এবং পানি ও কেরোসিনের ঘনত্ব যথাক্রমে 1000 kg m^{-3} ও 800 kg m^{-3}। অপর একটি বস্তু আছে যার আয়তন 400 cm^3।

ক. হুকের সূত্রটি লিখ। ১

খ. বেড়িবাঁধ তৈরি করার সময় বাঁধের উপরের অংশ অপেক্ষা নিচের অংশ চওড়া রাখা হয় কেন? ২

গ. প্রথম পাত্রের তলদেশে চাপের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. প্রদত্ত বস্তুটিকে ১ম ও ২য় পাত্রের তরলের মধ্যে ছেড়ে দিলে কোন পাত্রে প্লবতার মান বেশি হবে– তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ 23° তাপমাত্রার 500 g ভরের তামার পাত্রে 75° তাপমাত্রার 200 mL পানি রাখা হলো। ফলে তাপ আদান-প্রদানের ফলে উভয়ের চূড়ান্ত তাপমাত্রা হলো 65°C. তাপ দেওয়ার ফলে পানির আপাত প্রসারণ হয় 1.49 mL। (এখানে অন্য কোনোভাবে তাপের আদান-প্রদান হয় নাই) তামার আয়তন প্রসারণ সহগ 50.1×10^{-6} K^{-1} পানির ঘনত্ব 1000 kg m^{-3} (ধরে)।

ক. ঘনত্ব কাকে বলে? ১

খ. কোনো বস্তুকে তরলে নিমজ্জিত করলে ওজন হারায় বলে মনে হয় কেন– ব্যাখ্যা কর। ২

গ. পানির প্রকৃত প্রসারণ নির্ণয় কর। ৩

ঘ. উক্ত ঘটনায় চূড়ান্ত তাপমাত্রা আরও 5 °C বৃদ্ধি করতে অতিরিক্ত কতটুকু পানির প্রয়োজন– গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৫ ▶ + 2.5 d ক্ষমতাবিশিষ্ট একটি লেন্সের প্রধান অক্ষের উপর লেন্স থেকে 20 cm দূরে একটি লক্ষ্যবস্তু রাখা আছে।

ক. তেজস্ক্রিয়তা কাকে বলে? ১

খ. স্বাভাবিক চোখে যে কোনো দূরত্বের বস্তুই দেখা যায় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উক্ত লেন্স হতে বস্তুটির বিম্বের দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. উপরোক্ত লেন্স দিয়ে চোখের কোন ত্রুটির প্রতিকার করা হয় তা রশ্মিচিত্র অঙ্কন করে বুঝিয়ে দাও। ৪

৬ ▶



অসীম হতে +5 C আধান A এবং B এর তড়িৎক্ষেত্রে আনতে কৃতকাজ যথাক্রমে 200 J এবং 300 J।

ক. কুলম্বের সূত্রটি লিখ। ১

খ. আহিত বস্তুর তড়িৎক্ষেত্রের মধ্যে বিন্দুবস্তু যতদূর সরে যাবে বিভব তত হ্রাস পাবে– ব্যাখ্যা কর। ২

গ. A ও B এর মধ্যে ক্রিয়াশীল বল নির্ণয় কর। ৩

ঘ. A ও B কে পরিবাহী তার দ্বারা যুক্ত করলে ইলেকট্রন প্রবাহের দিক গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৭ ▶



ক. তড়িৎ ধারক কী? ১

খ. একটি তামার তারকে সুষমভাবে টেনে লম্বা করা হলে রোধের পরিবর্তন ব্যাখ্যা কর। ২

গ. বর্তনীর তুল্য রোধ নির্ণয় কর। ৩

ঘ. R_1, R_2 এবং R_4 এর মধ্যে কোনটির ক্ষমতা বেশি– গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶



ক. অর্ধায়ু কী? ১

খ. এম আর আই ব্যথাহীন ও নিরাপদ রোগ নির্ণয় পদ্ধতি– ব্যাখ্যা কর। ২

গ. I_s নির্ণয় কর। ৩

ঘ. E_p তড়িৎ উৎস যদি AC এর পরিবর্তে DC নেওয়া হয় তবে, ট্রান্সফর্মারটির ক্রিয়া কৌশল ব্যাখ্যা কর। ৪

৮২ কুমিল্লা বোর্ড ২০১৭

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ স্লাইড ক্যালিপার্সের ভার্নিয়ার ধ্রুবক 0.01 cm। উক্ত স্লাইড ক্যালিপার্স দিয়ে একটি গোলকের ব্যাস পরিমাপ করা হলো, যার— মূল স্কেলের পাঠ 12.2 cm ; ভার্নিয়ার সমপাতন 5 যন্ত্রটির যান্ত্রিক ত্রুটি নেই; উক্ত গোলকের ভর 1 kg

ক. লঘিষ্ঠ গণন কী? ১

খ. বল একটি লব্ধ রাশি— ব্যাখ্যা কর। ২

গ. উক্ত গোলকের ব্যাসার্ধ নির্ণয় কর। ৩

ঘ. উক্ত গোলকটি পানিতে ভাসবে না ডুববে গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

২ ▶



P অবস্থান থেকে একটি প্রাইভেট কার 21 m s^{-2} সমবেগে এবং Q অবস্থান থেকে অপর একটি ট্রাক স্থির অবস্থান হতে 2 m s^{-2} ত্বরণে একই দিকে চলছে?

ক. পিচ কী? ১

খ. বল একটি লব্ধ রাশি— ব্যাখ্যা কর। ২

গ. ট্রাকটির 20তম সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. চলার পথে প্রাইভেট কার ও ট্রাকটি পরস্পরকে কতবার অতিক্রম করবে? — গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶



100 g ভরের একটি বস্তু A বিন্দুতে স্থির আছে। বস্তুটিকে মুক্তভাবে পড়তে দেওয়া হলো।

ক. নিউটনের গতির ২য় সূত্রটি লেখ। ১

খ. দেয়ালে পেরেক ঢুকালে আটকে থাকে কেন? ব্যাখ্যা কর। ২

গ. বস্তুটির সর্বোচ্চ গতিশক্তি নির্ণয় কর। ৩

ঘ. বস্তুটির A বিন্দুর মোট শক্তি এবং B বিন্দুর মোট শক্তি অপরিবর্তিত থাকে— গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৪



তামার তারের তাপমাত্রা 150 °C বৃদ্ধি করা হলো।

ক. পানির ত্রৈধবিন্দু কী? ১

খ. চাপ, পদার্থের তাপমাত্রিক ধর্ম— ব্যাখ্যা কর। ২

গ. তামার তারকে উত্তপ্ত করতে প্রয়োজনীয় তাপের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. তাপমাত্রা বৃদ্ধির পর উক্ত তামার তারটি 10.06 mm ব্যাসবিশিষ্ট রিং এর মধ্যে প্রবেশ করানো যাবে কি-না?— গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶ সমতল পৃষ্ঠের উপর অবস্থিত দুটি ১০ তলা ভবনের মাঝে ভূ-পৃষ্ঠের উপর দাঁড়িয়ে এক ব্যক্তি বন্দুক থেকে গুলি ছুঁড়ল। সে 2s পরে প্রথম প্রতিধ্বনি এবং 2.15 s পরে দ্বিতীয় প্রতিধ্বনি শুনতে পেল। ঐ সময়ে বায়ুর তাপমাত্রা ছিল 35 °C।

ক. বিস্তার কাকে বলে? ১

খ. শব্দের তীব্রতা 40 Wm^{-2} বলতে কী বুঝায়? ২

গ. ভবন দুটির মধ্যবর্তী দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপক অনুসারে ব্যক্তিটি ২য় প্রতিধ্বনি শুনার কত সময় পর তৃতীয় প্রতিধ্বনি শুনতে পারবে?— গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬ ▶ + 2.5 d ক্ষমতাবিশিষ্ট একটি লেন্সের প্রধান অক্ষের উপর লেন্স থেকে 20 cm দূরে একটি লক্ষ্যবস্তু রাখা আছে।

ক. তেজস্ক্রিয়তা কাকে বলে? ১

খ. স্বাভাবিক চোখে যে কোনো দূরত্বের বস্তুই দেখা যায় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উক্ত লেন্স হতে বস্তুটির বিম্বের দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. উপরোক্ত লেন্স দিয়ে চোখের কোন ধরনের ত্রুটি প্রতিকার করা যায়? রশ্মিচিত্র অঙ্কন করে বুঝিয়ে দাও। ৪

৭ ▶



ক. তড়িৎক্ষেত্র কাকে বলে? ১

খ. দুইটি বিন্দু আধানের মধ্যবর্তী দূরত্ব অর্ধেক করলে তাদের মধ্যে ক্রিয়াশীল কুলম্ব বল পরিবর্তন ব্যাখ্যা কর। ২

গ. V_b নির্ণয় কর। ৩

ঘ. AB ও CD তারের উপাদানের মধ্যে কোনটির পরিবাহকত্ব বেশি? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৮ ▶



চিত্র-১ চিত্র-২

ক. এনজিওগ্রাফি কী? ১

খ. স্পীকার কীভাবে কাজ করে? ব্যাখ্যা কর। ২

গ. চিত্র-১ এ A ও B এর মধ্যে কোনটি উত্তর মেরু? ব্যাখ্যা কর। ৩

ঘ. চিত্র-২ এ তারটি কোন দিকে লব্ধি বল অনুভব করবে? বিশ্লেষণ কর। ৪

৮৩ চট্টগ্রাম বোর্ড ২০১৭

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ 15 kW এর একটি মোটর 2 কুইন্টাল পানি 1 মিনিটে 300 m উঁচুতে উঠাতে পারে।

ক. বৈজ্ঞানিক প্রতীক কাকে বলে? ১

খ. চলন গতি ও ঘূর্ণন গতির মধ্যে দুইটি পার্থক্য লিখ। ২

গ. মোটরটির কার্যকর ক্ষমতা কত? ৩

ঘ. মোটরটির কর্মদক্ষতা 5% বৃদ্ধি হলে ব্যয়িত শক্তির কী পরিমাণ পরিবর্তন হবে– গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২ ▶ গতিশক্তি এক প্রকার যান্ত্রিক শক্তি। রহিমের ভর 30 kg এবং এবং করিমের ভর 20 kg. একটি দৌড় প্রতিযোগিতায় রহিম 5 m/s এবং করিম 6 m/s বেগে দৌড়ায়। এ বেগ অর্জন করতে কৃতকাজই তাদের গতিশক্তি।

ক. নিউটনের দ্বিতীয় সূত্রটি লিখ। ১

খ. রহিমের গতিশক্তি ঋণাত্মক হতে পারে কি-না? ব্যাখ্যা কর। ২

গ. দৌড়ের সময় কার গতিশক্তি কম ছিল– নির্ণয় কর। ৩

ঘ. যদি রহিম ও করিমের ভরবেগ সমান হতো তাহলে কার গতিশক্তি অপেক্ষাকৃত বেশি হতো? বিশ্লেষণ কর। ৪

৩ ▶ পলাশ একটি পাহাড়ের সামনে দাঁড়িয়ে শব্দ করল এবং 0.15 s পর প্রতিধ্বনি শুনতে পেল। ঐ স্থানের বায়ুর তাপমাত্রা 30 °C।

ক. তরঙ্গ কী? ১

খ. সকল প্রতিফলিত শব্দ শোনা যায় না কেন? ২

গ. পলাশের নিকট থেকে পাহাড়ের দূরত্ব কত? ৩

ঘ. পলাশ ক্রমাগত শব্দ করতে করতে পাহাড়ের দিকে এগিয়ে যেতে থাকলে সর্বোচ্চ কত দূরত্ব পর্যন্ত প্রতিধ্বনি শুনতে পাবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ একটি আয়তাকার ব্লকের তলদেশের ক্ষেত্রফল 25 cm^3, একে পানির মধ্যে ডুবানো হলো। পানির ঘনত্ব 1,000 kg m^{-3}। পানির উপরিতল থেকে ব্লকের উপরের পৃষ্ঠের গভীরতা 5 cm, ব্লকের উচ্চতা 2 cm। ব্লকের ভর 200 g এবং পানিতে ওজন 1.47 N।

ক. ঘনত্ব কী? ১

খ. কঠিন বস্তুর কোনো তরলে ভাসন ও নিমজ্জনের কারণ ব্যাখ্যা কর। ২

গ. ব্লকের তলদেশে পানির চাপ নির্ণয় কর। ৩

ঘ. এটি আর্কিমিডিসের সূত্রকে সমর্থন করে কি-না– বিশ্লেষণ কর। ৪

৫ ▶



১নং চিত্র



২নং চিত্র

ক. লেন্সের আলোক কেন্দ্র কাকে বলে? ১

খ. চোখের উপযোজন ক্ষমতা ব্যাখ্যা কর। ২

গ. ১নং চিত্রে লেন্সটির ক্ষমতা নির্ণয় কর। ৩

ঘ. ২নং চিত্রে A ও B অবস্থানে লক্ষ্যবস্তু রাখলে প্রতিবিম্ব কেমন হবে? রশ্মি চিত্রসহ বিশ্লেষণ কর। ৪

৬ ▶ চিত্রে বর্তনীর তড়িৎ প্রবাহ 1.5 A.



ক. তড়িৎ বর্তনী কী? ১

খ. তড়িতের সিস্টেম লস ব্যাখ্যা কর। ২

গ. 5 মিনিটে উক্ত কোষটির ব্যয়িত শক্তি নির্ণয় কর। ৩

ঘ. AD ও DE অংশের দুই প্রান্তের বিভব পার্থক্য সমান হবে কী? গাণিতিক যুক্তি দাও। ৪

৭ ▶



ক. তড়িৎ তীব্রতা কাকে বলে? ১

খ. আলফা ও গামা রশ্মির মধ্যে দুটি পার্থক্য লিখ। ২

গ. আধানদ্বয়ের মধ্যকার বিকর্ষণ বলের মান কত? ৩

ঘ. আধানদ্বয় পরিবাহী তার দ্বারা সংযুক্ত করলে বলের মানের কী পরিবর্তন হবে– গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶



ক. স্নেলের সূত্রটি বিবৃত কর। ১

খ. রঙিন বস্তুর আলোকীয় উপলব্ধি ব্যাখ্যা কর। ২

গ. কাচে আলোর বেগ কত? ৩

ঘ. আপতন কোণ কত বৃদ্ধি বা হ্রাস করলে প্রতিসরিত রশ্মি বিভেদতল ঘেঁষে যাবে– গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮৪ সিলেট বোর্ড ২০১৭

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ একটি যন্ত্র স্থির অবস্থান থেকে সুষম ত্বরণে 5 সেকেন্ডে 50 মিটার পথ অতিক্রম করে।

ক. ত্বরণ কাকে বলে? ১

খ. সমকোণে চলমান বস্তুর ত্বরণ শূন্য কেন? ২

গ. 15 সেকেন্ড পর যন্ত্রটির বেগ কত হবে? ৩

ঘ. পরবর্তী 10 মিটার পথ অতিক্রম করতে যন্ত্রটির কত সময় লাগবে? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪

২ ▶

চিত্র : A, B, C তিনটি ভিন্ন পুরুত্বের কাঠের তক্তা

10 gm ভরবিশিষ্ট একটি বুলেট 300 m s^{-1} বেগে A, B, C তক্তাত্রয়ের পুরুত্বের সমষ্টির এক-তৃতীয়াংশ প্রবেশ করে বেগ অর্ধেক হয়ে গেল।

ক. মহাকর্ষ বল কী? ১

খ. ঘর্ষণ বল কেন উৎপন্ন হয়? ২

গ. বাধাদানকারী বলের মান নির্ণয় কর। ৩

ঘ. বুলেটটি অবশিষ্ট পুরুত্ব ভেদ করতে পারবে কি না গাণিতিকভাবে বিশ্লেষণ করে মতামত দাও। ৪

৩ ▶



আপেক্ষিক তাপ 4200 J kg^{-1} K^{-1} আপেক্ষিক তাপ 1700 J kg^{-1} K^{-1}

চিত্র : A চিত্র : B বস্তু

ক. এক কেলভিন কাকে বলে? ১

খ. ঘর্মাক্ত দেহে পাখার বাতাস ঠাণ্ডা অনুভূত হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. B বস্তুর তাপমাত্রাকে ফারেনহাইট স্কেলে প্রকাশ কর। ৩

ঘ. A পাত্রের শুধু তরল ও B পাত্রের তাপমাত্রা 30 °C বৃদ্ধি করতে কোনটিতে কত বেশি তাপের প্রয়োজন হবে গাণিতিকভাবে বিশ্লেষণ কর। (4 °C তাপমাত্রায় 1 cc পানির ভর 1 gm) ৪

৪ ▶



ক. বিভব শক্তি কাকে বলে? ১

খ. টরিসেলির শূন্যস্থান কী? ব্যাখ্যা কর। ২

গ. পিস্টন-2 এর অনুভূত বলের মান নির্ণয় কর। ৩

ঘ. A বস্তুটি উদ্দীপকের তরলে ছেড়ে দিলে ভাসবে না ডুববে গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶



ক. প্রতিসরাঙ্ক কী? ১

খ. মানবদেহে দুটি চোখ থাকা সুবিধাজনক কেন? ২

গ. (a) মাধ্যমের আপেক্ষিক প্রতিসরাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের মাধ্যম দুটি পরস্পর বিনিময় করা হলে এবং PQ রশ্মি একই অভিমুখে আপতিত হলে কী ঘটবে? গাণিতিক বিশ্লেষণসহ মতামত দাও। ৪

৬ ▶



M অবস্থানে প্রতিধ্বনি শুনার সময় 0.5 সেকেন্ড।

ক. প্রতিধ্বনি কী? ১

খ. দিনের বেলা অপেক্ষা রাতের বেলায় শব্দের বেগ বেশি থাকে কেন? ২

গ. M অবস্থান থেকে R প্রতিফলনের দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. T অবস্থান থেকে শব্দ করলে প্রতিধ্বনি শুনা যাবে কি? গেলে কত সেকেন্ড পর শুনা যাবে? – গাণিতিক বিশ্লেষণে তোমার মতামত দাও। ৪

৭ ▶

ট্রান্সফর্মার	পাকসংখ্যা		তড়িৎ প্রবাহ		ভোল্টেজ	
	মুখ্য	গৌণ	মুখ্য	গৌণ	মুখ্য	গৌণ
A	30	300	6A	—	500V	—
B	60	30	—	—	500V	—

ক. তড়িৎ আবেশ কাকে বলে? ১

খ. সমন্বিত বর্তনী বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ. ট্রান্সফরমার A এর গৌণ কুণ্ডলীতে তড়িৎপ্রবাহ নির্ণয় কর। ৩

ঘ. ট্রান্সফরমার A এবং B এর গৌণ কুণ্ডলীর বিভব পার্থক্য নির্ণয়পূর্বক কোনটি বসতবাড়িতে এবং কোনটি শিল্প কারখানায় ব্যবহার উপযোগী? তোমার মতামত দাও। ৪

৮ ▶



ক. তড়িচ্চালক শক্তি কাকে বলে? ১

খ. পরিবাহীর প্রস্থচ্ছেদ ও রোধ কীভাবে সম্পর্কিত ব্যাখ্যা কর। ২

গ. সংযোগটির তুল্যরোধ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের সংযোগটি কীভাবে পুনর্বিন্যাস্ত করলে তড়িৎ প্রবাহ 12.98 A পাওয়া যাবে? গাণিতিকভাবে বিশ্লেষণ করে বর্তনী অঙ্কন কর। ৪

৮৫ ✓ বরিশাল বোর্ড ২০১৭

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ স্লাইড ক্যালিপার্সের ভার্নিয়ার ধ্রুবক 0.01 cm. উক্ত স্লাইড ক্যালিপার্স দিয়ে একটি গোলকের ব্যাস পরিমাপ করা হলো যার মূল স্কেলের পাঠ 12.2 cm ভার্নিয়ার সমপাতন 5, যন্ত্রটির যান্ত্রিক ত্রুটি নেই। উক্ত গোলকের ভর 1 kg।

ক. লঘিষ্ঠ গণন কী? ১

খ. বল একটি লব্ধ রাশি– ব্যাখ্যা কর। ২

গ. উক্ত গোলকের ব্যাসার্ধ নির্ণয় কর। ৩

ঘ. উক্ত গোলকটি পানিতে ভাসবে না ডুববে গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

২ ▶



যাত্রা শুরুর একটি নির্দিষ্ট সময় পরে P ও Q গাড়ি দুটির মধ্যে সংঘর্ষ হলো এবং মিলিত বেগ 2 m s^{-1} হলো Q এর দিকে।

ক. সাম্য বল কী? ১

খ. বস্তুত আকারের উপর বলের প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. যাত্রা শুরুর কত সময় পর P ও Q গাড়ি দুটি মিলিত হবে? ৩

ঘ. উদ্দীপকটি ভরবেগের সংরক্ষণশীল নীতিকে সমর্থন করলেও গতিশক্তি সংরক্ষিত হয়নি– গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ একটি ইঞ্জিন প্রতি মিনিটে 2000 লিটার পানি 18 m উঁচু একটি দালানের ছাদে তুলতে সক্ষম। যার কর্মদক্ষতা 70%।

ক. প্যাসকেলের সূত্রটি লিখ। ১

খ. কোনো বস্তুর বিভব শক্তি 60 J বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ. ইঞ্জিনের ক্ষমতা নির্ণয় কর। ৩

ঘ. যদি ইঞ্জিনের কর্মদক্ষতা 60% হতো তাহলে সকল পানি একই উচ্চতায় তুলতে পূর্বের তুলনায় সময় কতগুণ বেশি লাগবে– গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৪ ▶



ক. আপেক্ষিক তাপ কী? ১

খ. ভবন তৈরিতে লোহার রড ব্যবহার করা হয়– ব্যাখ্যা কর। ২

গ. গোলকের ভর নির্ণয় কর। ৩

ঘ. ছোট পিস্টনে 15 N বল প্রয়োগ করলে বড় পিস্টনের বস্তুটিকে উঠানো যাবে কী? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৫ ▶ নির্দিষ্ট উৎস হতে সৃষ্ট শব্দের বায়ুতে তরঙ্গ–

বায়ুতে শব্দের বেগ 347 m s^{-1}

পানিতে শব্দের বেগ 1474.75 m s^{-1}



ক. বিস্তার কাকে বলে? ১

খ. ঘর্মাক্ত অবস্থায় চলন্ত ফ্যানের নিচে বসলে ঠাণ্ডা লাগে কেন? ব্যাখ্যা কর। ২

গ. বায়ুর তাপমাত্রা নির্ণয় কর। ৩

ঘ. বায়ুর তুলনায় পানিতে সৃষ্ট শব্দের তরঙ্গদৈর্ঘ্যের কিরূপ পরিবর্তন হবে– গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৬ ▶



ক. অপটিক্যাল ফাইবার কী? ১

খ. বায়ুর সাপেক্ষে পানির প্রতিসরাঙ্ক 1.33 বলতে কী বুঝ? ২

গ. বস্তুটি দর্পণ হতে 30 cm দূরে থাকলে বিম্বের দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে লক্ষ্যবস্তুর অবস্থান কোথায় হলে প্রতিবিম্ব বাস্তব এবং বিবর্ধিত হবে– রশ্মিচিত্রের মাধ্যমে দেখাও। ৪

৭ ▶ দুটি চার্জিত বস্তুর মধ্যবর্তী দূরত্ব 700 cm এদের আধান যথাক্রমে 7.29 C ও 12.25 C। চার্জ দুটির মাঝে একটি বিন্দু D যেখানে তড়িৎ তীব্রতা শূন্য।

ক. তড়িৎ আবেশ কী? ১

খ. বিদ্যুৎ লাইনের সাথে ধাতব খুঁটির সরাসরি সংযোগ থাকে না কেন? ব্যাখ্যা কর। ২

গ. উক্ত চার্জ দুটির মধ্যবর্তী বল নির্ণয় কর। ৩

ঘ. D চার্জ দুটির মধ্যবিন্দু কি-না তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶



ক. তড়িৎ ধারক কী? ১

খ. একটি তামার তারকে সুষমভাবে টেনে লম্বা করা হলে রোধের পরিবর্তন ব্যাখ্যা কর। ২

গ. বর্তনীর তুল্যরোধ নির্ণয় কর। ৩

ঘ. R_1, R_2 এবং R_4 এর মধ্যে কোনটির ক্ষমতা বেশি– গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮৬ ✓ দিনাজপুর বোর্ড ২০১৭

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ 5 J শক্তির মোটর দ্বারা চালিত 250 g ভরের খেলনা গাড়িকে ১ম বার 4 m s^{-1} সুষম বেগে এবং পরবর্তীতে গাড়িটিকে স্থির অবস্থান হতে 1 m s^{-2} সুষম ত্বরণে 8 m চালনা করা হলো।

ক. এক জুল কাকে বলে? ১

খ. প্যাঁচযুক্ত পানির কল যা ঘুরিয়ে খুলতে হয়, সাবানযুক্ত ভেজা হাতে তা খোলা কষ্টকর কেন? ২

গ. দ্বিতীয়বারে গাড়িটির উল্লিখিত দূরত্ব অতিক্রম করতে কত সময় লাগবে? ৩

ঘ. উভয় ক্ষেত্রে গাড়িটির কর্মদক্ষতার কোনো পরিবর্তন হলো কি? গাণিতিক যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

২ ▶ 900 m^3 আয়তনের এবং 300 kg ভরের একটি জলযান পানিতে ভেসে থাকে। তখন উহার উপর 2.94 × 10^6 N প্লবতা কাজ করে। জলযানটির আকার অপরিবর্তনীয় রেখে সম্পূর্ণ নিমজ্জিত অবস্থায় সাবমেরিন হিসাবে চালাতে চেষ্টা করা হলো।

ক. প্লবতা কাকে বলে? ১

খ. নির্দিষ্ট তরলে নির্দিষ্ট গভীরতায় কোনো বিন্দুতে চাপের তারতম্যের কারণ কী? ২

গ. ভেসে থাকা অবস্থায় জলযানটির আয়তনের কত অংশ পানিতে ডুবে থাকে? ৩

ঘ. কি ধরনের পরিবর্তনের ফলে উল্লিখিত শেষোক্ত চেষ্টা সফল হবে? গাণিতিক যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৩ ▶ 1 মিটার দীর্ঘ ও 3 kg ভরের একটি দণ্ডের তাপমাত্রা 30°C থেকে 50°C-এ উন্নীত করতে 24000 J তাপ প্রয়োগ করতে হলো এবং ইহার দৈর্ঘ্য প্রসারণ হলো 2.34 × 10^{-3} m. অনুরূপ অন্য একটি দণ্ডের একই তাপমাত্রা বৃদ্ধির জন্য দৈর্ঘ্য প্রসারণ হলো 2.2 × 10^{-4} m।

ক. তাপধারণ ক্ষমতা কী? ১

খ. গলনাঙ্কের উপর চাপের প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. ১ম দণ্ডটির আপেক্ষিক তাপ নির্ণয় কর। ৩

ঘ. দণ্ড দুটির দৈর্ঘ্য প্রসারণ ভিন্ন হওয়ার কারণ গাণিতিক যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৪ ▶ একজন দন্তচিকিৎসক কাজের সুবিধার জন্য 6 cm ফোকাস দূরত্ববিশিষ্ট গোলীয় দর্পণ 'X' ব্যবহার করেন। একজন গাড়ির চালকের সুবিধার জন্য গাড়ির পার্শ্বে ব্যবহৃত 60 cm ফোকাস দূরত্ববিশিষ্ট 'Y' গোলীয় দর্পণের পিছনের অন্য একটি গাড়ির বিম্বের দূরত্ব – 50 cm হলো।

ক. আলোক কেন্দ্র কী? ১

খ. লেন্সের ক্ষমতা – 0.25 D বলতে কি বুঝায়? ২

গ. Y-এ দেখা গাড়িটি দর্পণ হতে কত মিটার দূরে ছিল? ৩

ঘ. দন্ত চিকিৎসক 'X'-এর দূরত্ব দাঁত হতে 4 cm এবং 8 cm দূরে রেখে কাজ করতে চাইলে কোন অবস্থানটি বেশি সুবিধাজনক হবে তা রশ্মি চিত্রের মাধ্যমে বিশ্লেষণ কর। ৪

৫ ▶ একটি উৎসের সৃষ্ট শব্দ তরঙ্গের কম্পাঙ্ক 86 Hz. উহা পানিতে ও বায়ুতে ভিন্ন বেগের সৃষ্টি করে। পানিতে বেগ 1450 m s^{-1} এবং বায়ুতে ইহার কম্পনের চিত্র নিম্নরূপ–



ক. দশা কাকে বলে? ১

খ. শব্দের তীব্রতা 25 Wm^{-2} বলতে কি বুঝায়? ২

গ. পানিতে উল্লিখিত তরঙ্গের পর্যায়কাল নির্ণয় কর। ৩

ঘ. উল্লিখিত মাধ্যমদ্বয় উক্ত শব্দ তরঙ্গের বেগ ভিন্ন হওয়ার কারণ গাণিতিক যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৬ ▶ A ও B দুটি আহিত বস্তু এবং C নিরপেক্ষ বস্তু। A ও B এর আধান যথাক্রমে – 5 C এবং + 10 C। B এর জন্য A-এর নিকটবর্তী একটি বিন্দু X-এর তড়িৎতীব্রতা 2 NC^{-1}।

ক. তড়িৎ শক্তি কী? ১

খ. রোধ ও রোধকত্বের মধ্যে কোনটি পদার্থের ভৌত অবস্থার উপর নির্ভরশীল? ২

গ. 'X' বিন্দুর উপর B এর অনুভূত বল নির্ণয় কর। ৩

ঘ. 'C' বস্তুটিকে A বা B দ্বারা ধনাত্মক চার্জে চার্জিত করা সম্ভব কি? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৭ ▶



ক. তড়িৎ বলরেখার সাথে তড়িৎ তীব্রতার সম্পর্ক কী? ১

খ. আবিষ্ট ও আবেশী আধানের প্রকৃতি কীরূপ থাকে? ব্যাখ্যা কর। ২

গ. বর্তনীর E ও V-এর মধ্যে পার্থক্য নির্ণয় কর। (E ও V প্রচলিত অর্থ বহন করে) ৩

ঘ. রোধসমূহের সংযোগ পুনর্বিন্যস্ত করে বর্তনীতে দ্বিগুণ তড়িৎপ্রবাহ পাওয়া সম্ভব কি? গাণিতিক যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৮ ▶ রনি কপিকলের সাথে সুতায় বাঁধা 200 g ভরের একটি পতাকা 1 N বল প্রয়োগে 10 m উপরে তুলল। পরবর্তীতে সে পতাকাটি একই উচ্চতায় তুলতে সুতার অন্য প্রান্তে 1 kg ভরের বস্তু 2 m উপর থেকে ছেড়ে দিয়ে সফল হলো। রনি 5 sec-এ পতাকাটি উপরে তোলে।

ক. সুষম ত্বরণ কী? ১

খ. বেগ-সময় লেখে সুষম বেগের লেখ কেমন হবে? ব্যাখ্যা কর। ২

গ. পতাকাটি উপরে তুলতে রনির ক্ষমতা কত ছিল? ৩

ঘ. দ্বিতীয় ক্ষেত্রে শক্তির সংরক্ষণশীলতার নীতি মেনে চলবে কি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮৭ ঢাকা বোর্ড ২০১৬

বিষয় কোড : 1 3 6

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট

পূর্ণমান : ৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶

সময় sec	0	8	16	24	32	40	48
বেগ $m\ s^{-1}$	0	4	8	8	8	4	0

উপরের চার্টে স্থির অবস্থান থেকে একটি চলন্ত গাড়ির বিভিন্ন সময়ের জন্য বেগের মানের পরিবর্তন দেখানো হয়েছে।

ক. মাত্রা কাকে বলে? ১

খ. তাৎক্ষণিক দ্রুতি বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. গাড়িটির প্রথম 32 s এ অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের তথ্যের আলোকে লেখচিত্র অঙ্কন কর এবং এর বিভিন্ন অংশের বেগের প্রকৃতি বিশ্লেষণ কর। ৪

২ ▶ কোনো বেতারকেন্দ্র মিডিয়াম ওয়েভ 350 kHz-এ প্রতিদিন সকাল দশ ঘটিকার সময়ে পল্লীগীতির অনুষ্ঠান সম্প্রচার করে। রেডিও তরঙ্গবেগ $3 \times 10^8\ m\ s^{-1}$। পানিতে সৃষ্ট অপর একটি তরঙ্গের তরঙ্গদৈর্ঘ্য রেডিও তরঙ্গটির এক শতাংশ এবং পানিতে শব্দের বেগ $1450\ m\ s^{-1}$।

ক. কম্পাঙ্ক কাকে বলে? ১

খ. পুরুষের কণ্ঠস্বর মোটা কিন্তু নারী ও শিশুর কণ্ঠস্বর তীক্ষ্ণ কেন? ব্যাখ্যা কর। ২

গ. রেডিও তরঙ্গদৈর্ঘ্য নির্ণয় কর। ৩

ঘ. রেডিও তরঙ্গটির কম্পাঙ্ক পানিতে সৃষ্ট তরঙ্গটির কম্পাঙ্কের কতগুণ গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ একটি 1.5 HP ক্ষমতার ইঞ্জিন দ্বারা 20 m উচ্চতায় অবস্থিত 2000 লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন ট্যাঙ্ক 30 মিনিটে পূর্ণ করতে পারে। 2 HP ক্ষমতার অপর একটি ইঞ্জিন দ্বারা 3000 kg ইট ঐ উচ্চতায় 25 মিনিটে তুলতে পারে।

ক. পীড়ন কাকে বলে? ১

খ. বিভবশক্তি বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ. প্রথম ইঞ্জিন দ্বারা কৃত কাজ নির্ণয় কর। ৩

ঘ. ইঞ্জিনদ্বয়ের কর্মক্ষমতার অনুপাত গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নসমূহের উত্তর দাও :—



ক. সলিনয়েড কী? ১

খ. কোনো যন্ত্রের গায়ে 220 V– 1000 W লিখা। এর অর্থ কী ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের যন্ত্রটির মুখ্য ও গৌণ কুণ্ডলীর তড়িৎ প্রবাহের অনুপাত নির্ণয় কর। ৩

ঘ. বিদ্যুৎ পরিবহনে উদ্দীপকের যন্ত্রটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৫ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নসমূহের উত্তর দাও :



ক. লেন্স কী? ১

খ. উত্তল লেন্সকে অভিসারী লেন্স বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. প্রদত্ত লক্ষ্যবস্তুর বিম্ব কিরূপ হবে চিত্রের সাহায্যে বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের দর্পণটি হতে অবাস্তব বিম্ব পাওয়া সম্ভব কিনা রশ্মিচিত্রের সাহায্যে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৬ ▶ নিচের চিত্রটি লক্ষ কর ও প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. MRI এর পূর্ণরূপ লিখ। ১

খ. সরু তারের চেয়ে মোটা তারে বিদ্যুৎ বেশি প্রবাহিত হয় কেন? ২

গ. বর্তনীটির তুল্য রোধ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের বর্তনীটি দৈনিক 6 ঘণ্টা করে চালু রাখলে প্রতি ইউনিট 5 টাকা হারে এক মাসে কত টাকা বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে? (এক মাস = ৩০ দিন) ৪

লেকচার

৮৮ রাজশাহী বোর্ড ২০১৬

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ একটি ট্রেন স্থির অবস্থান থেকে যাত্রা শুরু করে সমত্বরণে 1 মিনিট চলার পর 30 m s^{-1} বেগ প্রাপ্ত হয়। এরপর ট্রেনটি সুষম বেগে চলে 250 m দূরত্ব অতিক্রম করার পর ড্রাইভার ব্রেক কষল এবং সুষম মন্দনে চলে 125 m দূরত্বে গিয়ে থেমে গেল।

ক. সরণ কাকে বলে? ১

খ. সরল দোলকের গতি স্পন্দন গতি কেন? ২

গ. ট্রেনটির প্রথম 1 মিনিটে ত্বরণ নির্ণয় কর। ৩

ঘ. ট্রেনটির সুষম বেগে ও সুষম মন্দনে চলার সময় একই না ভিন্ন হবে গাণিতিক যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

২ ▶



চিত্রে বস্তুটি A বিন্দু হতে ভূমির দিকে পড়ছে।

ক. কর্মদক্ষতা কাকে বলে? ১

খ. বিভব শক্তি কিসের উপর নির্ভরশীল? ব্যাখ্যা কর। ২

গ. বস্তুটির A থেকে C-তে আসতে কত সময় লাগবে? ৩

ঘ. "A ও C বিন্দুতে বস্তুটির মোট শক্তির পরিমাণ অপরিবর্তনীয়" – গাণিতিকভাবে উক্তিটির যথার্থতা যাচাই কর। ৪

৩ ▶ আনিকার ভোকাল কর্ড (Vocal Chord) এর কম্পাঙ্ক 700 Hz। সে নদীর ঠিক মাঝখানে অবস্থানরত একজন মাঝিকে ডাকল। আনিকার সৃষ্ট শব্দ নদীর অপর পাড়ে প্রতিফলনের দরুন 1.6 সেকেন্ড পর আনিকা ঐ শব্দের প্রতিধ্বনি শুনতে পায়। ঐ সময়ে শব্দের গতিবেগ 350 m s^{-1} ছিল।

ক. দশা কাকে বলে? ১

খ. পুরুষের গলার স্বর মোটা কিন্তু নারীদের কণ্ঠস্বর তীক্ষ্ণ কেন? ব্যাখ্যা কর। ২

গ. আনিকার সৃষ্ট শব্দের তরঙ্গ দৈর্ঘ্য নির্ণয় কর। ৩

ঘ. নৌকার মাঝি আনিকার উক্ত শব্দের প্রতিধ্বনি শুনবে কি? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মন্তব্য কর। ৪

৪ ▶



ক. দর্পণের মেরু কাকে বলে? ১

খ. অবতল দর্পণ একটি অভিসারী দর্পণ কেন? ব্যাখ্যা কর। ২

গ. চিত্রে দর্পণের সামনে প্রধান অক্ষের উপর 24 cm দূরে বস্তু অবস্থান করলে রৈখিক বিবর্ধন নির্ণয় কর। ৩

ঘ. চিত্রে দর্পণের সামনে 10 cm এবং 15 cm দূরত্বে দুটি বস্তু অবস্থান করলে প্রতিবিম্বের অবস্থান ও প্রকৃতি রশ্মিচিত্রসহ বিশ্লেষণ কর। ৪

৫ ▶



ক. তড়িচ্চালক শক্তি কাকে বলে? ১

খ. 10 কুলম্ব আধান বলতে কী বুঝ? ২

গ. বর্তনীর তুল্য রোধ নির্ণয় কর। ৩

ঘ. বর্তনীর প্রতিটি রোধের মধ্য দিয়ে প্রবাহিত তড়িৎ প্রবাহের মান একই হবে কিনা গাণিতিক যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৬ ▶ A ও B দুই ব্যক্তির ত্রুটিগ্রস্ত চোখের নিকট বিন্দু ও দূর বিন্দু নিম্নের ছকে দেখানো হলো–

ব্যক্তি	চোখের নিকট বিন্দু	চোখের দূর বিন্দু
A	15 cm	100 m
B	35 cm	অসীম

ক. আলোক কেন্দ্র কী? ১

খ. দূর-দূরান্তে বৈদ্যুতিক সংকেত প্রেরণে অপটিক্যাল ফাইবার ব্যবহার সুবিধাজনক কেন? ২

গ. A ব্যক্তির ব্যবহৃত চশমার ক্ষমতা নির্ণয় কর। ৩

ঘ. B ব্যক্তির চশমার লেন্স কীভাবে প্রতিবিম্ব গঠন করে তা রশ্মিচিত্রের মাধ্যমে বিশ্লেষণ কর। ৪

৮৯ যশোর বোর্ড ২০১৬

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ স্থির অবস্থান থেকে যাত্রা শুরু করে 600 kg ভরের একটি ট্রাক 0.2 m s^{-2} সুষম ত্বরণে 60 s চলার পর 400 kg ভরের একটি স্থির পিকআপ ভ্যানের সাথে ধাক্কা খেয়ে আটকে একত্রে 7.2 m s^{-1} বেগে চলতে থাকে।

ক. পিছলানো ঘর্ষণ কী? ১

খ. সাম্য ও অসাম্য বলের মধ্যে দুটি পার্থক্য লিখ। ২

গ. উদ্দীপকের ট্রাকটি পিকআপ ভ্যানের সাথে ধাক্কা খাওয়ার আগে কত দূরত্ব অতিক্রম করবে নির্ণয় কর। ৩

ঘ. উপরোক্ত ঘটনা ভরবেগের সংরক্ষণ সূত্রকে সমর্থন করে কি? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

২ ▶



একটি 60 m উচ্চতা বিশিষ্ট ভবনে 10টি সিমেন্টের বস্তা কারগো লিফটে উঠানোর সময় 60 m উচ্চতায় লিফটের তার ছিঁড়ে মুক্তভাবে নিচে পড়তে থাকল। শুধুমাত্র কারগো লিফটের ভর 50 kg.

ক. গতিশক্তি কাকে বলে? ১

খ. বল প্রয়োগ করলে সকল ক্ষেত্রে কাজ সমান হয় না কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সিমেন্টের বস্তাসহ কারগো লিফটের মোট ভর 550 kg হলে B পয়েন্টে মোট শক্তি কত? ৩

ঘ. B পয়েন্টে নামার সময় দুটি সিমেন্টের বস্তা কারগো লিফট থেকে ছিটকে আলাদা হলে B পয়েন্টে কারগো লিফটসহ সিমেন্টের বস্তার মোট শক্তি শতকরা কত পরিবর্তন হবে গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৩ ▶ 25 cm দৈর্ঘ্য, 15 cm প্রস্থ এবং 5 cm উচ্চতা বিশিষ্ট একটি বস্তুর ভর 2.5 kg।

ক. হুকের সূত্রটি লিখ। ১

খ. কোনো স্থানে উচ্চতার সঙ্গে সঙ্গে বায়ুমণ্ডলীয় চাপের পরিবর্তন ঘটে কেন? ২

গ. উদ্দীপকের বস্তুটি মেঝের উপর রাখলে মেঝের উপর সর্বোচ্চ এবং সর্বনিম্ন কত চাপ প্রয়োগ করবে? নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের বস্তুটি 4 °C তাপমাত্রার পানিতে ছেড়ে দিলে ডুববে না ভাসবে তা গাণিতিকভাবে দেখাও। ৪

৪ ▶



ক. ক্রান্তিকোণ কাকে বলে? ১

খ. পূর্ণঅভ্যন্তরীণ প্রতিফলনের শর্তগুলো কী? ২

গ. AB আলোকরশ্মি পানিতে প্রবেশ করার পর 11° দিক পরিবর্তন করলে বায়ু সাপেক্ষে পানির প্রতিসরণাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের পাত্রটি সমুদ্রের পানি দ্বারা পূর্ণ করলে প্রতিসরণাঙ্কের মান 1.40 হলে আলোক রশ্মি আপতিত রশ্মি থেকে কতটা বেঁকে যাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶



ক. আধান কী? ১

খ. 1 kWh কে জুলে প্রকাশ কর। ২

গ. উদ্দীপকের বর্তনীর তুল্যরোধ কত? ৩

ঘ. রোধের পরিবর্তন না করে বর্তনীটির রোধগুলো কীভাবে সাজালে তড়িৎপ্রবাহ 2A হবে, চিত্রসহ বর্ণনা কর। ৪

৬ ▶ রাজু প্রচণ্ড পেট ব্যথায় ডাক্তারের শরণাপন্ন হলো। পরীক্ষা-নিরীক্ষা শেষে ডাক্তার রাজুর পিত্তে পাথর আছে সন্দেহে এক্স-রে করার পরামর্শ দেন। পেটে এক্স-রে করার পর পিত্তে পাথরের অস্তিত্ব পাওয়া যায়।

ক. আইসোটোপ কী? ১

খ. এনজিওগ্রাম করার সময় কেন ডাই ব্যবহার করা হয়? ২

গ. এক্স-রে কীভাবে উৎপন্ন হয় আলোচনা কর। ৩

ঘ. রাজুর পিত্তের পাথরে পরীক্ষাটি অন্য কোন চিকিৎসা পদ্ধতির মাধ্যমে করা যেতে পারে? যুক্তিসহকারে বর্ণনা কর। ৪

৯০ ✓ কুমিল্লা বোর্ড ২০১৬

বিষয় কোড : 1 3 6

পদার্থবিজ্ঞান ♥ সৃজনশীল প্রশ্ন

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট

পূর্ণমান : ৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶



চিত্রে একটি বস্তু A-কে 120 m উঁচু থেকে ফেলে দেওয়া হলো। একই সময় অপর একটি বস্তু B-কে 19.6 m s^{-1} বেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ করা হলো।

ক. কর্মদক্ষতা কাকে বলে? ১

খ. 6×10^5 N বল বলতে কী বুঝায়? ২

গ. 1.8 s পরে A বস্তুটির বেগ নির্ণয় কর। ৩

ঘ. ভূমি ছাড়া বস্তুদ্বয় মিলিত হবে কি? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

২ ▶ মিনা তার ছোট ভাইয়ের সাথে একটি পুকুরের পাড়ে বসেছিল। তার ভাইয়ের হাতে 200 g ভরের এবং 250 cm^3 আয়তনের একটি বল ছিল। হঠাৎ বলটি পুকুরের পানিতে পড়ে গেল। পুকুরটির পানির গভীরতা ছিল 3 m। (পানির ঘনত্ব 1000 kg/m^3 এবং $g = 9.8$ m s^{-2})

ক. রবার্ট হুকের স্থিতিস্থাপকতার সূত্রটি লিখ। ১

খ. 250 J কাজ বলতে কী বুঝায়? ২

গ. পুকুরটির তলদেশে পানির চাপ নির্ণয় কর। ৩

ঘ. বলটি পানিতে ডুবে যাবে কি? গাণিতিক যুক্তিসহ মতামত দাও। ৪

৩ ▶



১ম তরঙ্গটির A থেকে B-তে এবং ২য় তরঙ্গটির C থেকে D-তে পৌঁছাতে যথাক্রমে 0.05 s এবং 0.08 s সময় লাগে। ১ম তরঙ্গটির বেগ 300 m s^{-1}।

ক. শ্রাব্যতার পাল্লা কাকে বলে? ১

খ. একটি দীর্ঘ ফাঁপা লোহার পাইপের এক প্রান্তে শব্দ করলে অপর প্রান্ত থেকে দুইবার শোনা যায় কেন? ২

গ. ১ম তরঙ্গটির 10 s এ অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. উক্ত তরঙ্গদ্বয়ের কম্পাঙ্কের তুলনা কর। ৪

৪ ▶



B ও C বিন্দুর মধ্যে বিভব পার্থক্য 2.2 V।

ক. তড়িৎ আবেশ কাকে বলে? ১

খ. ঋণাত্মক আধানে আহিত তড়িৎবীক্ষণ যন্ত্রের চাকতির সংস্পর্শে ঋণাত্মক আধানে আহিত বস্তু আনলে কী ঘটে— ব্যাখ্যা কর। ২

গ. 10 Ω রোধের মধ্য দিয়ে কী পরিমাণ তড়িৎ প্রবাহিত হবে? ৩

ঘ. রোধক তিনটি বর্তনীতে কীভাবে সংযোগ করলে তুল্যরোধ 7.5 Ω হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶ 10 °C তাপমাত্রায় বর্গাকার একটি তামা ও একটি ইস্পাতের পাতের প্রতিটির ক্ষেত্রফল 9 m^2। তাপ দিয়ে ইস্পাতের পাতের তাপমাত্রা 50 °C এ উন্নীত করায় ক্ষেত্রফল 9.012024 m^2 হলো। (তামার ক্ষেত্র প্রসারণ সহগ 22.0×10^{-6} K^{-1})

ক. এক কেলভিন কাকে বলে? ১

খ. সূর্যের চারদিকে পৃথিবীর গতি কী ধরনের গতি? ব্যাখ্যা কর। ২

গ. তামার আয়তন প্রসারণ সহগ নির্ণয় কর। ৩

ঘ. তাপমাত্রা বৃদ্ধি করে তামার পাতটিকে ইস্পাতের পাতের উপর সমাপাতিত করা সম্ভব হবে কি? গাণিতিকভাবে বিশ্লেষণ করে মতামত দাও। ৪

৬ ▶ নাফিসের দাদু কাছের জিনিস স্পষ্ট দেখতে পান না। চক্ষুরোগ বিশেষজ্ঞ দাদুকে + 2.25 D ক্ষমতা সম্পন্ন লেন্স চশমা হিসেবে ব্যবহার করার পরামর্শ দিলেন।

ক. লেন্স কাকে বলে? ১

খ. চোখের সামনে মশাল খুব দ্রুত ঘুরালে আগুনের বৃত্ত দেখা যায় কেন? ২

গ. দাদুর চশমার ফোকাস দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. দাদুকে ধনাত্মক ক্ষমতার লেন্স ব্যবহারের পরামর্শ দেওয়ার যৌক্তিকতা চিত্রসহ বিশ্লেষণ কর। ৪

৯১ ✓ চট্টগ্রাম বোর্ড ২০১৬

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ সাদেক মোটর সাইকেল নিয়ে তার বন্ধু দিপুর সাথে আরেক বন্ধুর বাড়ির উদ্দেশ্যে বেড়াতে বের হলো। তাদের মোটর সাইকেল স্থির অবস্থা থেকে 10 s এ 72 km h^{-1} বেগ প্রাপ্ত হলো। অতঃপর সমবেগে 2 km পথ অতিক্রম করে।

ক. সরণ কাকে বলে? ১

খ. বেগ ও দ্রুতির মধ্যে দুটি পার্থক্য লিখ। ২

গ. সাদেকের মোটর সাইকেলটির ত্বরণ নির্ণয় কর। ৩

ঘ. সাদেক উক্ত ত্বরণের অর্ধেক ত্বরণে সমস্ত পথ চললেও গন্তব্যে আগে পৌঁছত– গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২ ▶



ক. কাজ কাকে বলে? ১

খ. বলের বিরুদ্ধে কাজ বলতে কী বুঝায়? ২

গ. A বিন্দু থেকে বস্তুটিকে ছেড়ে দিলে এটি কত বেগে C বিন্দুতে নেমে আসবে? ৩

ঘ. ভূপৃষ্ঠ থেকে কত উচ্চতায় বিভব শক্তি ও গতি শক্তি সমান হবে– গাণিতিক বিশ্লেষণ করে মতামত দাও। ৪

৩ ▶



ABCD সিলিন্ডারের ব্যাসার্ধ 5 cm।

ক. তরলের আপাত প্রসারণ কাকে বলে? ১

খ. আমরা বায়ুমণ্ডলের চাপ অনুভব করি না কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের C বিন্দুতে তরলের চাপ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের তথ্য থেকে প্রমাণ কর যে, "সিলিন্ডার কর্তৃক অপসারিত তরলের ওজন সিলিন্ডারের উপর ক্রিয়ারত ঊর্ধ্বমুখী লব্ধিবলের সমান।" ৪

৪ ▶ একটি কারখানায় তিনটি সীসার পাতের উপর 1, 2 এবং 3 নং লেভেল লাগানো আছে। প্রতিটি পাতের ক্ষেত্রফল 4 m^2। 1 নং পাতটিকে 175 °C পর্যন্ত উত্তপ্ত করায় ক্ষেত্রফল হয় 4.033 m^2। 2 নং এবং 3 নং পাত দুটিকে যথাক্রমে 150 °C এবং 170 °C পর্যন্ত উত্তপ্ত করা হলো। [কক্ষ তাপমাত্রা ছিল 25 °C]

ক. বাষ্পায়নের সংজ্ঞা দাও। ১

খ. একই উচ্চতাবিশিষ্ট একটি বড় পাত্র ও একটি ছোট পাত্রে সমপরিমাণ পানি রাখলে, কোন পাত্রের পানি দ্রুত বাষ্পায়িত হবে এবং কেন? ২

গ. 1 নং পাতটির ক্ষেত্র প্রসারণ সহগ নির্ণয় কর। ৩

ঘ. তাপ প্রয়োগে 2 এবং 3 নং পাত দুইটির ক্ষেত্রফলের পরিবর্তন সমান নয়; গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶



ক. বক্রতার কেন্দ্র কী? ১

খ. চিকিৎসা ক্ষেত্রে অপটিক্যাল ফাইবারের ব্যবহার লিখ। ২

গ. লেন্সটির ক্ষমতা নির্ণয় কর। ৩

ঘ. উক্ত লেন্সটি চোখের কী ধরনের ত্রুটি দূরীকরণে সহায়ক? চিত্রসহ ব্যাখ্যা কর। ৪

৬ ▶



ক. আপেক্ষিক রোধ কাকে বলে? ১

খ. ওহমের সূত্রটি ব্যাখ্যা কর। ২

গ. R_1, R_2 এবং R_3 রোধগুলোকে আলাদাভাবে শ্রেণিতে ও সমান্তরাল সন্নিবেশে সংযুক্ত করলে উভয় ক্ষেত্রে তুল্যরোধের মান নির্দেশ কর। ৩

ঘ. সমান্তরাল সন্নিবেশে সংযুক্ত প্রত্যেকটি রোধের বিপরীত রাশির সমষ্টি তুল্যরোধের বিপরীত রাশির সমান– মতামতের ভিত্তিতে যুক্তি দাও। ৪

৯২ সিলেট বোর্ড ২০১৬

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ 15 kW এর একটি তড়িৎ মোটর 1000 kg পানি 0.5 মিনিটে 30 m উঁচু ছাদে উঠাতে পারে।

ক. বিভব শক্তি কাকে বলে? ১

খ. অনুদৈর্ঘ্য তরঙ্গ ও অনুপ্রস্থ তরঙ্গের মধ্যে পার্থক্য লিখ। ২

গ. মোটরটির কর্মদক্ষতা নির্ণয় কর। ৩

ঘ. কর্মদক্ষতা 75% হলে উল্লিখিত সময়ে মোটরটির ব্যয়িত শক্তির পরিমাণ গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২ ▶ 20 m s^{-1} আদিবেগে একটি ক্রিকেট বলকে মুকুল খাড়া উপরের দিকে ছুঁড়ে দিল। একই সময়ে 30 m দূর থেকে নিশান 6 m s^{-1} সমবেগে ছুটে এসে বলটি ধরতে চেষ্টা করল।

ক. পিচ কাকে বলে? ১

খ. ক্ষমতা একটি লব্ধ রাশি– ব্যাখ্যা কর। ২

গ. বলটি সর্বোচ্চ কত উচ্চতায় উঠেছিল? ৩

ঘ. নিশানের পক্ষে ছুটে বলটি মাটিতে পড়ার পূর্বে ধরা সম্ভব কি-না গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

৩ ▶



এক ব্যক্তি S অবস্থান থেকে শব্দ করলে 0.2 s পর তার প্রতিধ্বনি শুনতে পায়।

ক. প্রতিধ্বনি কাকে বলে? ১

খ. রাস্তার মসৃণতায় ঘর্ষণের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. S এবং R এর মধ্যবর্তী দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. P অবস্থানে প্রতিধ্বনি শুনতে পাবে কি-না গাণিতিক বিশ্লেষণ করে মতামত দাও। ৪

৪ ▶



ক. স্নেলের সূত্রটি লিখ। ১

খ. রুপার আপেক্ষিক তাপ 230 J kg^{-1} K^{-1} বলতে কী বুঝ? ২

গ. কাচ মাধ্যমে আলোর বেগ নির্ণয় কর। ৩

ঘ. AB বরাবর আলো আসতে হলে আপতন কোণের মান কিরূপ পরিবর্তন হবে রশ্মিচিত্র অঙ্কন করে গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶



A ও B সমান আকার ও একই উপাদানের তৈরি দুইটি ধাতব বল 15 cm দূরে রাখা আছে।

ক. তড়িৎ আবেশ কাকে বলে? ১

খ. 1C আধান বলতে কী বুঝ? ২

গ. A ও B এর মধ্যকার বলের মান নির্ণয় কর। ৩

ঘ. A ও B ধাতব তার দিয়ে সংযুক্ত করা হলে বলের মানের কোনো পরিবর্তন ঘটবে কিনা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬ ▶



ক. আপেক্ষিক রোধ কাকে বলে? ১

খ. টেলিভিশনে ইলেকট্রন গান কীভাবে কাজ করে? ২

গ. বর্তনীর তুল্যরোধ নির্ণয় কর। ৩

ঘ. রোধগুলোর দুই প্রান্তে বিভব পার্থক্য একই কিন্তু রোধগুলোর মধ্য দিয়ে প্রবাহিত তড়িতের মান ভিন্ন– গাণিতিকভাবে যুক্তি দাও। ৪

৯৩ বরিশাল বোর্ড ২০১৬

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ নিচের ছবিটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. ওজনহীনতা কী? ১

খ. বল ও ত্বরণের সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. ভূমি থেকে কত উচ্চতায় গতিশক্তি বিভবশক্তির দ্বিগুণ হবে? ৩

ঘ. চিত্র হতে দেখাও যে, A, B এবং C বিন্দুতে মোট শক্তি সংরক্ষিত থাকে। ৪

২ ▶ একটি বন্দুক থেকে 10 g ভরের একটি গুলি 600 m s^{-1} বেগে নির্গত হওয়ার সময় 2 m s^{-1} বেগে পিছনে ধাক্কা দেয়।

ক. লঘিষ্ঠ গণন কী? ১

খ. স্ক্রু গজের লঘিষ্ঠ গণন 0.01 mm বলতে কী বুঝায়? ২

গ. বন্দুকটির ভর নির্ণয় কর। ৩

ঘ. কী কী ব্যবস্থা অবলম্বন করে বন্দুকটির পশ্চাৎদেশের মান আরও কমানো যায়? গাণিতিক যুক্তিসহ আলোচনা কর। ৪

৩ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. আর্কিমিডিসের সূত্রটি লিখ। ১

খ. পানির মধ্যে ভারী জিনিস উত্তোলন সহজ কেন? ২

গ. ছোট পিস্টনের ওপর 10 kg ভর চাপালে বড় পিস্টনের ওপর কী পরিমাণ ঊর্ধ্বমুখী বল অনুভূত হবে? ৩

ঘ. যদি বড় পিস্টনের ওপর 100 kg ভর চাপানো হয় তাহলে বড় পিস্টনের ওপরে ওঠা রোধ করা সম্ভব কি? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৪ ▶ একটি তামার তারের দৈর্ঘ্য 25 °C তাপমাত্রায় 100 m। তাপমাত্রা বৃদ্ধির ফলে তারটির দৈর্ঘ্য 100.02 m হয়। তারটির দৈর্ঘ্য প্রসারণ সহগ $16.7 \times 10^{-6}\ K^{-1}$।

ক. আপেক্ষিক তাপ কী? ১

খ. তাপমাত্রা বৃদ্ধির ফলে পদার্থের প্রসারণ ঘটে কেন? ২

গ. তারটির তাপমাত্রা কত ডিগ্রি বৃদ্ধি করা হয়েছিল? ৩

ঘ. উপরের তারটি যদি অ্যালুমিনিয়ামের হতো এবং তারটির দৈর্ঘ্য 100.02 m হওয়ার জন্য 875 °C তাপমাত্রা প্রয়োজন হতো তবে তুমি কি তারটির আয়তন প্রসারণ সহগ নির্ণয় করতে পারতে? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৫ ▶



চিত্র-১



চিত্র-২

ক. রুপার প্রলেপ দেওয়া বলতে কী বোঝ? ১

খ. রৈখিক বিবর্ধকের মান 1.5 বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপক থেকে F_1 এর মান বের কর। ৩

ঘ. q-এর মান কত হলে $F_2 = 4F_1$ হবে? ৪

৬ ▶ রাকিবদের বাসায় বিদ্যুৎ সংযোগের বিভব পার্থক্যের মান 220 V কিন্তু তাদের বাসায় ফ্রিজের জন্য দরকার 660 V। সে এজন্য একটি ট্রান্সফর্মার তৈরি করেছে যার মুখ্য কুণ্ডলীতে পাকসংখ্যা 200টি।

ক. তড়িৎ চুম্বক আবেশ কী? ১

খ. আবিষ্ট তড়িৎ প্রবাহ কীভাবে বৃদ্ধি করা যায়? ২

গ. রাকিবের ট্রান্সফর্মারের গৌণ কুণ্ডলীতে পাকসংখ্যা কত? ৩

ঘ. গাণিতিকভাবে দেখাও যে, মুখ্য কুণ্ডলীর তড়িৎ প্রবাহ গৌণ কুণ্ডলীর তড়িৎ প্রবাহের 2.5 গুণ। ৪

শিক্ষাগুরু

৯৪ ✓ দিনাজপুর বোর্ড ২০১৬

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ 3.92 N ওজনের একটি খেলনা গাড়ির উপর বল প্রয়োগ করায় এটি ঘর্ষণযুক্ত মেঝেতে 0.5 m s^{-2} ত্বরণে চলতে শুরু করে। ঘর্ষণ বল 0.5 N।

ক. অভিকর্ষজ ত্বরণ কাকে বলে? ১

খ. পৃথিবীর কেন্দ্রে বস্তুর ওজন শূন্য কেন? ২

গ. গাড়ির উপর প্রযুক্ত বলের মান কত? ৩

ঘ. ঘর্ষণযুক্ত ও ঘর্ষণবিহীন অবস্থায় মেঝেতে ত্বরণের কি পরিবর্তন হবে? গাণিতিকভাবে মূল্যায়ন কর। ৪

২ ▶ জনি ও রনির ভর যথাক্রমে 40 kg ও 50 kg। প্রতিটি 20 cm উঁচু 20টি সিঁড়ি অতিক্রম করতে জনি ও রনি সময় নেয় যথাক্রমে 10 s এবং 18 s। [অভিকর্ষজ ত্বরণ g = 9.81 m s^{-2}]

ক. কর্মদক্ষতা কাকে বলে? ১

খ. জীবাশ্ম জ্বালানির বিকল্প জ্বালানি অনুসন্ধান জরুরি কেন? ব্যাখ্যা কর। ২

গ. জনির কৃতকাজ নির্ণয় কর। ৩

ঘ. রনির কৃতকাজ বেশি হলেও জনির ক্ষমতা বেশি— গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ উদ্দীপকটি দেখাও ও প্রশ্নগুলোর উত্তর দাও :—



PQ তলের ক্ষেত্রফল 25 cm^2

ক. বিকৃতি কাকে বলে? ১

খ. টরিসেলির শূন্যস্থান বলতে কী বুঝায়? ২

গ. PQ তলে প্রযুক্ত চাপ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের তথ্য আর্কিমিডিসের সূত্রকে সমর্থন করে কি না? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ দুটি সমান্তরাল পাহাড়ের মাঝে দাঁড়িয়ে এক ব্যক্তি বন্দুক থেকে গুলি ছুঁড়ল। তিনি 1.5 s পর প্রথম প্রতিধ্বনি এবং 2 s পর দ্বিতীয় প্রতিধ্বনি শুনলেন। সেদিন বায়ুর তাপমাত্রা ছিল 30 °C.

ক. প্রতিধ্বনি কী? ১

খ. বায়ু অপেক্ষা পানিতে শব্দের বেগ বেশি কেন? ব্যাখ্যা কর। ২

গ. পাহাড় দুটির মধ্যবর্তী দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. ঐ ব্যক্তি তৃতীয় ও চতুর্থ প্রতিধ্বনি পৃথকভাবে শুনতে পাবে কি-না? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :—



ক. লেন্স কাকে বলে? ১

খ. ব্যাপ্ত প্রতিফলন ব্যাখ্যা কর। ২

গ. লেন্সটির ক্ষমতা নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের লেন্সটির সাহায্যে কীভাবে চোখের ত্রুটি দূর করা যায়? চিত্রসহ তোমার মতামত দাও। ৪

৬ ▶ নিচের বর্তনীটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :—



ক. জেনারেটর কাকে বলে? ১

খ. ইন্টারনেটকে সকল নেটওয়ার্কের জননী বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. বর্তনীটির তুল্যরোধ নির্ণয় কর। ৩

ঘ. সবগুলো রোধ সমান্তরালে থাকলে তড়িৎ প্রবাহের কিরূপ পরিবর্তন হবে? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

লেকচার

৯৫ ঢাকা বোর্ড ২০১৫

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶



C অবস্থানে রক্ষিত রুটি সংগ্রহ করার জন্য একটি ইঁদুর B অবস্থান হতে 0.4 m s^{-1} সমবেগে চলছে। A অবস্থানে বসে থাকা একটি বিড়াল ইঁদুরকে লক্ষ করল এবং ইঁদুরটির আগেই রুটিটি সংগ্রহ করার জন্য 0.02 m s^{-2} সমত্বরণে একই রাস্তা বরাবর ছুটতে থাকল।

ক. মৌলিক রাশি কাকে বলে? ১

খ. "বেগের পরিবর্তন না হলে ত্বরণ থাকে না"—ব্যাখ্যা কর। ২

গ. B অবস্থানে পৌঁছাতে বিড়ালটি কত বেগ প্রাপ্ত হবে? ৩

ঘ. বিড়ালটি পৌঁছানোর পূর্বেই ইঁদুরটির পক্ষে রুটিটি সংগ্রহ করা সম্ভব হবে কি না তা গাণিতিক বিশ্লেষণ করে মতামত দাও। ৪

২ ▶ ভূমি থেকে 10 m উঁচুতে থাকা 0.25 kg ভরের একটি আম বৃন্তচ্যুত করার জন্য একটি ছেলে 12 ms^{-1} বেগে একটি ঢিল ছুঁড়ল।

ক. ঘর্ষণ কাকে বলে? ১

খ. জড়তা বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ. ঝুলন্ত অবস্থায় আমটির বিভব শক্তি নির্ণয় কর। ৩

ঘ. ছেলেটির পক্ষে আমটি বৃন্তচ্যুত করা সম্ভব হবে কি? গাণিতিক যুক্তিসহ মতামত দাও। ৪

৩ ▶



চিত্র : ১নং পাত্র চিত্র : ২নং পাত্র

ক. পদার্থের প্লাজমা অবস্থা কাকে বলে? ১

খ. তামার আপেক্ষিক তাপ 400 J kg^{-1} K^{-1} বলতে কী বোঝায়? ২

গ. ১নং পাত্রের তরলের তাপমাত্রা কেলভিন স্কেলে কত? ৩

ঘ. ২নং পাত্রের তরলের তাপমাত্রা 10°F বৃদ্ধি করে দুই পাত্রের তরল তাপীয় সংস্পর্শে আনলে তাপ সঞ্চালনের ক্ষেত্রে কী ঘটবে তা বিশ্লেষণ কর। ৪

৪ ▶ কাজল একটি পাহাড় থেকে 17 m দূরে দাঁড়িয়ে জোরে শব্দ করেও কোনো প্রতিধ্বনি শুনতে পেল না। সে আরও কিছুটা পিছনে সরে এসে পুনরায় শব্দ করে এবং প্রতিধ্বনি শুনতে পায়। ঐ দিন ঐ স্থানে শব্দের বেগ ছিল 35 ms^{-1} এবং শব্দের কম্পাঙ্ক ছিল 1400 Hz।

ক. কম্পাঙ্ক কাকে বলে? ১

খ. বাদুর রাতে চলতে স্বচ্ছন্দ্য বোধ করে কেন? ব্যাখ্যা কর। ২

গ. উক্ত শব্দের তরঙ্গ দৈর্ঘ্য নির্ণয় কর। ৩

ঘ. ১ম অবস্থানে কাজলের পক্ষে প্রতিধ্বনি না শোনার কারণ গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

৫ ▶ শাকিল 20 cm ফোকাস দূরত্বের একটি উত্তল লেন্স নিয়ে লেন্সটির বক্রতার কেন্দ্র হতে 30 cm দূরে প্রধান অক্ষের উপর একটি লক্ষ্যবস্তু রেখে লেন্সের বিপরীত পাশে রক্ষিত পর্দায় প্রতিবিম্ব দেখতে পেল।

ক. আলোর প্রতিসরণ কাকে বলে? ১

খ. ক্রান্তি কোণ মূলত একটি আপতন কোণ—ব্যাখ্যা কর। ২

গ. উল্লিখিত লেন্সটির ক্ষমতা কত? ৩

ঘ. লক্ষ্যবস্তুটি যদি পূর্বাবস্থা হতে লেন্সের দিকে 15 cm সরানো হয় তবে বিম্বের অবস্থান দেখার জন্য শাকিলকে কী ব্যবস্থা নিতে হবে, রশ্মিচিত্রের সাহায্যে তা উপস্থাপন কর। ৪

৬ ▶



ক. তড়িৎ প্রবাহ কাকে বলে? ১

খ. তড়িৎক্ষেত্রের সকল বিন্দুতে তীব্রতা সমান নয় কেন? ২

গ. উল্লিখিত বর্তনীর A ও B বিন্দুর বিভব পার্থক্য নির্ণয় কর। ৩

ঘ. বর্তনীর ভোল্টেজ স্থির রেখে উল্লিখিত রোধগুলোকে সমান্তরালে যুক্ত করলে বর্তনীর প্রবাহমাত্রার কী পরিবর্তন হবে? গাণিতিক যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৯৬ ✓ রাজশাহী বোর্ড ২০১৫

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ M ভরের দুটি গাড়ি যথাক্রমে 6 ms^{-1} এবং 9 ms^{-1} বেগে যাত্রা শুরু করে একই সময়ে গন্তব্যস্থলে পৌঁছাল। গাড়ি দুটির ত্বরণ যথাক্রমে 5 ms^{-2} এবং 3 ms^{-2}।

ক. তাড়িত চৌম্বক বল কী? ১

খ. স্থির অবস্থা থেকে কোনো বস্তু নিচের দিকে পড়তে থাকলে বেগের পরিবর্তনের কারণ ব্যাখ্যা কর। ২

গ. গাড়ি দুটি কত সময়ে গন্তব্যস্থলে পৌঁছাল? ৩

ঘ. গাড়ি দুটির গতিশক্তির কীরূপ পরিবর্তন হবে? গাণিতিক যুক্তির মাধ্যমে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

২ ▶ একটি রেললাইনে 200 m দৈর্ঘ্যের লোহার পাত ব্যবহৃত হয়েছে। দুইটি পাতের মধ্যে 4 cm ফাঁকা রাখা হয়েছে। তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে 10°C বেড়ে গেল। লোহার দৈর্ঘ্য প্রসারণ সহগ $11.5 \times 10^{-6}\ K^{-1}$।

ক. হুকের সূত্রটি লিখ। ১

খ. একটি পানিপূর্ণ পাত্রে একটি ডিম ছেড়ে দিলে ডিমটি ডুবে যাবে। কিন্তু পাত্রে পরিমাণমতো লবণ মিশ্রিত করে ডিমটি ছেড়ে দিলে ভেসে উঠবে কেন? ব্যাখ্যা কর। ২

গ. লোহার পাতের দৈর্ঘ্য প্রসারণ নির্ণয় কর। ৩

ঘ. তাপমাত্রা 15°C বেড়ে গেলে রেল লাইনটির উপর কী প্রভাব পড়বে? গাণিতিকভাবে ইহার ফলাফল বিশ্লেষণ কর। ৪

৩ ▶



চিত্রে পানিতে সৃষ্ট একটি তরঙ্গ দেখানো হয়েছে। বায়ু ও পানিতে শব্দ তরঙ্গের দ্রুতি 332 ms^{-1} এবং 1452.5 m s^{-1}।

ক. ছন্দিত গতি কাকে বলে? ১

খ. ছেলেদের তুলনায় মেয়েদের কণ্ঠস্বর তীক্ষ্ণ হওয়ার কারণ ব্যাখ্যা কর। ২

গ. প্রদর্শিত তরঙ্গের আলোকে বাতাসে শব্দ তরঙ্গের দৈর্ঘ্য নির্ণয় কর। ৩

ঘ. কোনো কুয়ার গভীরতা বাতাসে শব্দ তরঙ্গের দৈর্ঘ্যের সমান হলে ঐ কুয়ায় প্রতিধ্বনি শোনার সময় কত হবে গাণিতিক বিশ্লেষণ দাও। ৪

৪ ▶



ক. আলোর প্রতিফলনের সূত্র লিখ। ১

খ. দুপুর বেলা প্রচণ্ড রৌদ্রে উত্তপ্ত বালুচরে হাঁটার সময় অনতিদূরে জলরাশি আছে বলে মনে হওয়ার কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে পানির সাপেক্ষে কাচের প্রতিসরণাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. কাচ হতে পানিতে প্রতিসরণের ক্ষেত্রে আপতন কোণের মান কত অপেক্ষা বেশি হলে অভ্যন্তরীণ প্রতিফলন ঘটবে? ৪

৫ ▶



চিত্র : 'ক' চিত্র : 'খ'

ক. তড়িৎ আবেশ কী? ১

খ. তাপমাত্রা বৃদ্ধি করলে পরিবাহীর রোধ বৃদ্ধি পায় কেন? ব্যাখ্যা কর। ২

গ. 'ক' চিত্র থেকে রোধের মান নির্ণয় কর। ৩

ঘ. 'খ' নং চিত্রের রোধগুলোকে সমান্তরাল সন্নিবেশে যুক্ত করে $R_s > R_p$ সম্পর্কটির যৌক্তিকতা চিত্রসহ বিশ্লেষণ কর। ৪

৬ ▶ তেজস্ক্রিয়তা একটি স্বতঃস্ফূর্ত ঘটনা। আমাদের জীবনে তেজস্ক্রিয় রশ্মি যেমন উপকার করে তেমনি অনেক ক্ষতিও করে।

ক. আইসোটোপ কী? ১

খ. তেজস্ক্রিয়তা একটি নিউক্লিয় ঘটনা – ব্যাখ্যা কর। ২

গ. দৈনন্দিন জীবনে তেজস্ক্রিয় রশ্মির ব্যবহারিক প্রয়োগ বর্ণনা কর। ৩

ঘ. মাত্রাতিরিক্ত তেজস্ক্রিয় রশ্মি প্রাণিজগতের উপর কীরূপ প্রভাব ফেলতে পারে? উহার ফলাফল বিশ্লেষণ কর। ৪

৯৭ যশোর বোর্ড ২০১৫

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ 50 m উঁচু একটি স্থাপনার উপর 20 kg ভরের একটি বস্তু A অবস্থান থেকে 5 ms^{-1} বেগে চলছে। বস্তুর উপর বেগের অভিমুখে বল প্রয়োগ করায় 5 sec পর B অবস্থানে 30 ms^{-1} বেগ প্রাপ্ত হয়।

ক. সাম্য বল কী? ১

খ. বল প্রয়োগ করলে সকল ক্ষেত্রে কাজ সম্পন্ন হয় না কেন– ব্যাখ্যা কর। ২

গ. বস্তুর উপর প্রযুক্ত বলের মান কত? ৩

ঘ. A ও B অবস্থানে বস্তুটির মোট শক্তির কোনোরূপ তারতম্য হবে কি? গাণিতিক যুক্তির সাহায্যে মতামত দাও। ৪

২ ▶ 400 cm^2 ভূমির ক্ষেত্রফলবিশিষ্ট একটি পাত্রকে পানিতে নিমজ্জিত করা হলো। পানির উপরিতল থেকে পাত্রের উপরি পৃষ্ঠের গভীরতা 15 cm, পাত্রের উচ্চতা 90 cm। পানিসহ পাত্রের ভর 36.5 kg।

ক. পীড়ন কী? ১

খ. সকল পদার্থে স্থিতিস্থাপকতা একই রকম হয় না কেন? ২

গ. পাত্রের ভূমির ক্ষেত্রফলে প্রযুক্ত বল কত? ৩

ঘ. সমুদ্রের পানি দ্বারা পূর্ণ পাত্রের ভর 36.6 kg হলে, পাত্রটি এই অবস্থায় সমুদ্রের পানিতে ছেড়ে দিলে কী অবস্থায় থাকবে গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

৩ ▶



ধাতব তারে শব্দের বেগ 5130 $m\ s^{-1}$

ক. সুরযুক্ত শব্দ কাকে বলে? ১

খ. প্রতিধ্বনি শোনার জন্য নির্দিষ্ট দূরত্বের প্রয়োজন হয় কেন? ২

গ. বায়ু মাধ্যমে শব্দের কম্পাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের মাধ্যমটি যদি ধাতব তার হতো তবে দুই মাধ্যমে কি একই সময়ে শব্দ শুনতে পারবে? গাণিতিক যুক্তি দাও। ৪

৪ ▶ 40 cm বক্রতার ব্যাসার্ধের একটি উত্তল লেন্সের প্রধান অক্ষের ওপর আলোক কেন্দ্র থেকে 25 cm দূরে একটি লক্ষ্যবস্তু রাখা হলো।

ক. প্রতিসরণাঙ্ক কাকে বলে? ১

খ. আলোর প্রতিসরণ হওয়ার কারণ ব্যাখ্যা কর। ২

গ. লেন্সটির ক্ষমতা কত? ৩

ঘ. যদি লক্ষ্যবস্তু তার অবস্থান থেকে 10 cm সামনে এবং পিছনে সরানো হয় তবে প্রতিবিম্বের প্রকৃতি একই হবে কি? রশ্মিচিত্রের সাহায্যে মতামত দাও। ৪

৫ ▶ 0.5 kg ভরের একটি তারে 1950 J তাপ প্রয়োগ করায় এর তাপমাত্রা বৃদ্ধি এবং শেষ দৈর্ঘ্য যথাক্রমে 30 K এবং 100.033 m হলো।

ক. ভার্নিয়ার ধ্রুবক কাকে বলে? ১

খ. 371 K তাপমাত্রায় পানি ফুটানো সম্ভব – ব্যাখ্যা কর। ২

গ. তারের উপাদানের আপেক্ষিক তাপ নির্ণয় কর। ৩

ঘ. তারের আদি দৈর্ঘ্য দ্বারা তৈরি একটি রিং 32 m উচ্চতাবিশিষ্ট কোনো ফাঁপা ঘনকের ভিতরে প্রবেশ করানো সম্ভব হবে কি? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

৬ ▶ q_1 (30 C) ও q_2 (40 C) ধনাত্মকভাবে আহিত দুটো বস্তুকে পরস্পর হতে 20 m দূরত্বে স্থাপন করা হলো। q_1 বস্তুকে q_2 এর তড়িৎক্ষেত্রে এবং q_2 বস্তুকে q_1 এর তড়িৎক্ষেত্রে আনতে যথাক্রমে 25 J এবং 15 J কাজ সম্পন্ন করতে হয়।

ক. ও'মের সূত্রটি লিখ। ১

খ. বৈদ্যুতিক সংযোগের ক্ষেত্রে অতিরিক্ত একটি তার ব্যবহার করা হয় কেন? ২

গ. q_1 ও q_2 এর মধ্যবর্তী দূরত্ব অর্ধেক করা হলে এদের মধ্যবর্তী বলের মান নির্ণয় কর। ৩

ঘ. q_1 ও q_2 কে পরিবাহী তার দ্বারা সংযুক্ত করলে ইলেকট্রনের প্রবাহ কেমন হবে? গাণিতিক যুক্তি দাও। ৪

লেকচার

৯৮ ✓ কুমিল্লা বোর্ড ২০১৫

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ নিচের সারণিতে ছয় সেকেন্ডে পরপর একটি বস্তুর অতিক্রান্ত দূরত্ব দেওয়া হলো–

সময় (s)	দূরত্ব (m)
0	0
6	3
12	6
18	9
24	12
30	15
36	18

ক. অভিকর্ষজ ত্বরণের মাত্রা লেখ। ১

খ. পড়ন্ত বস্তু সম্পর্কে গ্যালিলিও এর তৃতীয় সূত্রটি ব্যাখ্যা কর। ২

গ. সারণিতে বর্ণিত গতির জন্য দূরত্ব-সময় লেখচিত্রটি অঙ্কন করে, 20 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. অসম বেগের জন্য দেখাও যে, সারণির দূরত্ব-সময় লেখচিত্রের এক বিশেষ মুহূর্তের যে কোনো বিন্দুতে অঙ্কিত স্পর্শকের ঢাল ঐ বিন্দুতে বেগ নির্দেশ করে। ৪

২ ▶ 700 kg ভরের একটি গতিশীল ট্রাক 20 ms^{-1} বেগে 1300 kg ভরের একটি স্থিতিশীল ট্রাককে ধাক্কা দেয় এবং ট্রাক দুইটি মিলিত হয়ে সামনের দিকে চলতে থাকে।

ক. জড়তা কী? ১

খ. গতির উপর ঘর্ষণের প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. ট্রাক দুইটির মিলিত বেগ নির্ণয় কর। ৩

ঘ. ভরবেগের সংরক্ষণ সূত্র কীভাবে নিউটনের তৃতীয় সূত্রকে সমর্থন করে, গাণিতিক যুক্তিসহ মতামত দাও। ৪

৩ ▶ 36.89 °C তাপমাত্রায় একটি দণ্ডের দৈর্ঘ্য 100 m। তাপমাত্রা বৃদ্ধি পেয়ে 66.89 °C হওয়ায় এর দৈর্ঘ্য 100.033 m হয়।

ক. বরফ বিন্দু কাকে বলে? ১

খ. রেল লাইনে যেখানে দুইটি লোহার বার মিলিত হয় সেখানে ফাঁক থাকে কেন? ২

গ. সেলসিয়াস স্কেলে তাপমাত্রা 36.89°C হলে ঐ তাপমাত্রা ফারেনহাইট স্কেলে কত হবে নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের দণ্ডটি কিসের তৈরি? গাণিতিক যুক্তিসহ মতামত দাও। ৪

৪ ▶



উপরের চিত্র অনুসরণে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

ক. তরঙ্গ কাকে বলে? ১

খ. চিত্র-১ এর তরঙ্গটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ২

গ. চিত্র-১ এর তরঙ্গ বেগ নির্ণয় কর। ৩

ঘ. চিত্র-২ এর "S" এবং "R" অবস্থানের মধ্যে ন্যূনতম দূরত্ব কত হলে প্রতিধ্বনি শোনা যাবে– উত্তরের যথার্থতা যাচাই কর। ৪

৫ ▶



ক. তড়িৎক্ষেত্র কাকে বলে? ১

খ. বিদ্যুৎ লাইনের সাথে ধাতব খুঁটির সরাসরি সংযোগ থাকে না কেন? ২

গ. উদ্দীপকের তথ্য থেকে বলের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. যদি আধানদ্বয়কে অর্ধেক এবং দূরত্ব দ্বিগুণ করা হয়, তবে বলের মানের কিরূপ পরিবর্তন হবে গাণিতিক যুক্তিসহ মতামত দাও। ৪

৬ ▶ রিমার চমশার ক্ষমতা, P = – 2.25 d. লেন্সে আপতিত রশ্মি প্রধান অক্ষের সমান্তরালে এসে প্রতিসরণের পর লেন্সের আলোক কেন্দ্র থেকে x সেমি দূরত্বে অপসারিত হয়।

ক. লেন্সের ক্ষমতা কাকে বলে? ১

খ. রিমার চোখের ত্রুটি ব্যাখ্যা কর। ২

গ. "x" এর মান নির্ণয় কর। ৩

ঘ. যদি রিমা চশমা ব্যবহার না করে, তখন চক্ষু লেন্সে যে প্রতিবিম্ব গঠিত হয়, তা রশ্মিচিত্র এঁকে ব্যাখ্যা কর। ৪

লেকচার

৯৯ চট্টগ্রাম বোর্ড ২০১৫

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট

পদার্থবিজ্ঞান ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ তানজুম 50 g ভরের একটি পাথরকে 60 m s^{-1} বেগে ভূমির সমান্তরালে নিক্ষেপ করে।

ক. মাত্রা কাকে বলে? ১

খ. 10 N বল বলতে কী বোঝায়? ২

গ. পাথরটি যদি সমবেগে গতিশীল থাকে তবে 4 s এ এটি কত দূরত্ব অতিক্রম করে, তা নির্ণয় কর। ৩

ঘ. 9 N বাধাদানকারী বল প্রয়োগ করে পাথরটিকে 10 m দূরত্বে থামানো সম্ভব হবে কি? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

২ ▶ তরলে অদ্রবণীয় একটি গোলকের আয়তন 1000 cm^3। এটি 1500 kgm^{-3} ঘনত্বের তরলে সম্পূর্ণ নিমজ্জিত অবস্থায় ভাসে। গোলকটির উপর 100 cm^3 আয়তনের 80 g ভরের মোমের প্রলেপ দেওয়া হলো।

ক. কাজের একক কী? ১

খ. লোহা পানিতে ডুবলেও পারদে ভাসে কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের গোলকের ভর নির্ণয় কর। ৩

ঘ. মোমের প্রলেপ দেওয়া গোলকটি উক্ত তরলে ভাসবে না ডুবে যাবে? গাণিতিক যুক্তিসহকারে মতামত দাও। ৪

৩ ▶ 2 m দৈর্ঘ্যের একটি লোহার দণ্ডে তাপ দিয়ে তার তাপমাত্রা 10°C বৃদ্ধি করা হলো। এতে দণ্ডের দৈর্ঘ্য সামান্য বৃদ্ধি পেল। লোহা ও তামার দৈর্ঘ্য প্রসারণ সহগ যথাক্রমে 11.6×10^{-6} K^{-1} এবং 16.7×10^{-6} K^{-1}।

ক. পুনঃশিলীভবন কী? ১

খ. রুপার আপেক্ষিক তাপ 230 J kg^{-1} K^{-1} বলতে কী বোঝায়? ২

গ. বর্ধিত তাপমাত্রা ফারেনহাইট স্কেলে কত হবে তা নির্ণয় কর। ৩

ঘ. যদি দণ্ডটি তামার হতো তবে তার দৈর্ঘ্য প্রসারণ কি একই হতো? গাণিতিক যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৪ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নসমূহের উত্তর দাও :



ক. নিয়মিত প্রতিফলন কাকে বলে? ১

খ. বায়ুর সাপেক্ষে হীরকের প্রতিসরণাঙ্ক 2.42 বলতে কী বোঝায়? ২

গ. লেন্সটির ক্ষমতা নির্ণয় কর। ৩

ঘ. কোনো ব্যক্তি দূরের বস্তু স্পষ্ট দেখতে পান, কিন্তু কাছের বস্তু স্পষ্ট দেখতে পান না। উদ্দীপকের ধরনের লেন্সটি তার সমস্যা সমাধান করতে পারবে কি? রশ্মি চিত্রসহ বিশ্লেষণ কর। ৪

৫ ▶



ক. তড়িৎবীক্ষণ যন্ত্র কাকে বলে? ১

খ. বাড়ির বৈদ্যুতিক যন্ত্রপাতি নিরাপদ রাখার জন্য কী ব্যবস্থা গ্রহণ করা উচিত? ব্যাখ্যা কর। ২

গ. C ও D এর বিভব পার্থক্য নির্ণয় কর। ৩

ঘ. রোধগুলোকে কীভাবে সংযুক্ত করলে বর্তনীর প্রবাহমাত্রা 2.5 গুণ হবে? চিত্রসহ বিশ্লেষণ কর। ৪

৬ ▶



A হতে B তে পৌঁছাতে 0.1 s সময় লাগে

ক. তরঙ্গ বেগ কাকে বলে? ১

খ. চিত্রের তরঙ্গটি কোন ধরনের তরঙ্গ? ব্যাখ্যা কর। ২

গ. তরঙ্গটির কম্পাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. বিস্তার অপরিবর্তিত রেখে তরঙ্গটির তরঙ্গদৈর্ঘ্য অর্ধেক করা হলে কম্পাঙ্কের কী পরিবর্তন হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

১০০ সিলেট বোর্ড ২০১৫

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ রফিক যখন তার বাবার গাড়িতে স্কুলে যাচ্ছিল তখন সে গাড়ির স্পিডোমিটার দেখে 10 s পর পর গাড়ির গতিবেগ সংগ্রহ করে নিচের ছকে লিপিবদ্ধ করল :

সময় t(s)	0	10	20	30	40	50	60
গতিবেগ $v(ms^{-1})$	0	20	40	60	80	100	120

ক. তাৎক্ষণিক দ্রুতি কাকে বলে? ১

খ. কম্পনশীল সুর শলাকার গতিকে স্পন্দন গতি বলা হয় কেন? ২

গ. রফিকের সংগৃহীত উপাত্ত থেকে বেগ-সময় লেখ অঙ্কন কর। ৩

ঘ. প্রাপ্ত লেখচিত্রটি সুষম ত্বরণ নির্দেশ করে—গাণিতিক যুক্তির মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

২ ▶ 100 m গভীর কুয়া থেকে একটি পাম্পের সাহায্যে প্রতি মিনিটে 1500 লিটার পানি উত্তোলন করা হয়। পাম্পের কর্মদক্ষতা 70%।

ক. প্লবতা কাকে বলে? ১

খ. কোনো বস্তু তরলে ভাসা বা ডোবার কারণ বুঝিয়ে দাও। ২

গ. পাম্পের ক্ষমতা নির্ণয় কর। ৩

ঘ. পাম্পের কর্মদক্ষতা 60% হলে 1500 লিটার পানি তুলতে পূর্বাপেক্ষা কত বেশি সময় লাগবে? গাণিতিকভাবে উপস্থাপন কর। ৪

৩ ▶ 2301 m দূরে থাকা একটি পাহাড়ের পাদদেশ থেকে বাবলু তার বন্দুক দিয়ে একটি গুলি করে পাহাড়ের দিকে দৌড় শুরু করল। গুলি ছোড়ার 3 s পরে সে ইহার প্রতিধ্বনি শুনতে পেল। ঐ দিন বাতাসের তাপমাত্রা ছিল 25°C।

ক. পর্যাবৃত্ত গতি কাকে বলে? ১

খ. অনুপ্রস্থ ও অনুদৈর্ঘ্য তরঙ্গের মধ্যে দুটি পার্থক্য লিখ। ২

গ. ঐ সময়ে বায়ুতে শব্দের গতিবেগ কত ছিল? ৩

ঘ. বাবলুর গতিবেগ নির্ণয়ের গাণিতিক বিশ্লেষণ দাও। ৪

৪ ▶ রঞ্জন দশম শ্রেণির ছাত্র। চোখের সমস্যার জন্য সে চক্ষু বিশেষজ্ঞের নিকট গেল। ডাক্তার তার চোখ পরীক্ষা করে তাকে 5 cm ফোকাস দূরত্বের একটি অবতল লেন্সের চশমা ব্যবহার করতে বললেন।



ক. আলোক কেন্দ্র কাকে বলে? ১

খ. সরল পেরিস্কোপে কমপক্ষে দুটি সমতল দর্পণ ব্যবহার করা হয় কেন? ২

গ. ডাক্তারের পরামর্শ অনুযায়ী রঞ্জনের লেন্সের ক্ষমতা কত? ৩

ঘ. ডাক্তারের পরামর্শ অনুযায়ী রঞ্জনকে লেন্স কীভাবে দূরের জিনিস দেখতে সাহায্য করবে তা চিত্রসহ বিশ্লেষণ কর। ৪

৫ ▶ নিচের বর্তনীটি লক্ষ কর :



ক. ওহমের সূত্রটি লিখ। ১

খ. তড়িৎ বর্তনীতে সার্কিট ব্রেকারের ভূমিকা কী? ২

গ. বর্তনীটির তুল্যরোধ নির্ণয় কর। ৩

ঘ. R_1, R_2 ও R_3 এর সমন্বয়ে কীভাবে বর্তনীর তুল্যরোধ 20 Ω পাওয়া যাবে? গাণিতিক যুক্তির মাধ্যমে বিশ্লেষণ কর। ৪

৬ ▶ নিচের চিত্রটি লক্ষ কর :



ক. একটি ডায়োডের প্রতীক আঁক। ১

খ. ট্রানজিস্টরের দুটি ব্যবহার লিখ। ২

গ. উপরোক্ত চিত্রটি যে যন্ত্রটি নির্দেশ করে তার গঠন ও কার্যপদ্ধতি বর্ণনা কর। ৩

ঘ. উপরোক্ত চিত্রে নির্দেশিত যন্ত্রটির রোগ নির্ণয় ও চিকিৎসা ক্ষেত্রে অবদান অপরিসীম—ব্যাখ্যা কর। ৪

১০১ বরিশাল বোর্ড ২০১৫

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট

পদার্থবিজ্ঞান ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶



চিত্রে 3000 kg ভরের একটি গাড়ির গতিবেগ দেখানো হয়েছে।

ক. মন্দন কাকে বলে? ১

খ. কোনো বস্তুর ত্বরণ 10 ms^{-2} পূর্বদিকে বলতে কী বুঝ? ২

গ. গাড়িটির প্রথম 15 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. গাড়িটির সর্বোচ্চ ও সর্বনিম্ন গতিশক্তির তুলনা কর। ৪

২ ▶ একটি বস্তুর ক্ষেত্রফল 300 cm^2, এর উচ্চতা 0.1 m, বস্তুটির ভর 5.5 kg. বস্তুটিকে পানিতে নিমজ্জিত করা হলো। পানির ঘনত্ব 1000 kg m^{-3}।

ক. বিকৃতি কী? ১

খ. কোনো বস্তুর পানিতে ভাসন ও নিমজ্জনের কারণ ব্যাখ্যা কর। ২

গ. বস্তুটির পানিতে ওজন কত? ৩

ঘ. বস্তুটির সমান ভরের কোনো বস্তুর আয়তন কত হলে, বস্তুটি পানিতে সম্পূর্ণ নিমজ্জিত অবস্থায় ভাসবে? ৪

৩ ▶



ক. পূর্ণ স্পন্দন কী? ১

খ. কম্পাঙ্ক পর্যায়কালের ব্যস্তানুপাতিক ব্যাখ্যা কর। ২

গ. P ও AB এর মধ্যবর্তী দূরত্ব কমপক্ষে কত হলে প্রতিধ্বনি শোনা যাবে নির্ণয় কর। ৩

ঘ. P হতে শব্দ উৎপন্ন হয়ে AB প্রতিফলকে বাঁধা পাওয়ার ঘটনাটি বায়ুর পরিবর্তে পানিতে ঘটলে প্রতিধ্বনি শোনা যাবে কিনা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶



ক. দন্ত চিকিৎসায় কোন ধরনের দর্পণ ব্যবহার করা হয়? ১

খ. লেন্সের ক্ষমতা – 3.5 d বলতে কী বুঝায়? ২

গ. A চিত্রে P হতে 16 সে.মি. দূরে বস্তু থাকলে বিম্বের অবস্থান, আকৃতি ও প্রকৃতি চিত্র এঁকে বর্ণনা কর। ৩

ঘ. চক্ষু লেন্সের ক্ষমতা বেড়ে যাওয়ার কারণে সৃষ্ট ত্রুটিটি প্রতিকারে উপরের কোন লেন্সটি উপযোগী তুলনামূলক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

৫ ▶ রাহীদের বাসায় তিনটি বাতি আছে। বাতি তিনটির গায়ে 100 W–220V, 60W – 220V এবং 40W – 220V লেখা আছে।

ক. তড়িৎ ক্ষমতা কী? ১

খ. একটি বাতির গায়ে 220 V – 32 W লেখা আছে; এর অর্থ কী? ২

গ. তিনটি বাতি প্রতিদিন 6 ঘণ্টা করে জ্বালালে 31 দিনের এক মাসে কত ইউনিট বিদ্যুৎ খরচ হবে? ৩

ঘ. দ্বিতীয় বাতিটির ফিলামেন্টের রোধ প্রথম বাতিটির ফিলামেন্টের রোধ অপেক্ষা বেশি, গাণিতিক যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৬ ▶ ইমনের দাদা ধূমপায়ী ছিলেন। তিনি ক্যান্সার রোগে আক্রান্ত হলেন। দাদার অসুস্থতার খবর পেয়ে ইমন দাদাকে দেখতে যাওয়ার সময় সড়ক দুর্ঘটনায় আহত হয়ে ডাক্তারের নিকট গেলে, ডাক্তার পরীক্ষা করে নিশ্চিত হন, তার পায়ের হাড় ভেঙে গেছে। এদিকে ইমনের দাদাকে ডাক্তার পরামর্শ দিলেন রেডিও থেরাপি নিতে।

ক. ইসিজি কী? ১

খ. এক্স-রের ক্ষতিকর প্রভাব থেকে বাঁচার উপায় কী? ২

গ. ডাক্তার কিভাবে নিশ্চিত হলেন ইমনের হাড় ভেঙে গেছে– বর্ণনা দাও। ৩

ঘ. ইমনের দাদার চিকিৎসা পদ্ধতিটি কত প্রকারে গ্রহণ করা যায়– বিশ্লেষণ কর। ৪

১০২ ✓ দিনাজপুর বোর্ড ২০১৫

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ কোনো সমতল রাস্তায় কিছু সময় গতিশীল একটি গাড়ির বিভিন্ন সময়ের বেগ নিচের ছকে দেওয়া হলো—

সময় t (মিনিট)	0	5	10	15	20	25
বেগ, v (মি./সে.)	2	4	6	6	4	0

ক. ভেক্টর রাশি কাকে বলে? ১

খ. তোমার ওজন পৃথিবীর সকল দেশেই সমান হবে কি? ব্যাখ্যা কর। ২

গ. প্রথম 10 মিনিটে গাড়িটির অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. প্রদত্ত তথ্যের আলোকে বেগ-সময় লেখচিত্র অঙ্কন করে তা থেকে গাড়িটির গতিবেগ সম্পর্কে মতামত দাও। ৪

২ ▶ 2 kW ক্ষমতার একটি বৈদ্যুতিক মোটর 2 মিনিটে 10 মিটার উঁচুতে অবস্থিত 1000 কেজি পানি ধারণক্ষমতার একটি শূন্য পানির ট্যাংকি পূর্ণ করতে পারে। অন্যদিকে 5 kW ক্ষমতার অন্য একটি বৈদ্যুতিক মোটর একই সময়ে 15 মিটার উঁচুতে অবস্থিত 1500 কেজি পানি ধারণক্ষমতার পানির ট্যাংকি পূর্ণ করতে পারে।

ক. বল কাকে বলে? ১

খ. একটি মাইক্রোবাস ও একটি ট্রাকের মধ্যে কোনটির জড়তা বেশি এবং কেন? ২

গ. 10 মিটার উঁচু ট্যাংকির পানির বিভব শক্তি নির্ণয় কর। ৩

ঘ. কোন মোটরটি ব্যবহার করা বেশি লাভজনক হবে? গাণিতিক যুক্তিসহ মতামত দাও। ৪

৩ ▶ এক ব্যক্তি সিলেটে বেড়াতে গিয়ে একটি পাহাড় থেকে 17 মিটার দূরে থাকা অবস্থায় প্রতিধ্বনি শোনার জন্য জোরে শব্দ করল। উক্ত শব্দের বেগ ছিল 350 মিটার/ সেকেন্ড এবং তরঙ্গ দৈর্ঘ্য ছিল 20 সেন্টিমিটার।

ক. পর্যাবৃত্ত গতি কাকে বলে? ১

খ. আমরা যখন কথা বলি তখন আমাদের শব্দ অন্যের কাছে কিভাবে পৌঁছায়? ২

গ. উক্ত শব্দের কম্পাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. উক্ত ব্যক্তি প্রতিধ্বনি শুনতে পাবেন কী? গাণিতিক যুক্তিসহ মতামত দাও। ৪

৪ ▶



এক্ষেত্রে (Here) $_a\eta_b = 1.414$

ক. অ্যাকুয়াস হিউমার কাকে বলে? ১

খ. a এবং b মাধ্যমের মধ্যে কোন মাধ্যমটি বেশি ঘন? ব্যাখ্যা কর। ২

গ. b মাধ্যমের সাপেক্ষে a মাধ্যমের প্রতিসরণাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. $\theta_1 = 0°$ হলে প্রতিসৃত রশ্মিটি কোন পথে যাবে? স্নেলের সূত্রের আলোকে ব্যাখ্যা কর। ৪

৫ ▶



A ও B বস্তুর আধান যথাক্রমে 10C ও 30C।

ক. বিভব পার্থক্য কাকে বলে? ১

খ. A বস্তুটিকে একটি স্বর্ণপাত তড়িৎবীক্ষণ যন্ত্রের ধাতব চাকতিতে স্পর্শ করালে যন্ত্রের পাতদ্বয়ের ফাঁক বাড়বে না কমবে? ব্যাখ্যা কর। ২

গ. A ও B বস্তুদ্বয়ের মধ্যবর্তী বলের মান নির্ণয় কর। ৩

ঘ. B বস্তুটির সাহায্যে কোনো অনাহিত পরিবাহককে ধনাত্মক আধানে আহিত করা সম্ভব কি? চিত্রসহ ব্যাখ্যা কর। ৪

৬ ▶



বর্তনীর তড়িৎ প্রবাহ 1.5 A এবং কোষের ভোল্টেজ 15 V

ক. জেনারেটর কাকে বলে? ১

খ. একটি ট্রান্সফর্মারের গৌণকুণ্ডলীর পাক সংখ্যা মুখ্য কুণ্ডলীর 5 গুণ হলে প্রবাহমাত্রার কী পরিবর্তন হবে? ব্যাখ্যা কর। ২

গ. 5 মিনিটে উক্ত কোষটির ব্যয়িত শক্তি নির্ণয় কর। ৩

ঘ. AD ও DE অংশের দুই প্রান্তের বিভব পার্থক্য সমান হবে কি? গাণিতিক যুক্তিসহ মতামত দাও। ৪

Part 03

ক্যাডেট কলেজের নির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

অধিক অনুশীলনের মাধ্যমে সেরা প্রস্তুতির জন্য

১০৩ মির্জাপুর ক্যাডেট কলেজ, টাংগাইল

বিষয় কোড : 136

সময় : ২৫ মিনিট | পদার্থবিজ্ঞান ▼ বহুনির্বাচনি অভীক্ষা | পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. 1 টেরা গ্রাম সমান কত গ্রাম?
ক 10^9 খ 10^{12}
গ 10^{14} ঘ 10^{15}

২. G-এর মাত্রা কোনটি?
ক $[M^{-1}L^3T^{-2}]$ খ $[M^{-1}L^{-1}T^3]$
গ $[M^{-1}L^{-1}T^2]$ ঘ $[M^{-1}L^{-2}T^2]$

৩. সমবেগের ক্ষেত্রে দূরত্ব বনাম সময়ের লেখ নিচের কোনটি?
ক বক্ররেখা খ বৃত্তাকার রেখা
গ উপবৃত্তাকার রেখা ঘ সরলরেখা

■ একটি বস্তু 7 s এ A অবস্থান হতে B অবস্থানে গমন করে। এই সময়ে তার বেগ বৃদ্ধি 3 m s^{-1} হতে 31 m s^{-1}।



এখন ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ একটি জ্বলন্ত মোমবাতি থেকে নির্গত একটি আলোকরশ্মি বায়ু মাধ্যমের মধ্য দিয়ে অতিক্রমের সময় একটি সমতল দর্পণে বাধা পায়। আলোক রশ্মি ও কাচপৃষ্ঠ দ্বারা সৃষ্ট কোণ 55°।

ক. আলোর প্রতিফলনের সংজ্ঞা দাও। ১

খ. আলোর প্রধান বৈশিষ্ট্যগুলো লেখ। ২

গ. প্রতিফলিত রশ্মির দর্পণের সাথে সৃষ্ট কোণ নির্ণয় কর। ৩

ঘ. যদি দর্পণটি আগের অবস্থান থেকে ঘড়ির কাঁটার দিকে 15° ঘুরানো হয় তাহলে রশ্মিটি দর্পণে আবারও প্রতিফলিত হবে। পূর্বের সাপেক্ষে এখন প্রতিফলন কোণের কীরূপ পরিবর্তন হবে? – চিত্রসহ গাণিতিক বিশ্লেষণ দাও। ৪

২ ▶ তামার দৈর্ঘ্য প্রসারণ সহগ $2.083 \times 10^{-2}\ K^{-1}$। একটি আয়তাকার ছোট বাক্সের উপরের অংশে একটি সিকিউরিটি ফায়ার অ্যালার্মের সুইচ বসানো এবং নিচের অংশে 0.5 mm^3 তামা। তাপমাত্রা বৃদ্ধি পেলে, তামার আয়তন বৃদ্ধি পাবে এবং তা সুইচে চাপ দিবে এবং অ্যালার্মটি বেজে উঠবে। বাক্সটির আয়তন 1 mm^3। সুইচটি চাপ দিতে, তামার আয়তন হতে হবে 0.75 mm^3। কক্ষ তাপমাত্রা 30 °C।

ক. তাপমাত্রার সংজ্ঞা দাও। ১

খ. তরল পদার্থের প্রসারণের ধরনসমূহ ব্যাখ্যা কর। ২

গ. তামার আয়তন প্রসারণ সহগ নির্ণয় কর। ৩

ঘ. কোন তাপমাত্রায় ফায়ার সিকিউরিটি অ্যালার্মটি বেজে উঠবে? – গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ একটি বুদবুদ পানির 15 m গভীরে সৃষ্টি হয়ে পানির উপরে আসলো। সৃষ্টি হওয়ার সময় বুদবুদটির আয়তন ছিল 2 cm^3।

ক. পৃষ্ঠটান কী? ১

খ. সান্দ্রতা ব্যাখ্যা কর। ২

গ. বায়ুমণ্ডলীয় চাপ 2 atm হলে, পানির পৃষ্ঠদেশে বুদবুদের আয়তন নির্ণয় কর। ৩

ঘ. $1.37 \times 10^3\ kg\ m^{-3}$ ঘনত্ব বিশিষ্ট একটি তরল পদার্থ দ্বারা পানি প্রতিস্থাপন করা হলে তরলের ভেতরে (উদ্দীপকে উল্লিখিত গভীরতায়) ও বাইরে, বুদবুদের আয়তনের অনুপাত কি হবে? ৪

৪ ▶ আদনান ডিপ ফ্রিজ থেকে 5 kg বরফ সংগ্রহ করে, একটি তাপ নিরোধী বাক্সে রাখে। থার্মোমিটারে বরফের তাপমাত্রা পায় – 1 °C।

ক. তাপমাত্রিক সূত্র কী? ১

খ. বস্তুর তাপমাত্রিক ধর্ম বলতে কী বুঝ? ২

গ. বরফটি 100 °C তাপমাত্রার বাষ্পে পরিণত হতে প্রয়োজনীয় তাপের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. সবশেষে আদনান একটি 38 °C তাপমাত্রার উষ্ণ ধাতব টুকরা বাক্সে রাখে। বাক্সের অভ্যন্তরীণ উপাদানের চূড়ান্ত তাপমাত্রা কত হবে। গাণিতিকভাবে দেখাও। (ধাতব পদার্থটির ভর 1 kg এবং আপেক্ষিক তাপ $2 \times 10^5\ J\ kg^{-1}\ K^{-1}$) ৪

৫ ▶



তরঙ্গটি A থেকে D তে স্থান পরিবর্তনের জন্য প্রয়োজনীয় সময় 0.25 sec। A থেকে D বিন্দুর দূরত্ব 4.5 m।

ক. তরঙ্গ দৈর্ঘ্য কী? ১

খ. অনুনাদ বলতে কী বুঝ? ২

গ. তরঙ্গটির কম্পাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. বিস্তার ধ্রুবক রেখে, তরঙ্গদৈর্ঘ্য দ্বিগুণ করা হলে, কম্পাঙ্কের কি কোনো পরিবর্তন হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬ ▶ 20 kg ভরের একটি বস্তুর উপর 200 N বল 10 second যাবৎ প্রযুক্ত হলো। তারপর বস্তুটি মুক্তভাবে চলা শুরু করল।

ক. জড়তার সংজ্ঞা দাও। ১

খ. বিভব শক্তি ও গতিশক্তির মধ্যকার পার্থক্যগুলো লিখ। ২

গ. প্রথম 12 sec এ বস্তুটি দ্বারা অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. প্রথমে প্রযুক্ত বল থেকে মুক্ত হওয়ার পর যদি অপর একটি 10 N বল বস্তুটির উপর বিপরীত দিক থেকে প্রযুক্ত হয়, তাহলে বস্তুটির অতিক্রান্ত সর্বোচ্চ দূরত্ব কত হবে? গাণিতিকভাবে দেখাও। ৪

৭ ▶



দুই প্রান্তে 90 kg ও 40 kg ভরবিশিষ্ট কপিকলটির উপর অজানা বল প্রয়োগ করে কপিকলটিকে ভূমি থেকে 6 meter উপরে স্থির অবস্থায় রাখা হয়েছে।

ক. ক্ষমতার সংজ্ঞা দাও। ১

খ. শক্তির সংরক্ষণশীলতার নীতি ব্যাখ্যা কর। ২

গ. কপিকলটি স্থির রাখতে ১ম বস্তুর উপর প্রযুক্ত বল নির্ণয় কর। ৩

ঘ. কপিকলটি মুক্ত অবস্থায় রাখা হলে, ভর দুটি চলতে শুরু করে। যখন ১ম ভরটি 2 m নিচে নামে এবং ২য় ভরটি 2 m উপরে উঠে তখন, বস্তুদ্বয়ের বেগ নির্ণয় কর। ৪

৮ ▶ 9 mC আধানবিশিষ্ট একটি বস্তু A বিন্দুতে স্থাপিত। A বিন্দু হতে 45 cm দূরত্বে B বিন্দুতে 12 mC আধানবিশিষ্ট অপর একটি বস্তু স্থাপিত রয়েছে।

ক. কুলম্বের সূত্র কী? ১

খ. পৃথকভাবে উপরোক্ত দুটি আধানের তড়িৎ বলরেখা অঙ্কন কর। ২

গ. প্রথম আধানের জন্য B বিন্দুতে তড়িৎ ক্ষেত্র প্রাবল্য নির্ণয় কর। ৩

ঘ. A ও B বিন্দুর মধ্যে কোন বিন্দুতে প্রাবল্য শূন্য হবে? গাণিতিকভাবে নির্ণয় কর। ৪

১১৬ ঝিনাইদহ ক্যাডেট কলেজ, ঝিনাইদহ

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ 100 g ভরের একটি বস্তু 60 m s^{-1} বেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ করা হলো এবং কিছুক্ষণ পর এটি তার পূর্বের অবস্থানে ফিরে আসল। একই সময় 1 kg ভরের একটি বস্তু 180 m উচ্চতার ছাদ থেকে পড়ে।

ক. ভার্নিয়ার ধ্রুবকের সংজ্ঞা দাও। ১

খ. অভিকর্ষজ ত্বরণের মাত্রা বিশ্লেষণ কর। ২

গ. প্রথম বস্তুটি কত সময় বাতাসে বিচরণ করছিল? ৩

ঘ. ভূপৃষ্ঠ থেকে কত উচ্চতায় বস্তুদ্বয় মিলিত হবে? ৪

২ ▶ 600 kg ভরের একটি গাড়ি 1400 kg ভরের একটি স্থির ট্রাকের সাথে ধাক্কা খেয়ে তারা একসাথে চলতে শুরু করে। গাড়িটির বেগ 20 m s^{-1} ছিল। 10 g ভরের একটি বুলেট 300 m s^{-1} বেগে একটি গাছের মধ্যে 4.5 cm প্রবেশ করে।

ক. ঘর্ষণ বল কী? ১

খ. পৃথিবীর বিভিন্ন জায়গায় বস্তুর ওজন বিভিন্ন কেন? ব্যাখ্যা কর। ২

গ. গাছটি কর্তৃক বাধাদানকারী বল নির্ণয় কর। ৩

ঘ. মিলিত যানবাহনদ্বয়ের চূড়ান্ত বেগ গাড়িটির বেগের এক-চতুর্থাংশ হবে কি? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৩ ▶ প্রতিটি 3 kg ভরের কিছু ইট 20 m উপরে উঠাতে 10 kW ক্ষমতার ইঞ্জিন ব্যবহার করা হয়। এটি এক ঘণ্টা ধরে কাজ করে। 40 kg ভরের একজন বালক প্রতিটি 20 cm উচ্চতার 20টি সিঁড়ি 5 সেকেন্ডে অতিক্রম করে।

ক. কাজের সংজ্ঞা দাও। ১

খ. গতিশক্তি কীভাবে বেগের উপর নির্ভর করে– ব্যাখ্যা কর। ২

গ. বালকটির ক্ষমতা নির্ণয় কর। ৩

ঘ. ইঞ্জিনটি 60000 টির অধিক ইট উত্তোলন করতে পারবে কি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ একটি ইটের ক্ষেত্রফল 25 cm^2 এবং উচ্চতা 2 cm। এটি পানির পৃষ্ঠদেশ থেকে 5 cm গভীরে ডুবানো হলো। পানির ঘনত্ব 1000 kg m^{-3}। সীসার তৈরি একটি বুলেটের আয়তন 25 cm^3। একে 100 °C তাপমাত্রা ব্যবধানে উত্তপ্ত করা হয়। সীসার γ এর মান 27.6×10^{-6} K^{-1}।

ক. প্যাসকেলের সূত্রটি বিবৃত কর। ১

খ. তরলের প্রকৃত প্রসারণ ব্যাখ্যা কর। ২

গ. বুলেটটির চূড়ান্ত আয়তন নির্ণয় কর। ৩

ঘ. ইটের ঘটনাটি আর্কিমিডিসের নীতি অনুসরণ করেছে কি না গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶



ক. ব্যাপ্ত প্রতিফলনের সংজ্ঞা দাও। ১

খ. প্রতিসরণাঙ্ক ব্যাখ্যা কর। ২

গ. যদি লক্ষ্যবস্তুর দূরত্ব 40 cm হয় এবং বিম্বের দূরত্ব এর এক-তৃতীয়াংশ হয় তবে ফোকাস দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. রশ্মিচিত্রের মাধ্যমে তুমি কি দেখাতে পারবে যে, উদ্দীপকের দর্পণটি বিভিন্ন আকৃতি, প্রকৃতি এবং অবস্থানের বিম্ব গঠন করে? মতামত দাও। ৪

৬ ▶



এখানে, $Q_1 = 30$ C এবং $Q_2 = 60$ C ও r = 12 m

Q_1 থেকে 4 m দূরে একটি বিন্দু P নেওয়া হলো।

ক. প্রতিবিম্বের সংজ্ঞা দাও। ১

খ. তড়িৎ শক্তির ব্যাখ্যা কর। ২

গ. চার্জদ্বয়ের মধ্যে ক্রিয়াশীল বল নির্ণয় কর। ৩

ঘ. P বিন্দুতে উভয় চার্জের তড়িৎ প্রাবল্য একই হবে কি? গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

৭ ▶



ক. ও'হমের সূত্রটি বিবৃত কর। ১

খ. আপেক্ষিক রোধ ব্যাখ্যা কর। ২

গ. বর্তনীতে প্রবাহিত তড়িৎ প্রবাহ নির্ণয় কর। ৩

ঘ. R_2 ও R_4 এর মধ্যে তড়িৎ প্রবাহ তুলনা কর। ৪

৮ ▶ চিকিৎসা বিজ্ঞানে ECG ব্যাপকভাবে ব্যবহৃত হয়। একদিন 30 °C তাপমাত্রায় তাহমিদ বজ্রপাতের আলো দেখার 3 s পর তার শব্দ শুনতে পায়। 0 °C তাপমাত্রায় শব্দের বেগ 332 m s^{-1}।

ক. তেজস্ক্রিয়তার সংজ্ঞা দাও। ১

খ. অনুপ্রস্থ ও অনুদৈর্ঘ্য তরঙ্গের মধ্যে পার্থক্য ব্যাখ্যা কর। ২

গ. বজ্র সৃষ্টির স্থানের উচ্চতা নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের বর্ণিত পরীক্ষায় পদার্থবিজ্ঞান কীভাবে ব্যবহৃত হয়েছে সে বিষয়ে তোমার মতামত দাও। ৪

১১৭ ✓ কুমিল্লা ক্যাডেট কলেজ, কুমিল্লা

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ একটি গাড়ির সময়ের সাথে বেগের পরিবর্তনের ছকটি নিম্নরূপ :

সময় (s)	0	20	40	60	80	100	120
বেগ ($m\ s^{-1}$)	0	4	8	12	12	6	0

ক. চলন গতি কী? ১

খ. পড়ন্ত বস্তুর ত্বরণ সুষম ত্বরণ ব্যাখ্যা কর। ২

গ. গাড়িটির প্রথম 1 মিনিট 20 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. ত্বরণ বনাম সময়ের লেখচিত্র অঙ্কন করে বেগ পরিবর্তনের হার বিশ্লেষণ কর। ৪

২ ▶



ক. ভূতাপীয় শক্তি কী? ১

খ. গাড়ি বা ট্রাক কাদায় আটকে যায় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বল প্রয়োগে কৃতকাজের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. উক্ত বল একই সময়ের জন্য যদি ভূমির সাথে 60° কোণে ক্রিয়াশীল থাকে তবে বস্তুর গতিশক্তির কি কোনো পরিবর্তন হবে ব্যাখ্যা কর। ৪

৩ ▶ একজন দন্ত চিকিৎসক 8 cm ফোকাস দূরত্বের "X" গোলীয় আয়না ব্যবহার করেন। এবং একজন গাড়ি চালক 80 cm ফোকাস দূরত্বের "Y" গোলীয় আয়না ব্যবহার করে যাতে 50 cm দূরত্বে অন্য একটি গাড়ির ছবি দেখা যায়।

ক. আলোক কেন্দ্র কাকে বলে? ১

খ. আমরা কীভাবে রঙিন বস্তুর আলোকীয় উপলব্ধি পাই ব্যাখ্যা কর। ২

গ. "Y" গোলীয় আয়নায় দেখা গাড়ির দূরত্ব কত? ৩

ঘ. দন্ত চিকিৎসক "X" গোলীয় আয়নাকে দাঁত হতে 60 cm এবং 10 cm দূরে স্থাপন করলে কোন অবস্থানে সবচেয়ে ভালো দেখা যাবে। রেখাচিত্রের সাহায্যে বিশ্লেষণ কর। ৪

৪ ▶



ক. তড়িচ্চালক শক্তি কী? ১

খ. চিকন তার অপেক্ষা মোটা তারের মধ্য দিয়ে বেশি তড়িৎ প্রবাহিত হয়—ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক হতে i এর মান নির্ণয় কর। ৩

ঘ. প্রতিটি রোধের মধ্য দিয়ে সমপরিমাণ তড়িৎ প্রবাহিত হয় কি-না? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৫ ▶



ক. রংধনু কাকে বলে? ১

খ. একই আকৃতির এক টুকরা ডায়মন্ড এক টুকরা কাচের চাইতে বেশি উজ্জ্বল — ব্যাখ্যা কর। ২

গ. কাচ মাধ্যমে আলোর বেগ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে i_2 এবং i_1 সমান হবে কি-না গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৬ ▶



350 m s^{-1} বেগের শব্দ P বিন্দুতে সৃষ্টি হওয়ার 0.2 s পর একই বিন্দুতে ২য় বার শোনা যায়।

ক. শব্দের তীব্রতা কাকে বলে? ১

খ. পুরুষের গলার স্বর মোটা এবং শিশু, নারীদের গলার স্বর তীক্ষ্ণ হয় কেন? ২

গ. উদ্দীপক হতে PQ দূরত্ব নির্ণয় কর। ৩

ঘ. বায়ুর তাপমাত্রা 20 °C বৃদ্ধি পেলে একই ঘটনার পুনরাবৃত্তি ঘটবে কি না তোমার মতামত দাও। ৪

৭ ▶ 2 kg বরফকে একটি পাত্রে রেখে বার্নারে তাপ দেওয়া হলো এবং প্রতি এক মিনিট পর পর পাঠ নেওয়া হলো। বরফ গলনের সাথে পানির তাপমাত্রা নিচের ছকে দেখানো হলো। [বরফ গলনের আপেক্ষিক সুপ্ততাপ 336000 J kg^{-1} K^{-1} এবং পানির আপেক্ষিক তাপ 4200 J kg^{-1} K^{-1}]

সময় (মি.)	0	1	2	3	4	5	6	7	8	9	10	11	12
তাপমাত্রা °C	0	0	10	20	30	40	50	60	70	80	90	100	100

ক. পুনঃশিলীভবন কাকে বলে? ১

খ. মাটির পাত্রে পানি ঠাণ্ডা থাকে কেন? ২

গ. 3 মিনিটে পানি কর্তৃক গৃহীত তাপ কত? ৩

ঘ. উদ্দীপকের আলোকে অবস্থার পরিবর্তনে তাপের প্রভাব লেখচিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ৪

৮ ▶



ক. তড়িৎ বলরেখা কী? ১

খ. পেট্রোলবাহী ট্রাকের সাথে ধাতব শিকল ঝুলানো থাকে কেন? ব্যাখ্যা কর। ২

গ. চার্জদ্বয়ের মধ্যবর্তী বলের মান বের কর। ৩

ঘ. A ও B এর মাঝখানে এমন কোনো বিন্দু পাওয়া সম্ভব কি? যেখানে তড়িৎ প্রাবল্য সমান হবে। গাণিতিক বিশ্লেষণ কর। ৪

১১৮ ✓ ফেনী গার্লস ক্যাডেট কলেজ, ফেনী

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট | **পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ দুটি মোটর গাড়ি কোনো প্রতিযোগিতায় 9 $m\ s^{-1}$ এবং 6 $m\ s^{-1}$ বেগে যাত্রা করে একই সময়ে গন্তব্যস্থলে পৌঁছাল। গাড়ি দুটির ত্বরণ যথাক্রমে 2 $m\ s^{-2}$ এবং 3 $m\ s^{-2}$।

ক. স্ক্যানিং কী? ১

খ. 6×10^5 N বল বলতে কী বুঝায়? ২

গ. মোটর গাড়িদ্বয় কত সময় প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিল? ৩

ঘ. ১ম মোটর গাড়ির আদিবেগ বা ত্বরণ সামান্য বৃদ্ধি করলে গাড়িটি প্রতিযোগিতায় বিজয়ী হবে? যুক্তি দেখাও। ৪

২ ▶ 10 m গভীরতা, 4 m ব্যাসের একটি কূপ পানিতে ভর্তি আছে।

ক. কর্মদক্ষতা কী? ১

খ. সূর্যের চারদিকে পৃথিবীর গতি কীরূপ গতি? ব্যাখ্যা কর। ২

গ. কূপটি খালি করতে কতটুকু পানি কূপ থেকে তুলতে হবে? ৩

ঘ. 20 মিনিটে কূপটি খালি করতে কত ক্ষমতার বৈদ্যুতিক মোটর ব্যবহার করতে হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶



ক. আপেক্ষিক তাপ কাকে বলে? ১

খ. একটি লাল ফুলকে সবুজ কাচে কেমন দেখায় এবং কেন? ২

গ. লেন্সটির ক্ষমতা নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের লেন্সটির সাহায্যে কীভাবে চোখের ত্রুটি দূর করা যায়? চিত্রসহ ব্যাখ্যা কর। ৪

৪ ▶



বল = 7.29×10^{13} N

ক. তরঙ্গ কী? ১

খ. α এবং γ রশ্মির মধ্যে দুটি পার্থক্য লিখ। ২

গ. d এর মান নির্ণয় কর। ৩

ঘ. A ও B এর সংযোজক সরলরেখার কোন বিন্দুতে চার্জদ্বয়ের কারণে সৃষ্ট তড়িৎ তীব্রতা শূন্য হবে—গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৫ ▶ মি. এনাম হৃদরোগে ভুগছেন। তিনি হাটার সময় বেশি শ্বাসকষ্টে ভুগেন। তিনি হৃদরোগ বিশেষজ্ঞের নিকট গেলে ডাক্তার তাকে ETT করার পরামর্শ দিলেন।

ক. সমন্বিত বর্তনী কী? ১

খ. জীব পদার্থবিজ্ঞানে জগদীশ চন্দ্র বসুর অবদান বর্ণনা কর। ২

গ. ETT কীভাবে করা হয় ব্যাখ্যা কর। ৩

ঘ. ECG এর পরিবর্তে ETT করার কারণ কী? তোমার মতামত দাও। ৪

৬ ▶ চিত্রে সিলিন্ডারটির পৃষ্ঠতলের ক্ষেত্রফল A = 0.2 m^2 এবং উচ্চতা h = 1.5 m। সিলিন্ডারটির CD পর্যন্ত পূর্ণ হতে 80 kg তরলের প্রয়োজন।



ক. সলিনয়েড কী? ১

খ. তরলের ঘনত্ব নির্ণয় কর। ২

গ. তরলের উপরিতল হতে 75 cm গভীরের কোনো বিন্দুর চাপ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে প্রমাণ কর "তরলের গভীরতা বৃদ্ধির সাথে সাথে চাপ বৃদ্ধি পায়।" ৪

৭ ▶



ক. p-n জাংশন ডায়োড কী? ১

খ. একটি বাতির গায়ে 220 V – 60 W লেখা আছে; এর অর্থ কী? ২

গ. বর্তনীর তুল্যরোধের মান নির্ণয় কর। ৩

ঘ. দৈনিক 6 ঘণ্টা বর্তনীটি চললে প্রতি মাসে কত টাকা বিদ্যুৎ বিল দিতে হবে? [প্রতি ইউনিটের মূল্য 5 টাকা] ৪

৮ ▶



E_p = 240 V; N_p = 50; E_s = 8 V; I_s = 0.9 A

ক. তেজস্ক্রিয়তা কী? ১

খ. দূর-দূরান্তে বৈদ্যুতিক সংকেত প্রেরণে অপটিক্যাল ফাইবার ব্যবহার সুবিধাজনক কেন? ২

গ. যন্ত্রটির মুখ্য কুণ্ডলীর তড়িৎ প্রবাহ নিরূপণ কর। ৩

ঘ. উদ্দীপকের ভিত্তিতে যন্ত্রটির কাজ গাণিতিকভাবে বর্ণনা কর। ৪

১১৯ ফৌজদারহাট ক্যাডেট কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ দৃশ্য-১ : কামান থেকে একটি গ্রেনেড বাতাসে নিক্ষেপ করা হলো। চিত্রে গ্রেনেডটির গতিপথ ডানদিকে দেখানো হয়েছে। গ্রেনেডটির ভর 50 kg এবং এটি ডানদিকে 100 m s^{-1} বেগে ছুটছে।



দৃশ্য-২ : বাতাসে গ্রেনেডটি বিস্ফোরিত হয়ে চিত্রের মতো তিনটি টুকরায় বিভক্ত হলো। তুমি সবগুলো টুকরার ভর নির্ণয় করতে সক্ষম হলেও কেবল দুটি টুকরার বেগ নির্ণয় করতে পারলে।



ক. ভারসাম্য বল কী? ১

খ. নিউক্লিয় বল বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. গ্রেনেডটির প্রারম্ভিক ভরবেগ কত? (মান ও দিক) ৩

ঘ. উদ্দীপক অনুসারে তৃতীয় টুকরাটির বেগ (মান ও দিক) নির্ণয় কর। এটি কি ভরবেগের সংরক্ষণশীলতা নিয়ম মেনে চলে? ৪

২ ▶ একটি আলোক রশ্মি w পুরুত্বের একটি সুষম কাচ ব্লকে i কোণে আপতিত হয়। রশ্মিটি B বিন্দুতে i′ কোণে নিঃসরিত হয়। (নিচের চিত্রটি লক্ষ কর)।



ক. প্রতিসরণাঙ্ক কী? ১

খ. চোখের উপযোজন বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. ২য় মাধ্যমটির প্রতিসরণাঙ্ক হিসাব কর। ৩

ঘ. যদি 1.33 প্রতিসরণাঙ্কের তৃতীয় একটি মাধ্যম সংযুক্ত করা হয়, তাহলে নিঃসরণ কোণের কোনো পরিবর্তন হবে কি? তাদের মধ্যে সম্পর্ক কী? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ একজন ক্যাডেট 40 km h^{-1} বেগে উত্তর হতে দক্ষিণে 15 s ভ্রমণ করে। অতঃপর সে পূর্বদিকে 60 km h^{-1} বেগে 30 s ভ্রমণ করে পুনরায় পশ্চিম দিকে 50 km h^{-1} বেগে 20 s চলে।

ক. ঘাত বল কী? ১

খ. বেগের পরিবর্তন না হলে কোনো ত্বরণ থাকে না—ব্যাখ্যা কর। ২

গ. ক্যাডেট কর্তৃক অতিক্রান্ত সরণ নির্ণয় কর। ৩

ঘ. সম্পূর্ণ ভ্রমণে গড় দ্রুতি এবং গড় বেগের মধ্যে কোনটি বেশি? — গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৪ ▶ 20 °C কক্ষ তাপমাত্রায় 100 gm ভরের একটি কপার ক্যালরিমিটারে 200 gm পানি রয়েছে। 100 °C তাপমাত্রার 100 gm ভরের একটি কঠিন বস্তু ক্যালরিমিটারের মধ্যে ফেলা হলো। মিশ্রণের তাপমাত্রা 25 °C কপার ও অ্যালুমিনিয়ামের আপেক্ষিক তাপ যথাক্রমে 400 J kg^{-1} K^{-1} ও 900 J kg^{-1} K^{-1}।

ক. সুপ্ত তাপ কী? ১

খ. পানির ত্রৈধ বিন্দু বলতে কী বুঝ? ২

গ. কঠিন বস্তুটির আপেক্ষিক তাপ নির্ণয় কর। ৩

ঘ. আমরা যদি একই ভরের অ্যালুমিনিয়াম ক্যালরিমিটার ব্যবহার করি তবে মিশ্রণের তাপমাত্রায় কোন প্রভাব পড়বে কি? — বিশ্লেষণ কর। ৪

৫ ▶



ক. সলিনয়েড কী? ১

খ. ভূমির বিভব শূন্য কেন? — ব্যাখ্যা কর। ২

গ. গোলকদ্বয়ের মধ্যে ক্রিয়াশীল বল নির্ণয় কর। ৩

ঘ. গোলকদ্বয়ের দরুন P বিন্দুতে তড়িৎ তীব্রতা কত হবে? গাণিতিকভাবে দেখাও। ৪

৬ ▶



ক. মডুলেশন কী? ১

খ. আইসোটোপ কেন একটি নির্দিষ্ট উপাদানের পরিবর্তনে গঠিত হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রদর্শিত যোগাযোগ ব্যবস্থাটি বর্ণনা কর। ৩

ঘ. এই যোগাযোগ ব্যবস্থাটি মোবাইল যোগাযোগ ব্যবস্থার সাথে কীভাবে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৪

৭ ▶ আমরা যখন একটি সরল দোলকের ববকে নিম্নরূপে একপাশে টেনে ছেড়ে দিই তখন শক্তির রূপের পরিবর্তন ঘটে।
(h = 0.40 m, k = 5 N m^{-1})



ক. পর্যাবৃত্ত গতির সংজ্ঞা দাও। ১

খ. শব্দের তীব্রতা বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. ববের সর্বোচ্চ গতি নির্ণয় কর। ৩

ঘ. বস্তুর পর্যায়কাল নির্ণয় করা কি সম্ভব? গাণিতিক বিশ্লেষণ দাও। ৪

৮ ▶



ক. ডায়োড কী? ১

খ. দূর দূরান্তে সিগনাল পাঠানোর ক্ষেত্রে অপটিক্যাল ফাইবার ব্যবহার সুবিধাজনক কেন? ২

গ. বর্তনীটির তুল্যরোধ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপক অনুসারে 50 Ω এবং 300 Ω রোধদ্বয়ের মধ্যে বিভব নির্ণয় কর। এরা কি সমান অথবা না? বিশ্লেষণ কর। ৪

১২০ ✓ সিলেট ক্যাডেট কলেজ, সিলেট

বিষয় কোড : 136

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ কচ্ছপ এবং খরগোশ দৌড় প্রতিযোগিতায় অংশগ্রহণের সময় খরগোশ 0.05 $m\ s^{-1}$ বেগ, 0.0001 $m\ s^{-2}$ ত্বরণ এবং কচ্ছপ 0.2 $m\ s^{-1}$ গড়বেগে যাত্রা শুরু করল। প্রতিযোগিতা শুরুর পর খরগোশ 1 ঘণ্টা পরপর 4 ঘণ্টা ঘুমায় এবং পূর্বের বেগ ও ত্বরণে আবার দৌড়াতে শুরু করে। প্রতিযোগিতার মোট দূরত্ব 3 km।

ক. পর্যাবৃত্ত গতি কী? ১

খ. সরণ এবং দূরত্ব কি সর্বদা একই? ব্যাখ্যা কর। ২

গ. 1 ঘণ্টা পর খরগোশ কচ্ছপ অপেক্ষা কতটুকু এগিয়ে ছিল? ৩

ঘ. প্রতিযোগিতায় কে বিজয়ী হবে? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

২ ▶ ফুটবল খেলোয়াড় সাব্বির বাম পায়ে ব্যথা নিয়ে ডাক্তারের নিকট গেলেন। ডাক্তার ধারণা করলেন তার গোড়ালিতে ফাটল ধরেছে যা নিশ্চিত হওয়ার জন্য তাকে একটি পরীক্ষা করতে বললেন যেখানে ক্যাথোড টাংস্টেন-এর কুণ্ডলীকে তড়িৎ প্রবাহের মাধ্যমে উত্তপ্ত করা হয়। অন্য একজন ডাক্তার তার স্ত্রীর গর্ভাবস্থা বুঝার জন্য তাকে ভিন্ন একটি পরীক্ষা দিলেন যা ছবি তোলার সাথে সম্পর্কিত।

ক. আল্ট্রাসনোগ্রাফি কী? ১

খ. মানবদেহ কী একটি যন্ত্র? ব্যাখ্যা কর। ২

গ. সাব্বিরের পরীক্ষার উৎপাদন প্রক্রিয়া বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে দুটি পরীক্ষার ফলাফল, ঝুঁকি এবং পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পর্কে তুলনামূলক আলোচনা কর। ৪

৩ ▶ মিঃ মিরাজের বাড়িতে দুটি বাল্ব প্রত্যেকের রোধ 100 Ω। দুটি পাখা প্রত্যেকের রোধ 200 Ω, একটি টেলিভিশন যার রোধ 80 Ω এবং 60 Ω রোধের একটি ফ্রিজ আছে। যন্ত্রগুলো দুইটি আলাদা ঘরে ভিন্ন ভাবে সংযুক্ত। যন্ত্রগুলো দৈনিক গড়ে 6 ঘণ্টা চলে এবং প্রতি ইউনিট বিদ্যুতের মূল্য 6 টাকা। লাইন ভোল্টেজ 220 V এবং মেইন লাইনে 15 A এর একটি ফিউজ লাগানো রয়েছে।

ক. তড়িৎ প্রবাহ কী? ১

খ. মিরাজের ভিন্ন দুটি ঘরের বৈদ্যুতিক সংযোগ দেখাও। ২

গ. জুন মাসে মিরাজকে কত টাকা বৈদ্যুতিক বিল দিতে হবে? ৩

ঘ. উদ্দীপকের ফিউজটি কি মিরাজের বাড়ির জন্য নিরাপদ? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৪ ▶ করিম সাহেবের নিকট 0.9 m ব্যাসার্ধের একটি কাঠের চাকা আছে। তিনি চাকায় ধাতব বেড় পড়াতে চান। তাই সমব্যাসার্ধের দুটি পাত A এবং B ব্যবহার করবেন যাদের প্রত্যেকের ব্যাসার্ধ 0.899 m। তিনি সর্বোচ্চ 900 °C পর্যন্ত তাপ দিতে পারবেন। সম প্রস্থচ্ছেদের ক্ষেত্রফলের জন্য তার কাছে নিম্নোক্ত ডাটা রয়েছে।

ধাতব পাত	আদি দৈর্ঘ্য (m)	কোষ দৈর্ঘ্য (m)	তাপমাত্রা বৃদ্ধি (0°C)
A	100	100.002	20 °C
B	100	100.005	30 °C

ক. দৈর্ঘ্য প্রসারণ সহগ কাকে বলে? ১

খ. রেল লাইনে দুটি পাতের মিলন স্থলে ফাঁকা থাকে কেন? ২

গ. A এবং B এর দৈর্ঘ্য প্রসারণ সহগের পার্থক্য নির্ণয় কর। ৩

ঘ. A এবং B এর মাঝে কোন পাত দিয়ে করিম চাকায় বেড় পড়াতে সক্ষম হবে? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৫ ▶ 10 cm দৈর্ঘ্য এবং 5 m প্রস্থচ্ছেদের একটি বস্তুকে অবতল দর্পণের সামনে রাখা হলো। দর্পণের বক্রতার ব্যাসার্ধ 80 cm। বস্তুটি মেরু হতে 50 cm দূরে অবস্থিত।

ক. প্রতিবিম্ব কী? ১

খ. উত্তল দর্পণ সর্বদাই অবাস্তব বিম্ব গঠন করে—ব্যাখ্যা কর। ২

গ. প্রতিবিম্ব কোথায় গঠিত হবে? দেখাও। ৩

ঘ. বস্তুটিকে পূর্বের অবস্থান হতে 20 cm সামনে এবং পিছনে নিলে প্রতিবিম্বের কীরূপ পরিবর্তন হবে গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৬ ▶ 20 kW এর একটি তড়িৎ মোটর 2000 kg পানি 1.75 মিনিটে 25 m উঁচু ছাদে তুলতে পারে।

ক. ক্ষমতা কী? ১

খ. পড়ন্ত বস্তুর ত্বরণ পরিপূর্ণভাবে সুষম ত্বরণ নয় ব্যাখ্যা কর। ২

গ. মোটরটির কর্মদক্ষতা নির্ণয় কর। ৩

ঘ. অপচয়কৃত শক্তি দিয়ে কি পরিমাণ পানির তাপমাত্রা 60 °C বৃদ্ধি করা যাবে। ৪

৭ ▶ একটি ট্রান্সফর্মারের মুখ্য ও গৌণ কুণ্ডলীর ভোল্টেজ যথাক্রমে E_p ও E_s। মুখ্য ও গৌণ কুণ্ডলীর পাকসংখ্যা যথাক্রমে N_p ও N_s। এখানে, $E_p = 500$ V, $E_s = 220$ V এবং $N_p = 440$।

ক. তড়িৎচৌম্বক আবেশ কী? ১

খ. বাল্বের গায়ে "220 V – 60 W" লেখা থাকলে কী বুঝায়? ২

গ. গৌণ কুণ্ডলীর পাকসংখ্যা নির্ণয় কর। ৩

ঘ. গৌণ কুণ্ডলীতে 110 V বিভব পেতে পাকসংখ্যার কীরূপ পরিবর্তন করতে হবে? গাণিতিকভাবে উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৮ ▶ শূন্যস্থানে + 90 C এবং – 10 C এর দুটি চার্জ পরস্পর থেকে 20 cm দূরত্বে রাখা হলো। এদের মধ্যে একটি বল কাজ করে।

ক. বজ্রনাদ কী? ১

খ. তড়িৎ বলরেখা একই সাথে শুরু এবং শেষ হতে পারে না। ব্যাখ্যা কর। ২

গ. চার্জদ্বয়ের মধ্যকার বলের মান নির্ণয় কর। ৩

ঘ. চার্জ দুটিকে সরলরৈখিকভাবে যুক্ত করলে কোন বিন্দুতে তড়িৎ তীব্রতার মান শূন্য হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

লেকচার

১২১ বরিশাল ক্যাডেট কলেজ, বরিশাল

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ 4 N ওজনের একটি খেলনা গাড়ির উপর বল প্রয়োগ করায় এটি 1.5 m/s^2 ত্বরণে মেঝের উপর দিয়ে চলতে শুরু করে। ঘর্ষণ বলের মান 0.5 N।

ক. ভেক্টর রাশি কী? ১

খ. টিউনিং ফর্কের স্পন্দন গতিকে ছন্দিত গতি বলা হয় কেন? ২

গ. গাড়ির উপর প্রযুক্ত বলের মান নির্ণয় কর। ৩

ঘ. ঘর্ষণযুক্ত এবং ঘর্ষণমুক্ত তলের ক্ষেত্রে নিউটনের কোন সূত্র কোথায় প্রযোজ্য হবে উদ্দীপকের আলোকে গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২ ▶ একটি মোটরের সাহায্যে 150 m গভীর কুয়া থেকে প্রতি মিনিটে 2000 লিটার পানি উত্তোলন করা যায়। মোটরের কর্মদক্ষতা 60%।

ক. শক্তির একক কী? ১

খ. বিভব শক্তি কীসের উপর নির্ভর করে? ব্যাখ্যা কর। ২

গ. মোটরের প্রদত্ত ক্ষমতা নির্ণয় কর। ৩

ঘ. 20% কর্মদক্ষতার অপর একটি মোটর উদ্দীপকের মোটরের সাথে সংযুক্ত করা হলে কতটুকু সময় বাঁচবে যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৩ ▶ একটি গাড়ি কিছুক্ষণ চলার পর যখন এর বেগ 80 km/h হলো তখন ড্রাইভার জানালো গাড়ির ইঞ্জিন খুব গরম হয়ে গেছে এবং এর তাপমাত্রা 120 °C তাই সে ব্রেক চেপে 10 sec এর মধ্যে গাড়িটিকে থামালো। ইঞ্জিনকে ঠাণ্ডা করার জন্য তার কাছে সমান ভরের পানি এবং গ্লিসারিন আছে। পানির তাপমাত্রা 10 °C এবং গ্লিসারিনের তাপমাত্রা 0 °C। পানি এবং গ্লিসারিনের আপেক্ষিক তাপ যথাক্রমে 4200 $J\,kg^{-1}\,K^{-1}$ এবং 1654 $J\,kg^{-1}\,K^{-1}$।

ক. প্যাসকেল কী? ১

খ. আপেক্ষিক গুরুত্ব জানা প্রয়োজন কেন? ২

গ. ব্রেক চাপার মুহূর্তে গাড়ির ত্বরণ কত ছিল? ৩

ঘ. ইঞ্জিন ঠাণ্ডা করার জন্য ড্রাইভার কোন তরলটি অধিক পছন্দ করবে? গাণিতিক যুক্তি দাও। ৪

৪ ▶ একটি পানিপূর্ণ বিকারে একটি বস্তু সম্পূর্ণ নিমজ্জিত অবস্থায় আছে। এতে পাত্র থেকে কিছু পরিমাণ পানি উপচে পড়ল। বস্তুর আয়তন এবং ক্ষেত্রফল যথাক্রমে 2 m^3 এবং 100 cm^2। পানির ঘনত্ব 1000 kg/m^3 এবং অভিকর্ষজ ত্বরণ 9.81 m/s^2।

ক. গলন কী? ১

খ. তাপ এক প্রকার শক্তি ব্যাখ্যা কর। ২

গ. তরলের উপর বস্তুর চাপের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের ঘটনাটি কী আর্কিমিডিসের সূত্র মেনে চলবে? তোমার মতামত যুক্তি সহকারে উপস্থাপন কর। ৪

৫ ▶



ক. সিলভারিং কী? ১

খ. লম্বভাবে দর্পণে আপতিত রশ্মি একই পথে ফিরে যায় কেন? ২

গ. $\angle AON_1$ এর মান নির্ণয় কর। ৩

ঘ. শূন্যস্থানের প্রতিসরণাঙ্ক, পানির প্রতিসরণাঙ্কের চেয়ে কম। গাণিতিক যুক্তি দাও। ৪

৬ ▶



চিত্র-১



চিত্র-২

ক. পরিবাহিতা কী? ১

খ. E এবং V এর মধ্যে পার্থক্য কী? ২

গ. চিত্র-১ হতে ক্রিয়াশীল বলের মান নির্ণয় কর। ৩

ঘ. চিত্র-২ হতে A ও B চার্জের জন্য C বিন্দুতে তড়িৎ প্রাবল্যের পার্থক্য গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৭ ▶



চিত্র-১



চিত্র-২

ক. তড়িৎ চৌম্বক আবেশ কী? ১

খ. কীভাবে চৌম্বকক্ষেত্রের সবলতা বৃদ্ধি করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. চিত্র-২ এর তুল্যরোধ নির্ণয় কর। ৩

ঘ. দুইটি বর্তনীর প্রবাহের মানের পার্থক্য অবশ্যই একটির থেকে বড় হবে– গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶

চিত্র-১

চিত্র-২

ক. ডায়োড দ্বারা কী করা যায়? ১

খ. টেলিফোন বলতে কী বুঝায়? ২

গ. চিত্র-২ এর কার্যপদ্ধতি বর্ণনা কর। ৩

ঘ. কোন ডিভাইসটি তড়িৎ শক্তিকে শব্দ শক্তিতে রূপান্তরিত করে? তোমার মতামত যুক্তি সহকারে উপস্থাপন কর। ৪

১২২ রংপুর ক্যাডেট কলেজ, রংপুর

বিষয় কোড : 1 3 6

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান ❤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ নিচের উদ্দীপকটি লক্ষ কর :



চিত্রে বস্তুটি A বিন্দু হতে ভূমির দিকে পড়ছে।

ক. নিউটনের গতির ২য় সূত্র লিখ। ১

খ. পাওয়ার প্ল্যান্টের ক্ষমতা 200 MW বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ. বস্তুটির A থেকে C-তে আসতে কত সময় লাগবে? ৩

ঘ. "A ও C বিন্দুতে বস্তুটির মোট শক্তির পরিমাণ অপরিবর্তনীয়" –গাণিতিকভাবে উক্তিটির যথার্থতা যাচাই কর। ৪

২ ▶ 400 cm^3 আয়তনের একটি বস্তুর বাতাসে ওজন 19.6 N. পানিতে নিমজ্জিত করলে বস্তুটির ওজন হয় 15.68 N. পরীক্ষণীয় স্থানে অভিকর্ষজ ত্বরণ $g = 9.8\ m\ s^{-2}$।

ক. প্লবতা কী? ১

খ. বরফ পানিতে ভাসে– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের বস্তুটির ঘনত্ব পানির ঘনত্বের কতগুণ? ৩

ঘ. উদ্দীপক আর্কিমিডিসের সূত্রকে সমর্থন করে কী-না? গাণিতিকভাবে বিশ্লেষণ করে মতামত দাও। ৪

৩ ▶ সেতুর ওপর রেললাইন স্থাপনের জন্য একটি কনস্ট্রাকশন ফার্ম 100 km রেললাইনের ডিজাইন করলেন। তারা 16 °C তাপমাত্রা বৃদ্ধি বিবেচনায় দুটি 25 m পাতের মাঝে 1.5 cm ফাঁকা জায়গা রাখলেন।

ক. পুনঃশিলীভবন কী? ১

খ. উঁচু পাহাড়ে রান্না করা কষ্টকর কেন? ব্যাখ্যা কর। ২

গ. স্থাপিত রেললাইনের দৈর্ঘ্য প্রসারণ সহগ বের কর। ৩

ঘ. $12 \times 10^{-6}\ K^{-1}$ দৈর্ঘ্য প্রসারণে রেললাইনে রেলগাড়ি কি 25 °C তাপমাত্রা বৃদ্ধিতে নিরাপদে যাত্রা করতে পারবে? গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

৪ ▶ নির্দিষ্ট উৎস হতে সৃষ্ট শব্দের বায়ুতে এবং পানিতে বেগ যথাক্রমে 347 $m\ s^{-1}$ এবং 1474.75 $m\ s^{-1}$। শব্দটি বায়ুতে তিনটি সংকোচন এবং 2টি প্রসারণে 50 cm দূরত্ব অতিক্রম করে।

ক. তরঙ্গদৈর্ঘ্য কাকে বলে? ১

খ. পুরুষের গলার স্বর মোটা কিন্তু নারীদের গলার স্বর তীক্ষ্ণ হয় কেন? ২

গ. বায়ুর তাপমাত্রা নির্ণয় কর। ৩

ঘ. বায়ুর তুলনায় পানিতে সৃষ্ট শব্দের তরঙ্গদৈর্ঘ্যের কিরূপ পরিবর্তন হবে– গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৫ ▶ B ও C বিন্দুর মধ্যে বিভব পার্থক্য 2.2 V।



B ও C বিন্দুর মধ্যে বিভব পার্থক্য 2.2 V।

ক. তড়িচ্চালক শক্তি কী? ১

খ. সিস্টেম লস কীভাবে কমানো যায়? ২

গ. 10 Ω রোধের মধ্য দিয়ে কী পরিমাণ তড়িৎ প্রবাহিত হবে? ৩

ঘ. রোধক তিনটি বর্তনীতে কীভাবে সংযোগ করলে তুল্যরোধ 7.5 Ω হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬ ▶ 1 HP এর তড়িৎমোটর একটি স্টেপ ডাউন ট্রান্সফর্মারের গৌণ কুণ্ডলীর প্রান্তে যুক্ত আছে। ট্রান্সফর্মারটির গাঠনিক চিত্র নিম্নরূপ :



এখানে, $n_p = 200$, $E_p = 800$ volt
$n_s = 50$ এবং $I_p = 2$ A

ক. তড়িৎ চৌম্বক আবেশ কী? ১

খ. মোটরকে কেন জেনারেটরের বিপরীত যন্ত্র বলা হয় ব্যাখ্যা কর। ২

গ. মুখ্য কুণ্ডলীর রোধের মান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের ট্রান্সফর্মারটি বৈদ্যুতিক মোটরটি চালাতে সক্ষম কি না–গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪

৭ ▶ আলোক রশ্মি বায়ু মাধ্যম হতে কাচ মাধ্যমে 60° কোণে আপতিত হয় এবং পরে কাচ মাধ্যম হতে পানি মাধ্যমে যায়। বায়ুর সাপেক্ষে কাচ এবং কাচের সাপেক্ষে পানির প্রতিসরণাঙ্ক যথাক্রমে 1.52 এবং 0.875। বায়ুতে আলোর বেগ $3 \times 10^8\ m\ s^{-1}$।

ক. গোলীয় দর্পণের মেরু কাকে বলে? ১

খ. ব্যাপ্ত প্রতিফলন ব্যাখ্যা কর। ২

গ. কাচ মাধ্যমে প্রতিসরণ কোণ নির্ণয় কর। ৩

ঘ. পানি মাধ্যমে আলোর বেগের কোনো পরিবর্তন হবে কি? ব্যাখ্যা কর। ৪

৮ ▶



চিত্র-১



চিত্র-২

ক. আলোক কেন্দ্র কাকে বলে? ১

খ. রঙিন বস্তুর আলোকীয় উপলব্ধি বর্ণনা কর। ২

গ. চিত্র-২ এর লেন্সের ক্ষমতা বের কর। ৩

ঘ. চিত্র-১, চিত্র-২ এর প্রতিবিম্ব গঠনের সাদৃশ্য রশ্মিচিত্রের মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

Part 05

শীর্ষস্থানীয় স্কুলের নির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

অধিক অনুশীলনের মাধ্যমে সেরা প্রস্তুতির জন্য

১২৩ রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : 136

সময় : ২৫ মিনিট | পদার্থবিজ্ঞান ▼ বহুনির্বাচনি অভীক্ষা | পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. বৃত্তাকার স্কেল দুবার ঘুরালে স্ক্রু রৈখিক স্কেল বরাবর 6 mm অতিক্রম করে। যন্ত্রটির পিচ কত?
ক 1 mm খ 2 mm
গ 3 mm ঘ 4 mm

২. $v = u + at$ এই সমীকরণে 'at' এর মাত্রা কী?
ক LT^{-1} খ LT^{-2}
গ T ঘ L

৩. একটি মুক্তভাবে পড়ন্ত বস্তু 3 sec-এ 18 m পড়লে 6 sec এ কত দূরত্ব অতিক্রম করবে?
ক 6 m খ 18 m
গ 36 m ঘ 72 m

৪. 'ভরবেগ-সময়' গ্রাফের ঢাল কি নির্দেশ করে?
ক বল খ ত্বরণ
গ সরণ ঘ বেগ

৫. স্থির অবস্থান থেকে সুষম ত্বরণে চলমান কোনো বস্তুর বেগ–
i. সরণের সমানুপাতিক
ii. সরণের বর্গমূলের সমানুপাতিক
iii. সময়ের সমানুপাতিক
নিচের কোনটি সঠিক?
ক i, ii খ i, iii
গ ii, iii ঘ i, ii, iii

৬. শক্তির একক কোনটি?
ক Ns^{-1} খ $kg\ m\ s^{-1}$
গ $N\ kg\ m\ s^{-1}$ ঘ $kg\ m^2\ s^{-2}$

৭. কোনো বস্তুর গতিশক্তি ও ভরবেগের মধ্যে সম্পর্ক কী?
ক E_k হলো P এর সমানুপাতিক
খ E_k হলো P এর ব্যস্তানুপাতিক
গ E_k হলো P এর বর্গের সমানুপাতিক
ঘ E_k হলো P এর বর্গমূলের সমানুপাতিক

৮. কোনটি সংরক্ষণশীল বল নয়?
ক মহাকর্ষ বল
খ ঘর্ষণ বল
গ স্প্রিং বল
ঘ চৌম্বক বল

৯. 5 MeV = ... ? জুল
ক 3.2×10^{-11} J
খ 3.2×10^{-9} J
গ 8.0×10^{-13} J
ঘ 3.2×10^{-15} J

১০. তামার আপেক্ষিক তাপ 400 J kg^{-1} K^{-1} অর্থ–
i. 800 J তাপ দরকার 1 kg তামার তাপমাত্রা 2 k বৃদ্ধি করতে
ii. 3 kg তামার তাপমাত্রা 2 K কমাতে 1200 J তাপ বর্জন করে
iii. 4 kg তামার তাপমাত্রা 1 K কমাতে 1600 J তাপ বর্জন করে।
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১১. পানিতে শব্দের বেগ কত?
ক 1493 m s^{-1}
খ 330 m s^{-1}
গ 5130 m s^{-1}
ঘ 1284 m s^{-1}

১২. 0 °C-এ প্রতিধ্বনি শোনার ন্যূনতম দূরত্ব কত?
ক 16.7 m খ 16.5 m
গ 17.5 m ঘ 17.6 m

১৩. স্বর্ণের ঘনত্ব কত?
ক 7800 kg m^{-3}
খ 13600 kg m^{-3}
গ 19300 kg m^{-3}
ঘ 19600 kg m^{-3}

১৪. পীড়নের একক কী?
ক Nm খ Nm^{-1}
গ Nm^{-2} ঘ NC^{-1}

■ A এবং B দুটি ধাতব তার একই দৈর্ঘ্য, ভিন্ন ক্ষেত্রফল এবং একই উপাদান দ্বারা গঠিত।
উদ্দীপকে আলোকে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :

১৫. A তারের রোধ B তারের 4 গুণ হলে তারদ্বয়ের ব্যাসার্ধের অনুপাত কত হবে?
ক 1 : 2 খ 2 : 1
গ 1 : 4 ঘ 4 : 1

১৬. উভয় তারের–
i. আপেক্ষিক রোধ সমান
ii. রোধ ভিন্ন
iii. পরিবাহক ভিন্ন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. পরিবাহীর রোধ নির্ভর করে–
i. দৈর্ঘ্যের উপর
ii. প্রস্থচ্ছেদের ক্ষেত্রফলের উপর
iii. উপাদানের উপর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. পরিবাহীকে টেনে দ্বিগুণ করা হলে রোধ কতগুণ হবে?
ক 0.5 খ 2
গ 4 ঘ 6

১৯. কোনটির তড়িৎ পরিবাহিতা বেশি?
ক রুপা খ তামা
গ টাংস্টেন ঘ নাইক্রোম

■


উপরের চিত্র অনুসারে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :

২০. K_1 বন্ধ থাকলে সমতুল্য রোধ কত?
ক 7.4 Ω খ 9 Ω
গ 11 Ω ঘ 13 Ω

২১. K_1 ও K_2 বন্ধ থাকলে তড়িৎ প্রবাহ কত?
ক 1.05 amp খ 1.81 amp
গ 1.45 amp ঘ 1.62 amp

২২. কোনো ট্রান্সফর্মারের প্রাইমারি কয়েলের ভোল্টেজ ও কারেন্ট যথাক্রমে 20 V এবং 5 A। সেকেন্ডারি কয়েলের ভোল্টেজ 50 V হলে কারেন্ট কত?
ক 2 A খ 4 A
গ 6 A ঘ 8 A

২৩. কোনটির বেগ আলোর বেগের সমান?
ক α-কণা খ β-কণা
গ γ-কণা ঘ নিউট্রিনো কণা

২৪. কোনটির মাধ্যমে হৃৎপিণ্ডের করোনারি ধমনিতে আংশিক অবরুদ্ধ অবস্থা শনাক্ত করা যায়?
ক CT স্ক্যান খ ETT
গ ECG ঘ MRI

২৫. X-রশ্মির তরঙ্গ দৈর্ঘ্য কত?
ক 10^{-5} m খ 10^{-6} m
গ 10^{-8} m ঘ 10^{-10} m

Self test

১	ক খ গ ঘ	২	ক খ গ ঘ	৩	ক খ গ ঘ	৪	ক খ গ ঘ	৫	ক খ গ ঘ	৬	ক খ গ ঘ	৭	ক খ গ ঘ	৮	ক খ গ ঘ	৯	ক খ গ ঘ	১০	ক খ গ ঘ	১১	ক খ গ ঘ	১২	ক খ গ ঘ	১৩	ক খ গ ঘ	১৪	ক খ গ ঘ	১৫	ক খ গ ঘ	১৬	ক খ গ ঘ
১৭	ক খ গ ঘ	১৮	ক খ গ ঘ	১৯	ক খ গ ঘ	২০	ক খ গ ঘ	২১	ক খ গ ঘ	২২	ক খ গ ঘ	২৩	ক খ গ ঘ	২৪	ক খ গ ঘ	২৫	ক খ গ ঘ														

উত্তরমালা

১	গ	২	ক	৩	ঘ	৪	ক	৫	গ	৬	ঘ	৭	গ	৮	খ	৯	গ	১০	খ	১১	ক	১২	খ	১৩	গ
১৪	গ	১৫	ক	১৬	ক	১৭	ঘ	১৮	গ	১৯	ক	২০	ঘ	২১	খ	২২	ক	২৩	গ	২৪	খ	২৫	ঘ		

১২৪ ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : 136

পদার্থবিজ্ঞান ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ২৫ মিনিট | পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

■ চিত্র হতে ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও :



১. 7 Ω এর মধ্যকার প্রবাহ কত?
ক 1 A খ 2 A
গ 3 A ঘ 4 A

২. 3 Ω-এর দুই প্রান্তের বিভব পার্থক্য কত?
ক 3 V খ 4 V
গ 6 V ঘ 12 V

৩. স্থির অবস্থা হতে সমত্বরণে চলমান বস্তুর ক্ষেত্রে কোনটি সঠিক?
ক $v \propto at$ খ $v \propto \sqrt{s}$
গ $s \propto \sqrt{at}$ ঘ $s \propto \sqrt{t}$

৪. একটি বস্তুকে খাঁড়া উপরের দিকে 98 m s^{-1} বেগে নিক্ষেপ করলে এটি কত সময় শূন্যে থাকবে?
ক 12 s খ 10 s
গ 9.8 s ঘ 20 s

৫. ঘর্ষণ কমাতে কোনটি ব্যবহৃত হয়?
ক পেট্রোল খ কাগজ
গ লুব্রিকেন্ট ঘ কাদামাটি

৬. কোনো গতিশীল বস্তুর ভর দ্বিগুণ করলে বেগ কতগুণ হবে?
ক সমান খ দ্বিগুণ
গ অর্ধেক ঘ চারগুণ

৭. ML^2T^{-3} মাত্রাটি কিসের?
i. ব্যয়িত শক্তির
ii. কাজের হার
iii. ক্ষমতার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৮. কোনো বস্তুর বেগ দ্বিগুণ বৃদ্ধি পেলে গতিশক্তি কতগুণ হবে?
ক চারগুণ খ ছয়গুণ
গ নয়গুণ ঘ সমান

৯. প্লাজমা অবস্থা সৃষ্টি হতে কত তাপমাত্রার প্রয়োজন?
ক 100 °C খ 1000 °C
গ 10000 °C ঘ 100000 °C

১০. কোনো বস্তুর 70% পানিতে নিমজ্জিত হলে বস্তুটির ঘনত্ব কত?
ক 70 kg m^{-3}
খ 700 kg m^{-3}
গ 0.70 kg m^{-3}
ঘ 7000 kg m^{-3}

১১. তড়িৎ মোটর তড়িৎশক্তিকে কোন শক্তিতে রূপান্তর করে?
ক রাসায়নিক শক্তি
খ চুম্বক শক্তি
গ তাপ শক্তি
ঘ যান্ত্রিক শক্তি

১২. MRI সাধারণত কোথায় ব্যবহার হয়?
i. হার্ট
ii. ব্রেইন
iii. কানেক্টিভ টিস্যু
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৩. ECG তে কতগুলো ইলেকট্রোড ব্যবহার করা হয়?
ক 12 খ 10
গ 8 ঘ 6

১৪. অস্ত্রোপচারের যন্ত্রপাতি জীবাণুমুক্ত করতে কোনটি হতে নির্গত গামারশ্মি ব্যবহৃত হয়?
ক C – 14 খ Co – 60
গ U – 235 ঘ I – 131

১৫. দুটি চার্জিত বস্তুর মধ্যবর্তী দূরত্ব 100% বৃদ্ধি পেলে তাদের মধ্যবর্তী বল কীরূপ হবে?
ক এক-চতুর্থাংশ
খ দ্বিগুণ
গ অর্ধেক
ঘ চারগুণ

১৬. স্থির তড়িৎ ব্যবহার হয় কোনটিতে?
i. স্প্রে মেশিন
ii. ফটোকপি মেশিন
iii. ইঙ্কজেট প্রিন্টার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৭. কালার প্রিন্টারে কত ধরনের কালার ব্যবহার করা হয়?
ক 2 খ 3
গ 4 ঘ 5

১৮. স্লাইডক্যালিপার্সের সাহায্যে কোনো গোলকের আয়তন পাওয়া গেল 44.602 mm^3। ভার্নিয়ার সমপাতন 4 হলে ভার্নিয়ার ধ্রুবক কত?
ক 0.01 খ 0.02
গ 0.03 ঘ 0.05

১৯. আর্কিমিডিস কোন দেশে জন্মগ্রহণ করেন?
ক ইতালী খ গ্রীস
গ জার্মানী ঘ স্পেন

২০. কোন ট্রান্সফরমার তড়িৎ প্রবাহকে কমিয়ে দেয়?
ক উচ্চধাপী
খ নিম্নধাপী
গ উভয়েই
ঘ কোনোটিই নয়

২১. কোনো বস্তুর গলন বিন্দু নিচের কোনটির জন্য পরিবর্তিত হয়?
ক তাপমাত্রা
খ আয়তন
গ প্রসারণ সহগ
ঘ চাপ

২২. শব্দ কোনদিকে সঞ্চালিত হয়?
ক সামনে
খ পিছনে
গ সকল দিকে
ঘ উপরে

২৩. শূন্য মাধ্যমে শব্দের বেগ কত?
ক 0 m s^{-1} খ 330 m s^{-1}
গ 3×10^8 m s^{-1} ঘ অসীম

■ চিত্র হতে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :



২৪. লেন্সটির ফোকাস দূরত্ব কত?
ক – 0.2 m খ 0.2 m
গ 0.5 D ঘ 5 D

২৫. লেন্স হতে 10 cm দূরে স্থাপিত কোনো বস্তুর প্রতিবিম্ব কেমন হবে?
ক বাস্তব
খ খর্বিত
গ অবাস্তব ও বিবর্ধিত
ঘ অবাস্তব ও খর্বিত

Self test

১	ক	খ	গ	ঘ	২	ক	খ	গ	ঘ	৩	ক	খ	গ	ঘ	৪	ক	খ	গ	ঘ	৫	ক	খ	গ	ঘ	৬	ক	খ	গ	ঘ	৭	ক	খ	গ	ঘ	৮	ক	খ	গ	ঘ	৯	ক	খ	গ	ঘ
১০	ক	খ	গ	ঘ	১১	ক	খ	গ	ঘ	১২	ক	খ	গ	ঘ	১৩	ক	খ	গ	ঘ	১৪	ক	খ	গ	ঘ	১৫	ক	খ	গ	ঘ	১৬	ক	খ	গ	ঘ	১৭	ক	খ	গ	ঘ	১৮	ক	খ	গ	ঘ
১৯	ক	খ	গ	ঘ	২০	ক	খ	গ	ঘ	২১	ক	খ	গ	ঘ	২২	ক	খ	গ	ঘ	২৩	ক	খ	গ	ঘ	২৪	ক	খ	গ	ঘ	২৫	ক	খ	গ	ঘ										

উত্তরমালা																										
	১	খ	২	গ	৩	খ	৪	ঘ	৫	গ	৬	গ	৭	খ	৮	ক	৯	গ	১০	খ	১১	ঘ	১২	খ	১৩	খ
	১৪	খ	১৫	ক	১৬	ঘ	১৭	গ	১৮	ঘ	১৯	খ	২০	ক	২১	ঘ	২২	গ	২৩	ক	২৪	খ	২৫	গ		

১২৫ গবর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, ধানমণ্ডি, ঢাকা

বিষয় কোড : 1 3 6

সময় : ২৫ মিনিট

পদার্থবিজ্ঞান ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

■ **নিচের তথ্য ও চিত্র অনুযায়ী ১ ও ২নং প্রশ্নের উত্তর দিতে হবে :**



চিত্র

১. OA লক্ষ্যবস্তুটির বিম্বের প্রকৃতি কেমন হবে?
ক সদ ও বিবর্ধিত
খ অসদ ও খর্বিত
গ সদ ও খর্বিত
ঘ অসদ ও বিবর্ধিত

২. বিম্বটির অবস্থান কোথায় হবে?
ক 2F দূরত্বে
খ 2F এর বেশি দূরত্বে
গ F ও 2F এর মধ্যে দূরত্বে
ঘ অসীমে

৩. এক গ্রাম বিশুদ্ধ পানির তাপমাত্রা 1 °C বাড়াতে কত তাপের প্রয়োজন?
ক 1.8 J খ 2.4 J
গ 3.4 J ঘ 4.2 J

৪. শূন্যকে সত্যিকার অর্থে ব্যবহার করা হয় কোথায়?
ক চীনে খ ভারত বর্ষে
গ গ্রীসে ঘ মিশরে

৫. উত্তল দর্পণের ক্ষেত্রে—
i. সৃষ্ট বিম্ব লক্ষ্যবস্তুর চেয়ে খর্বিত হয়
ii. বিম্বের প্রকৃতি অবাস্তব ও সোজা হয়
iii. লক্ষ্যবস্তু ও বিম্ব দর্পণের একই পাশে থাকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii
গ ii ও iii ঘ i, ii ও iii

৬. সমতল আয়নার বিবর্ধন—
ক 1 এর কম খ 1 এর বেশি
গ 0 ঘ 1 এর সমান

৭. তীর ছোঁড়ার পূর্ব মুহূর্তে তীর ধনুকে কোন শক্তি সঞ্চিত থাকে?
ক বিভবশক্তি
খ গতিশক্তি
গ তাপশক্তি
ঘ রাসায়নিক শক্তি

■ **উদ্দীপকটি পড় এবং ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
কোনো তড়িৎক্ষেত্রে 15 C এর আহিত বস্তু স্থাপন কর যেন সেটি 30 N বল লাভ করে।

৮. তড়িৎ ক্ষেত্রের তীব্রতা—
ক $5\ N\ C^{-1}$ খ $450\ N\ C^{-1}$
গ $2\ N\ C^{-1}$ ঘ $1\ N\ C^{-1}$

৯. ঐ তড়িৎ ক্ষেত্রে 100 C এর আহিত বস্তু স্থাপন করলে সে কত বল লাভ করবে?
ক 130 N খ 1600 N
গ 120 N ঘ 200 N

১০. নিউট্রন ও প্রোটন কোন ধরনের মৌলিক কণা দিয়ে তৈরি?
ক আলফা কণা খ বিটা কণা
গ স্ট্রিং ঘ কোয়ার্ক

১১.


বর্তনীর তুল্যরোধ কত?
ক 20 Ω খ 35 Ω
গ 2 Ω ঘ 12.5 Ω

১২. বর্তনীর A ও B প্রান্তে 6 V এর একটি ব্যাটারি সংযুক্ত করলে বর্তনীর মূল প্রবাহ কত হবে?
ক 1.5 A খ 12 A
গ 6 A ঘ 3 A

১৩. সিলিকনের সাথে ফসফরাস ডোপিং করলে নিচের কোনটি পাওয়া যায়?
ক p-টাইপ সেমিকন্ডাক্টর
খ n-টাইপ সেমিকন্ডাক্টর
গ রেকটিফায়ার ঘ ট্রানজিস্টর

১৪. প্রধান স্কেলের 1 ক্ষুদ্রতম ভাগের দৈর্ঘ্য সমান 1 mm, ভার্নিয়ার স্কেলের 50 ঘর সমান প্রধান স্কেলের 49 ঘর, ভার্নিয়ার ধ্রুবক কত?
ক 0.2 cm খ 0.02 cm
গ 0.002 cm ঘ 0.001 cm

১৫. ব্রেনের চিকিৎসার জন্য প্রযোজ্য—
i. সিটিস্ক্যান
ii. ইটিটি
iii. ইসিজি
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

১৬. সলিনয়েডের তড়িৎপ্রবাহের অভিমুখ বিপরীত করলে—
i. চুম্বকত্ব হারাবে
ii. মেরুদ্বয় পাল্টে যাবে
iii. বলরেখাগুলির অভিমুখ বিপরীতমুখী হবে
নিচের কোনটি সঠিক?
ক i, ii ও iii খ i
গ i ও ii ঘ ii ও iii

১৭. একটি চলন্ত গাড়ি $72\ km\ h^{-1}$ বেগে 10 s এ $4\ m\ s^{-2}$ ত্বরণ সৃষ্টি করে। গাড়িটির শেষ বেগ কত হবে?
ক $60\ m\ s^{-1}$ খ $220\ m\ s^{-1}$
গ $30\ m\ s^{-1}$ ঘ $35\ m\ s^{-1}$

১৮. এক্স-রে টিউবে অ্যানোড ও ক্যাথোডে ভোল্টেজ পার্থক্য কত?
ক 100 V খ 1000 V
গ 10000 V ঘ 100000 V

১৯. মুক্তভাবে পড়ন্ত বস্তুর ক্ষেত্রে—
ক গতিশক্তি হ্রাস পায়
খ বিভবশক্তি বৃদ্ধি পায়
গ গতিশক্তি বৃদ্ধি পায়
ঘ শক্তির পরিবর্তন হয় না

■ **চিত্রটি লক্ষ কর এবং ২০নং প্রশ্নের উত্তর দাও :**



1024 Hz

২০. তরঙ্গটির তরঙ্গ দৈর্ঘ্য কত?
ক 2.5 m খ 50 m
গ 5120 m ঘ 512 m

২১. জগদীশচন্দ্র বসু ছিলেন একজন—
ক পদার্থবিজ্ঞানী
খ জীববিজ্ঞানী
গ পদার্থ ও জীববিজ্ঞানী
ঘ রসায়নবিদ

২২. 5 °C তাপমাত্রা ফারেনহাইট স্কেলে কত হবে?
ক 23 °F খ 41 °F
গ 45 °F ঘ 5 °F

২৩. দূরত্ব বেশি হলে এনালগ সংকেতের—
ক নয়েজ কমে যায়
খ ক্ষমতা কমে যায়
গ বিবর্ধিত হয়
ঘ ক্ষমতা অপরিবর্তিত থাকে

২৪. নিউক্লিয়ার ম্যাগনেটিক রেজোন্যান্সের উপর ভিত্তি করে কোন যন্ত্র তৈরি করা হয়েছে?
ক এমআরআই
খ সিটিস্ক্যান
গ এনজিওগ্রাম
ঘ ইটিটি

২৫. একটি ট্রান্সফর্মারের মুখ্য কুণ্ডলীর পাকসংখ্যা 10 ভোল্টেজ 210 V এর গৌণ কুণ্ডলী পাকসংখ্যা 50 হলে ভোল্টেজ কত?
ক 2100 V খ 1050 V
গ 21 V ঘ 42 V

Self test																																	
	১	ক	খ	গ	ঘ	২	ক	খ	গ	ঘ	৩	ক	খ	গ	ঘ	৪	ক	খ	গ	ঘ	৫	ক	খ	গ	ঘ	৬	ক	খ	গ	ঘ	৭	ক	খ	গ	ঘ	৮	ক	খ	গ	ঘ	৯	ক	খ	গ	ঘ
	১০	ক	খ	গ	ঘ	১১	ক	খ	গ	ঘ	১২	ক	খ	গ	ঘ	১৩	ক	খ	গ	ঘ	১৪	ক	খ	গ	ঘ	১৫	ক	খ	গ	ঘ	১৬	ক	খ	গ	ঘ	১৭	ক	খ	গ	ঘ	১৮	ক	খ	গ	ঘ
	১৯	ক	খ	গ	ঘ	২০	ক	খ	গ	ঘ	২১	ক	খ	গ	ঘ	২২	ক	খ	গ	ঘ	২৩	ক	খ	গ	ঘ	২৪	ক	খ	গ	ঘ	২৫	ক	খ	গ	ঘ										

উত্তরমালা																																	
	১	গ	২	খ	৩	ঘ	৪	খ	৫	ঘ	৬	ঘ	৭	ক	৮	গ	৯	ঘ	১০	ঘ	১১	গ	১২	ঘ	১৩	খ							
	১৪	গ	১৫	ক	১৬	ঘ	১৭	ক	১৮	ঘ	১৯	গ	২০	ক	২১	গ	২২	খ	২৩	খ	২৪	ক	২৫	খ									

১২৬ ✓ বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া

বিষয় কোড : 1 3 6

সময় : ২৫ মিনিট — **পদার্থবিজ্ঞান ▼ বহুনির্বাচনি অভীক্ষা** — পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. ক্যালকুলাস আবিষ্কার করেন কে?
ক আর্কিমিডিস
খ গ্যালিলিও
গ আর্যভট্ট
ঘ নিউটন

২. সূর্যের চারদিকে পৃথিবীর গতি কোন ধরনের গতি?
ক চলন
খ ঘূর্ণন
গ স্পন্দন
ঘ পর্যায়বৃত্ত

৩. দশ ন্যানো মিটার কত মিটারের সমান?
ক 10^{-8}
খ 10^{-9}
গ 10^{-10}
ঘ 10^{-11}

৪. স্থির অবস্থান হতে সুষম ত্বরণে চলমান বস্তুর–
i. বেগ সময়ের সমানুপাতিক
ii. ত্বরণ অপরিবর্তিত থাকে
iii. সরণ সময়ের সমানুপাতিক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ ii ও iii
গ i ও iii
ঘ i, ii ও iii

৫. বস্তুর জড়তা কার উপর নির্ভর করে?
ক ভর
খ সরণ
গ বেগ
ঘ ত্বরণ

৬. একটি বস্তুর উপর 20 N বল 0.1 s ধরে ক্রিয়া করলে ভরবেগের পরিবর্তন কত হবে?
ক 1 kg m s^{-1}
খ 2 kg m s^{-1}
গ 10 kg m s^{-1}
ঘ 20 kg m s^{-1}

৭. বস্তুর বেগ তিনগুণ করলে গতিশক্তি কত শতাংশ বাড়ে?
ক ৩০০%
খ ৬০০%
গ ৮০০%
ঘ ৯০০%

৮. শক্তির মাত্রা কোনটি?
ক ML^2T^{-3}
খ ML^2T^{-2}
গ ML^3T^{-1}
ঘ MLT^{-2}

৯. পদার্থের চতুর্থ অবস্থা কোনটি?
ক প্লাজমা
খ কঠিন
গ তরল
ঘ গ্যাস

১০. কোন পদার্থের ঘনত্ব বেশি?
ক লোহা
খ পারদ
গ সোনা
ঘ পানি

১১. আন্তর্জাতিক পদ্ধতিতে তাপমাত্রার একক কোনটি?
ক সেলসিয়াস
খ ক্যালরি
গ জুল
ঘ কেলভিন

১২. পানির ত্রৈধবিন্দুর তাপমাত্রা কত?
ক 273 °C
খ 100 °C
গ 5 °C
ঘ 0 °C

১৩. হীরাতে শব্দের বেগ কত?
ক 3000 m s^{-1}
খ 5000 m s^{-1}
গ 8000 m s^{-1}
ঘ 12000 m s^{-1}

১৪. শব্দ তরঙ্গের বিস্তার–
i. বেশি হলে তীব্রতা বেশি হবে
ii. কম হলে তীব্রতা কম হবে
iii. দ্বিগুণ হলে তীব্রতা কম হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ ii ও iii
গ i ও iii
ঘ i, ii ও iii

■ **নিচের চিত্রের ভিত্তিতে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**



১৫. বস্তুটির প্রতিবিম্বের দৈর্ঘ্য কত হবে?
ক 1 cm
খ 5 cm
গ 10 cm
ঘ 15 cm

১৬. প্রতিবিম্বটি হবে–
i. বাস্তব
ii. উল্টা
iii. দর্পণের 40 cm সামনে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ ii ও iii
গ i ও iii
ঘ i, ii ও iii

১৭. শ্বেতমণ্ডলের সামনের অংশকে কী বলে?
ক আইরিশ
খ চোখের মণি
গ কর্নিয়া
ঘ রেটিনা

১৮. লেন্সের বক্রতার কেন্দ্র কয়টি?
ক একটি
খ দুইটি
গ তিনটি
ঘ চারটি

১৯. পৃথিবীর বিভব কত ভোল্ট?
ক শূন্য
খ 100
গ 1000
ঘ অসীম

২০. দুইটি তড়িৎ আধানের মধ্যবর্তী দূরত্ব দ্বিগুণ করা হলে, এদের মধ্যবর্তী বল কত হবে?
ক দ্বিগুণ
খ অর্ধেক
গ এক-চতুর্থাংশ
ঘ চারগুণ

■ **নিচের চিত্রের আলোকে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**



২১. বর্তনীর ক্ষমতা কত?
ক 100 W
খ 50 W
গ 20 W
ঘ 10 W

২২. রোধ দুটি শ্রেণিতে যুক্ত করলে প্রবাহ কত হবে?
ক 5 A
খ 2 A
গ 1 A
ঘ 0.5 A

২৩. কোনটির কার্যপ্রণালিতে তড়িৎ চৌম্বক আবেশ ব্যবহার করা হয়?
ক জেনারেটর
খ মোটর
গ কলিংবেল
ঘ ট্রানজিস্টর

২৪. অর্ধ-পরিবাহী পদার্থ কোনটি?
ক সিজিয়াম
খ জার্মেনিয়াম
গ কাচ
ঘ প্লাস্টিক

২৫. কোন পরীক্ষাটি অনুশীলনরত অবস্থায় করতে হয়?
ক রেডিওথেরাপি
খ ইটিটি
গ আল্ট্রাসনোগ্রাফি
ঘ এনজিওগ্রাফি

Self test

১	ক	খ	গ	ঘ	২	ক	খ	গ	ঘ	৩	ক	খ	গ	ঘ	৪	ক	খ	গ	ঘ	৫	ক	খ	গ	ঘ	৬	ক	খ	গ	ঘ	৭	ক	খ	গ	ঘ	৮	ক	খ	গ	ঘ	৯	ক	খ	গ	ঘ
১০	ক	খ	গ	ঘ	১১	ক	খ	গ	ঘ	১২	ক	খ	গ	ঘ	১৩	ক	খ	গ	ঘ	১৪	ক	খ	গ	ঘ	১৫	ক	খ	গ	ঘ	১৬	ক	খ	গ	ঘ	১৭	ক	খ	গ	ঘ	১৮	ক	খ	গ	ঘ
১৯	ক	খ	গ	ঘ	২০	ক	খ	গ	ঘ	২১	ক	খ	গ	ঘ	২২	ক	খ	গ	ঘ	২৩	ক	খ	গ	ঘ	২৪	ক	খ	গ	ঘ	২৫	ক	খ	গ	ঘ										

উত্তরমালা

১	ঘ	২	ঘ	৩	ক	৪	ক	৫	ক	৬	খ	৭	গ	৮	খ	৯	ক	১০	গ	১১	ঘ	১২	ঘ	১৩	ঘ				
১৪	ক	১৫	খ	১৬	ঘ	১৭	গ	১৮	খ	১৯	ক	২০	গ	২১	গ	২২	ঘ	২৩	ক	২৪	খ	২৫	খ						

১২৭ নবাব ফয়জুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা

বিষয় কোড : 1 3 6

সময় : ২৫ মিনিট

পদার্থবিজ্ঞান ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. চৌম্বকক্ষেত্রের পরিবর্তন করে বিদ্যুৎ তৈরি করা যায়– এটি কার আবিষ্কার?
ক কুলম্ব খ ভোল্টা
গ অরস্টেড ঘ ফ্যারাডে

২. একটি বস্তুর ক্ষেত্রফল পরিমাপে চূড়ান্ত ত্রুটি 84 cm^2 এবং পরিমাপ করা মান 400 cm^2 হলে আপেক্ষিক ত্রুটি কত শতাংশ?
ক 20% খ 21%
গ 25% ঘ 22%

৩. স্থির অবস্থান থেকে সুষম ত্বরণে চলমান বস্তুর ক্ষেত্রে–
i. $s \propto t^2$ ii. $v \propto \sqrt{s}$
iii. $v \propto \sqrt{t}$
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৪. নিচের কোনটি বস্তুর সমবেগ নির্দেশ করে?
ক 
খ
গ 
ঘ

৫.

টোকা দেওয়া মার্বেলগুলোর আঘাতে স্থির মার্বেলগুলো থেকে কয়টি মার্বেল গতিশীল হবে?
ক একটি খ দুইটি
গ তিনটি ঘ পাঁচটি

৬. কোন বস্তুর মাঝে কতটুকু শক্তি সঞ্চিত হয়েছে তা কোনটির উপর নির্ভর করে?
ক বল খ ত্বরণ
গ ক্ষমতা ঘ কাজ

■ **নিচের চিত্র থেকে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**



৭. বস্তুদ্বয়ের মধ্যে সমত্বরণ সৃষ্টি করতে হলে নিচের কোন সম্পর্কটি সঠিক?
ক $F_1 = 2\,F_2$ খ $F_2 = 2\,F_1$
গ $F_2 = \sqrt{F_1}$ ঘ $F_1 = F_2$

৮. বস্তুদ্বয়ের বেগের অনুপাত কত হলে তাদের গতিশক্তি সমান হবে?
ক $v_1 : v_2 = 1 : \sqrt{2}$
খ $v_1 : v_2 = 1 : 2$
গ $v_1 : v_2 = \sqrt{2} : 1$
ঘ $v_1 : v_2 = 2 : 1$

৯. বায়ুর চাপ পরিমাপের যন্ত্রের নাম কী?
ক সিসমোমিটার খ ব্যারোমিটার
গ ম্যানোমিটার ঘ থার্মোমিটার

১০. 1 kg পানিতে 0.25 kg লবণগুলো দেওয়ার পর তার আয়তন 1200 cc হলে ঐ পানির ঘনত্ব কত?
ক 1.04×10^3 kg m^{-3}
খ 1000 kg m^{-3}
গ 1.02×10^3 kg m^{-3}
ঘ 1.04 kg m^{-3}

১১. গ্যাস থার্মোমিটারের ক্ষেত্রে নির্দিষ্ট আয়তনের পাত্রে রক্ষিত–
i. গ্যাসকে তাপমাত্রিক পদার্থ বলে
ii. গ্যাসকে তাপমাত্রিক ধর্ম বলে
iii. গ্যাসের চাপকে তাপমাত্রিক ধর্ম বলে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১২. সুপ্ততাপ পরিবর্তন ঘটায় কোনটির?
ক তাপমাত্রার খ চাপের
গ তাপের ঘ অবস্থার

১৩. – 5 °C তাপমাত্রায় 2 kg বরফ গলে 0 °C তাপমাত্রার পানিতে পরিণত হতে প্রয়োজনীয় তাপ কত?
ক 42000 J খ 21000 J
গ 2100 J ঘ 4200 J

১৪. অনুদৈর্ঘ্য তরঙ্গ মাধ্যমের কণাগুলোর স্পন্দনের দিকের সাথে কীভাবে অগ্রসর হয়?
ক সমকোণে খ সরলকোণে
গ সমান্তরালে ঘ দুই সমকোণে

১৫. লাল কাচের মধ্যদিয়ে একটি নীল ফুলকে কী রং এর দেখা যাবে?
ক কালো খ সাদা
গ লাল ঘ নীল

১৬. যে লেন্স দিয়ে সর্বদাই বড় জিনিস ছোট দেখা যায় তাকে কী বলে?
ক অভিসারী লেন্স
খ উত্তল লেন্স
গ স্থূলমধ্য লেন্স
ঘ অবতল লেন্স

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**



১৭. দর্পণটির বক্রতার ব্যাসার্ধ কত?
ক 30 m খ 30 cm
গ 15 m ঘ 15 cm

১৮. OA লক্ষ্যবস্তুর প্রতিবিম্বের ক্ষেত্রে কোনটি সঠিক?
ক অবাস্তব, সোজা ও বিবর্ধিত
খ বাস্তব, উল্টো ও বিবর্ধিত
গ অবাস্তব, সোজা ও খর্বিত
ঘ বাস্তব, উল্টো ও খর্বিত

১৯. 

এদের মধ্যবর্তী দূরত্বের মধ্যবিন্দুতে + 1c চার্জ রাখলে সেটি কোনদিকে লব্ধিবল অনুভব করবে?
ক উপরে দিকে খ বাম দিকে
গ নিচের দিকে ঘ ডান দিকে

২০. রোধ প্রস্থচ্ছেদের ক্ষেত্রফলের সাথে কীভাবে সম্পর্কযুক্ত?
ক সমানুপাতিক
খ বর্গের সমানুপাতিক
গ ব্যস্তানুপাতিক
ঘ বর্গের ব্যস্তানুপাতিক

২১. 

বর্তনীর মূল তড়িৎ প্রবাহ কত?
ক 0.5 A খ 12.5 A
গ 2.5 A ঘ 2 A

২২. যে ট্রান্সফর্মার অল্প বিভবের অধিক তড়িৎ প্রবাহকে অধিক বিভবের অল্প তড়িৎ প্রবাহে রূপান্তরিত করে তাকে কী বলে?
ক আরোহী ট্রান্সফর্মার
খ জেনারেটর
গ অবরোহী ট্রান্সফর্মার
ঘ স্টেপ ডাউন ট্রান্সফর্মার

২৩. ফ্লেমিং এর আবিষ্কৃত দুই ইলেকট্রোডের ভ্যাকুয়াম টিউব কী হিসাবে কাজ করত?
ক অ্যামপ্লিফায়ার খ ডিটেকটর
গ রেক্টিফায়ার ঘ এ্যান্টেনা

২৪. সিটিস্ক্যান–
i. যন্ত্র দ্বারা সৃষ্ট প্রতিবিম্ব দ্বিমাত্রিক
ii. যন্ত্রে এক্সরে ব্যবহৃত হয়
iii. চিকিৎসা বিজ্ঞানে প্রতিবিম্ব তৈরির একটি প্রক্রিয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২৫. 30 °C তাপমাত্রায় শব্দের প্রতিধ্বনি শোনার জন্য সর্বনিম্ন দূরত্ব কত?
ক 17 m খ 16.5 m
গ 17.5 m ঘ 17.38 m

Self test																																							
	১	ক	খ	গ	ঘ	২	ক	খ	গ	ঘ	৩	ক	খ	গ	ঘ	৪	ক	খ	গ	ঘ	৫	ক	খ	গ	ঘ	৬	ক	খ	গ	ঘ	৭	ক	খ	গ	ঘ	৮	ক	খ	গ	ঘ	৯	ক	খ	গ	ঘ
	১০	ক	খ	গ	ঘ	১১	ক	খ	গ	ঘ	১২	ক	খ	গ	ঘ	১৩	ক	খ	গ	ঘ	১৪	ক	খ	গ	ঘ	১৫	ক	খ	গ	ঘ	১৬	ক	খ	গ	ঘ	১৭	ক	খ	গ	ঘ	১৮	ক	খ	গ	ঘ
	১৯	ক	খ	গ	ঘ	২০	ক	খ	গ	ঘ	২১	ক	খ	গ	ঘ	২২	ক	খ	গ	ঘ	২৩	ক	খ	গ	ঘ	২৪	ক	খ	গ	ঘ	২৫	ক	খ	গ	ঘ										

উত্তরমালা																														
	১	ঘ	২	খ	৩	ক	৪	গ	৫	ক	৬	ঘ	৭	খ	৮	গ	৯	খ	১০	ক	১১	গ	১২	ঘ	১৩	খ				
	১৪	গ	১৫	ক	১৬	ঘ	১৭	খ	১৮	ক	১৯	খ	২০	গ	২১	ঘ	২২	ক	২৩	গ	২৪	খ	২৫	ঘ						

১২৮ ✓ চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 1 3 6

সময় : ২৫ মিনিট | **পদার্থবিজ্ঞান ▼ বহুনির্বাচনি অভীক্ষা** | পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. কোন জোড়া বস্তুর তাপমাত্রিক ধর্ম?
ক আয়তন, বল
খ চাপ, ঘনত্ব
গ রোধ, ভর
ঘ বেগ, রোধকত্ব

২. নিচের কোন মাধ্যমে শব্দের বেগ সবচেয়ে কম?
ক পানি
খ প্রাকৃতিক গ্যাস
গ গ্লিসারিন
ঘ অ্যালকোহল

৩. দাঁত এবং কিডনীর পাথর অপসারণের কাজে কোন শব্দ ব্যবহার করা হয়?
ক যান্ত্রিক শব্দ
খ শ্রাব্যতার শব্দ
গ শব্দোত্তর শব্দ
ঘ শব্দেতর শব্দ

৪. দাঁতের চিকিৎসায় ব্যবহৃত দর্পণ কীরূপ বিম্ব গঠন করে?
ক বাস্তব ও বিবর্ধিত
খ অবাস্তব ও বিবর্ধিত
গ বাস্তব ও খর্বিত
ঘ অবাস্তব ও খর্বিত

৫. ভর পরিমাপের আদর্শ 'কিলোগ্রাম' নির্ধারণে যে সিলিন্ডার ব্যবহৃত হয়েছে তার ব্যাসার্ধ কত সে.মি.?
ক 1 খ 1.95
গ 3.3 ঘ 3.9

৬. নিচের কোনটি স্বাধীন রাশি?
ক বিভব পার্থক্য
খ ত্বরণ
গ পদার্থের পরিমাণ
ঘ বল

৭. গণিতের নতুন শাখা ক্যালকুলাস কে আবিষ্কার করেন?
ক গ্যালিলিও
খ আর্কিমিডিস
গ নিউটন
ঘ পিথাগোরাস

৮. মুক্তভাবে পড়ন্ত বস্তুর ক্ষেত্রে—
i. ত্বরণ অপরিবর্তিত থাকে
ii. বেগ সময়ের সমানুপাতিক
iii. সরণ সময়ের সমানুপাতিক
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ i ও ii ঘ i ও iii

৯. স্থির অবস্থান থেকে সুষম ত্বরণে চলমান বস্তুর—
i. বেগ সময়ের সমানুপাতিক
ii. বেগ দূরত্বের সমানুপাতিক
iii. অতিক্রান্ত দূরত্ব সময়ের বর্গের সমানুপাতিক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. একটি তরলপূর্ণ পাত্রের তলদেশে তরল দ্বারা প্রযুক্ত চাপ যে বিষয়ের উপর নির্ভর করে না—
ক অভিকর্ষজ ত্বরণ
খ তরল স্তম্ভের উচ্চতা
গ তরলের ঘনত্ব
ঘ তলদেশের ক্ষেত্রফল

১১. পানির উপরিতল থেকে একই গভীরতায় কোন জলাশয়ে বেশি চাপ অনুভূত হবে?
ক পুকুর খ নদী
গ সমুদ্র ঘ হাওড়

